চিকিৎসা-কোষ।

(সর্ব্বপ্রকার চিকিৎসা বিষয়ক
অপূর্ব্ব অভিধান।)

প্রথম সংস্করণ।

১৩ নং জোড়াবাগান ষ্ট্রীট্ কলিকাতা।

শ্রীপ্রসাদকুমার মুখোপাধ্যায় কর্ত্তৃক
প্রকাশিত।

Calcutta:

PRINTED BY NUNDO MOHUN BANERJEE & Co.
At The Full Moon Printing Works,
24, Beadon Street, E. C.

1894.

ভূমিকা।

সর্ব্বপ্রকার-চিকিৎসা-বিষয়ক একখানিও অভিধান না থাকাতে, আমি "চিকিৎসা-কোষ" প্রকাশে হস্তক্ষেপ করি। চিকিৎসা-বিষয়ক অভিধানের অভাবে অনেকের চিকিৎসাকার্য্যে বিশেষ ব্যাঘাত উপস্থিত হয়। এক ঔষধ ভিন্ন ভিন্ন নামে ভিন্ন ভিন্ন দেশে প্রচলিত আছে। এই পুস্তকের সাহায্যে প্রত্যেক ঔষধের ভিন্ন ভিন্ন নাম, তাহাদের গুণ, অগুণ, মাত্রা, প্রয়োগরূপ, প্রস্তুতপ্রণালী প্রভৃতি সমস্ত জ্ঞাতব্য বিষয় জানিতে পারিবেন। য়্যালোপ্যাথিক, বৈদ্যক, হোমিওপ্যাথিক, হাকিমী ও তান্ত্রিকমতের ঔষধাবলী ও সমস্ত রোগাদি "অ" "আ" আদি আভিধানিক বর্ণমালা অনুসারে দেওয়া হইয়াছে। আজ ৫ পাঁচ বৎসর যাবৎ বিপুল পরিশ্রম ও অর্থব্যয় করিয়া "চিকিৎসা-কোষ" প্রকাশ করিতে সমর্থ হইয়াছি।

য়্যালোপ্যাথিক চিকিৎসার যাবতীয় ঔষধের নাম, তাহাদিগের মাত্রা ও ব্যবহার-প্রণালী, কোন্ ঔষধের সহিত কোন্ কোন্ ঔষধ মিশ্রিত হইলে গুণের উৎকৃষ্টতা ও অপকৃষ্টতা প্রাপ্ত হয়, য়্যানাটমী, শারীরস্থান সম্বন্ধীয় সমস্ত কথার অর্থ, শরীরের ভিন্ন ভিন্ন ক্রিয়া, ধাত্রীবিদ্যা, অস্ত্রচিকিৎসা ও যাবতীয় রোগের লক্ষণ ইহাতে পাইবেন।

বৈদ্যক সম্বন্ধে সমস্ত ঔষধের যতপ্রকার নাম হইতে পারে (হিন্দি নাম পর্য্যন্ত) সমস্ত নাম, লিখিত হইয়াছে। সকল দ্রব্যের গুণ, ঔষধ সকলের পাকপ্রণালী, অনুপানাদি, ত্রিদোষের আখ্যা, রোগের উৎপত্তি প্রভৃতি বিষয় বিস্তৃতরূপে দেওয়া হইয়াছে।

হোমিওপ্যাথিক, তান্ত্রিক ও হাকীমীসম্বন্ধেও ঐরূপ ব্যবস্থা করা হইয়াছে।

মোট কথায় ইহা বলিলেই যথেষ্ট হইবে যে, যিনি যেপ্রকার চিকিৎসা-শাস্ত্র-গ্রন্থ পাঠকালে শব্দার্থ বুঝিতে না পারিয়া অসুবিধা বোধ করেন, তিনি এই গ্রন্থ দ্বারায় সকল বিষয়েই সাহায্য পাইবেন।

এক্ষণে এই পুস্তক দ্বারা গ্রাহকগণের কিঞ্চিৎমাত্র উপকার দর্শিলে শ্রম ও অর্থব্যয় সফল জ্ঞান করিব।

১৩ নং জোড়াবাগান ষ্ট্রীট, কলিকাতা, ১লা শ্রাবণ, ১৩০৯ সাল।

শ্রীপ্রসাদকুমার মুখোপাধ্যায়।
প্রকাশক।

সাঙ্কেতিক চিহ্ন।

পুংলিঙ্গ	পু।
স্ত্রীলিঙ্গ	স্ত্রী।
ক্লীবলিঙ্গ	ন।
তিন লিঙ্গ	ত্রি।

গ্রেণ	গ্রেঃ বা গ্রেং।
স্ক্রুপল	স্ক্রু।
ড্রাম	ড্রাং।
আউন্স	আং।
পাইণ্ট	পাইং।
পাউণ্ড	পাউঃ।

চিকিৎসা-কোষ।

অ।

অংশ, (Degree) তাপমান যন্ত্রের চিহ্নিত এক এক ভাগ বা খণ্ড।

অংশফলক, (Scapula) কাঁদুড়ীর পশ্চাৎ-ভাগের ত্রিকোণাকার চেপ্টা হাড়; স্কন্ধাস্থি।

অংশুক, তেজপত্র; (গুণ) তেজপত্র দেখ।

অংশুমৎফলা, কদলীবৃক্ষ।

অংশুমতী, শালপর্ণীবৃক্ষ।

অংশূদক, দিবাভাগে সূর্য্যকিরণে তপ্ত ও রাত্রিকালে চন্দ্রকিরণে শীতল জলকে অংশূদক কহে, উহা সর্ব্বরোগ নিবারক, দীপক ও বস্তিশোধক

অংহ্রিস্কন্ধ, গুল্ফ।

অকর্য্য, আমলকী; (গুণ) আমলকী দেখ।

অক্‌জিউরিস্‌ভারমিকিউলারিস্‌, (Oxyuris vermicularis) সূত্রবৎ ক্ষুদ্র ক্ষুদ্র ক্রিমি, সূত্রক্রিমি।

অক্‌জিটোসিক্‌, (Oxytocic) প্রসবকারক।

অক্‌জিমেল্‌, (Oxymel) সির্কামধু, সির্কা ও মধু মিশ্রিত একপ্রকার পদার্থ।

অক্‌জ্যালিক য়্যাসিড্‌, (Oxalic Acid) ব্রেউ-চিনি ও তৎসদৃশ দ্রব্য হইতে উৎপন্ন এক প্রকার বিষময় দ্রাবক।

অক্‌জেলুরিয়া, (Oxaluria) মূত্রে অক্‌-জ্যালিক্‌ য়্যাসিডের অবস্থান।

অকল্ট, (Occult) অদৃশ্য, গুপ্ত, যাহার করণাদি পরিজ্ঞাত হওয়া যায় না।

অকল্ট মেনেস্‌ট্রুয়েসন, (Occult menestruation) স্ত্রীজননেন্দ্রিয়ের নির্ম্মাণ-বিকার বশতঃ ঋতু শোণিত বাহির হইতে না পারিয়া জরায়ু বা যোনির অভ্যন্তরে উহার অবস্থিতি।

অকাল রজঃ, নির্দ্দিষ্ট সময়ের পূর্ব্বে রজঃ-প্রকাশ।

অকালবার্দ্ধক্য, উপযুক্ত সময়ের পূর্ব্বে বার্দ্ধক্যের লক্ষণাদির উপস্থিতি।

অকিউলস্, (Occulas) চক্ষু।

অকিউলার, (Occular) চক্ষুসম্বন্ধীয়।

অকিউলার স্পেক্‌ট্রাস, (Occular spectres) চক্ষুর সম্মুখে মক্ষিকা, জাল, রামধনু প্রভৃতি নানা আকারের কল্পিত পদার্থ দর্শন।

অকিউলিষ্ট, (Occulist) চক্ষুচিকিৎসক।

অকুপ্য, স্বর্ণ, রৌপ্য।

অকুপেসন্, (Occupation) ব্যবসায়।

অকোট্, গুবাক, সুপারি; (গুণ) গুবাক দেখ।

অক্রান্তা, বৃহতী; (গুণ) বৃহতী দেখ।

অক্লিকা, নীলীবৃক্ষ।

অক্লুজন্, (Occlusion) কোন প্রকার দ্বার, নালী, রক্তবহা নাড়ী বা গহ্বরের সম্যক্ বা কিয়দংশ অবরোধ।

অক্ষিকূটক, (Eye-ball) চক্ষুর ঢেলা।

অক্ষিকোটর, (Orbit) যে গর্ত্তে চক্ষু অবস্থিত।

অক্ষিগোলক, (Eye-ball), চক্ষুর গোলাকার অংশ।

অক্ষিপুট, (Eye-lid) চক্ষুর পাতা।

অক্ষিবীক্ষণ, (Ophthalmoscope) চক্ষু পরীক্ষার যন্ত্রবিশেষ; ইহার দ্বারা তারকামণ্ডলে আলোক প্রতিভাত হইয়া চক্ষুর অভ্যন্তর ভাগ দেখিতে পাওয়া যায়।

অক্ষিমুকুর, (Crystaline tens) চক্ষুর মধ্যস্থিত গর্ত্তের ন্যায় [illegible] মসুরদল পরিমাণ স্বচ্ছ ঝিল্লী; ইহার দ্বারা আলোক একত্রিত হইয়া দৃষ্টিক্রিয়া সমাধা পায়।

অক্‌সাইড্, (Oxyde) অন্য কোন প্রকার মূল পদার্থের সহিত অক্‌সিজনের মিশ্রণ; যথা অক্‌সাইড্ অফ জিঙ্ক্।

অক্‌সাইড্ অফ লেড্, (Oxide of lead) মুদ্রাশঙ্খ; (গুণ) সংকোচক ও অবসাদক।

অক্‌সি, (Oxy) উগ্রতা বা তীব্রতাবাচক উপপদ।

অক্‌সিক্রেট্, (Oxycrate) জল ও সির্কা মিশ্রিত এক প্রকার পদার্থ।

অক্‌সিজেন্, (Oxygen) স্বাদ, গন্ধ ও বর্ণ রহিত এক প্রকার বাষ্পাকার মূল পদার্থ; অম্লজান বায়ু। ইহা বায়ু ও জলের প্রধান উপাদান এবং জীবগণের জীবন ধারণের ও কোন বস্তুর দহন ক্রিয়ার মূল।

অক্‌সিডেসন্, (Oxydation) কোন ধাতু বা অন্য প্রকার বস্তু অম্লজান সহ যোগে জারণ প্রক্রিয়া।

অক্‌সিপট্ (Occiput) কপালের পশ্চাৎ ভাগ।

অক্‌সিপিটেল্ (Occipital) মাথার খুলির পশ্চাৎ দিকের ভাগ।

অঙ্কটোমি, (Oncotomy) অর্ব্বুদচ্ছেদ।

অখট্যা, পিয়ালগাছ;(গুণ) পিয়ালবৃক্ষ দেখ।

অখর, কার্পাসবৃক্ষ;(গুণ) কার্পাসবৃক্ষ দেখ।

অগজ, শিলাজতু, (গুণ) শিলাজতু দেখ।

অগরী, দেবতাড়বৃক্ষ।

অগরু, অগরুচন্দন; ইহা সুগন্ধযুক্ত, প্রমেহ-নাশক, স্নিগ্ধ, কামোদ্দীপক প্রভৃতি গুণ বিশিষ্ট।

অগরু তৈল, অগরুচন্দনের তৈল ; ইহা অর্শ, কুষ্ঠ, ক্রিমি, শুক্র, শ্লেষ্ম, মেদ ও বায়ু নাশক।

অগস্তি, বকবৃক্ষ।

অগস্তিপুষ্প, বকফুল ; ইহা শীত গুণযুক্ত, তিক্ত, কষায়, পাকে কটু, চাতুর্থক জ্বরের রাত্র্যন্ধতা, শ্লেষ্ম, বাত ও পিত্ত বিনাশক।

অগস্তিদ্রু, বকফুলের গাছ।

অগস্ত্য, বকবৃক্ষ।

অগুরু, শিশুগাছ, স্বনাম প্রসিদ্ধ সুগন্ধ কাষ্ঠ বিশেষ ; (গুণ) অগরু দেখ।

অগুরুশিংশপা, শিশুগাছ।

অগূঢ়গন্ধ, হিঙ্গু ; (গুণ) হিঙ্গু দেখ।

অগ্নি, চিত্রকবৃক্ষ, রক্তচিত্রক, ভল্লাতক, নিম্বুক, পিত্তবর্ণ, ক্ষুধা।

অগ্নিকাষ্ঠ, অগরু।

অগ্নিগর্ভ, অগ্নিজার বৃক্ষ, সূর্য্যকান্তমণি।

অগ্নিগর্ভা, মহা জ্যোতিবিশিষ্ট বৃক্ষ।

অগ্নিজ, অগ্নিজার বৃক্ষ।

অগ্নিজাত, ঐ।

অগ্নিজার, বৃক্ষবিশেষ।

অগ্নিজাল, অগ্নিজার বৃক্ষ।

অগ্নিজালা, জলপিপ্পলী, ধাতকী বৃক্ষ।

অগ্নিজিহ্বা, ঈশলাঙ্গলা।

অগ্নিদমনী, ক্ষুপবিশেষ।

অগ্নিদাহ, (Burns) অগ্নি বা কোন প্রকার উত্তপ্ত বস্তুসংস্পর্শে শরীরের কোন অংশ দগ্ধ হওয়া।

অগ্নিদীপ্তা, মহাজ্যোতিবিশিষ্ট বৃক্ষ বিশেষ।

অগ্নিনির্য্যাস, অগ্নিজার বৃক্ষ।

অগ্নিভ, স্বর্ণ।

অগ্নিমণি, সূর্য্যকান্ত মণি।

অগ্নিমন্থ, গণিকারিকা বৃক্ষ।

অগ্নিমান্দ্য, (Dyspepsia) অজীর্ণ রোগ।

অগ্নিমুখ, চিত্রক বৃক্ষ, ভল্লাতক।

অগ্নিমুখী, ভেলা, বিষলাঙ্গলা।

অগ্নিরজাঃ, ইন্দ্রগোপ নামক কীট।

অগ্নিরুহা, মাংসরোহিণী।

অগ্নিবল্লভ, শালবৃক্ষ, ধুনা।

অগ্নিবীজ, স্বর্ণ।

অগ্নিবীর্য্য, স্বর্ণ।

অগ্নিশিখ, কুসুম্ভ বৃক্ষ, কুমকুম্।

অগ্নিশিখা, বিষলাঙ্গলা, নটেশাক।

অগ্নিশেখর, কুম্‌কুম্।

অগ্নিসম্ভব, আরণ্য কুসুম্ভ।

অগ্নিসহায়, বন্য কপোত, বনপায়রা।

অগ্নিসার, রসাঞ্জন।

অগ্রপর্ণী, অজলোমা বৃক্ষ, আলকুশী।

অগ্রমাংস, উদর মধ্যবর্ত্তী মাংসবৃদ্ধিরূপ রোগ বিশেষ।

অগ্রলোহিতা, চিল্লীশাক।

অগ্রিমা, লবণীফল, লোনা।

অঙ্কপালী, রেদিকাখ্য গন্ধ দ্রব্য।

অঙ্কলোভ্য, চিঙ্কোটক বৃক্ষ, চেঁচ্‌কো।

অঙ্কোট্, আঁকড় বৃক্ষ।

অঙ্কোঠ, ধল্ আঁকড়া।

অঙ্কোল, ঐ।

অঙ্কোলক, ঐ।

অঙ্কোল্লসার, স্থাবর বিষভেদ।

অঙ্গক, অগুরুচন্দন।

অঙ্গগ্রহ, গাত্রবেদনা।

অঙ্গচ্ছেদ, (Amputation) অস্ত্রদ্বারা কোন অঙ্গ কাটিয়া পৃথক করিয়া ফেলা।

অঙ্গনাপ্রিয়, অশোকবৃক্ষ।

অঙ্গরক্ত, গুণ্ডা রোচনী বৃক্ষ।

অঙ্গলোভ্য, চিঙ্কাটক্ তৃণ।

অঙ্গারক, করণ্টক বৃক্ষ,ভৃঙ্গরাজ, ভীমরাজ ইতি ভাষা।

অঙ্গারক মণি, প্রবাল।

অঙ্গারপর্ণী, বামুনহাটী।

অঙ্গার পুষ্প, ইঙ্গুদী বৃক্ষ, জিয়াপুতা।

অঙ্গারমঞ্জী, করঞ্জ গাছ।

অঙ্গারমঞ্জরী, ঐ।

অঙ্গার বল্লরী, করঞ্জা বিশেষ কুঁচলতা, বামুনহাটী।

অঙ্গারবল্লী, মহা করঞ্জ, বামুনহাটী।

অঙ্গারিকা, ইক্ষুকাণ্ড, পলাস কলিকা।

অঙ্গুলীবেষ্ট, (Whitlow) আঙ্গুল হাড়া, অঙ্গল্যাঙ্কত (Percussion), শরীরের কোন স্থানে অঙ্গুলির দ্বারা আঘাত করিয়া সেই আঘাতের শব্দ শ্রবণে আভ্যন্তরিক যন্ত্রণাদির অবস্থা নিরূপণের প্রক্রিয়া।

অঙ্গুয়েণ্টম্, (Unguentum) মলম।

অঙ্গুষ্ঠ, (Toe) হস্ত বা পদের বৃদ্ধাঙ্গুলী।

অঙ্ঘ্রি, বৃক্ষমূল, চতুর্থাংশ, পদ।

অঙ্ঘ্রিপনী, চাকুল্যা।

অঙ্ঘ্রিবল্লিকা, ঐ।

অচলসন্ধি, (Aukylosis) সন্ধিস্থানের অচলতা।

অচ্যুতাবাস, অশ্বত্থবৃক্ষ।

অজ, ছাগ,

অজকর্ণ, অসনবৃক্ষ, পিয়াশাল গাছ।

অজকর্ণক, শালবৃক্ষ।

অজগন্ধা, বনযমানী।

অজগন্ধিকা, বর্ব্বরাবৃক্ষ, বাবুই তুলসী।

অজগন্ধিনী, অজশৃঙ্গীবৃক্ষ, তিত্‌কুঙ্গী।

অজগল্লিকা, (Strophulus) মুগের ন্যায় ছোট, শীতল, গ্রথিত, বেদনাশূন্য, পীড়াযুক্ত চর্ম্মরোগ।

অজঠা, ভূম্যামলকী।

অজড়া, আলকুশী।

অজথ্যা, স্বর্ণযুথিকা, সোনাযুঁই।

অজদন্তী, ব্রহ্মদন্তীবৃক্ষ।

অজভোক্ষ্য, বাবলা গাছ।

অজমোদা, বনযমানী, ক্ষেত্রযমানী, রাঁধুনী, খোরাসানীযমানী।

অজমোদিকা, যমানী।

অজয়া, সিদ্ধি।

অজরা, ঘৃতকুমারী, জীর্ণকণ্টিলতা।

অজলোমা, বৃক্ষবিশেষ, মেড়াশৃঙ্গী, তিত কুঙ্গি, শূয়া সিম্বি।

অজহা, শূকসিম্বি।

অজশৃঙ্গী, মেড়াশৃঙ্গী গাছ।

অজাগর, ভীমরাজ।

অজাজী, শ্বেতজীরক, কৃষ্ণজীরা, কাকো-দুম্বরিকা।

অজাদনী, ক্ষুদ্র দুরালভা।

অজান্ত্রী, নীলবুহ্না, বৃক্ষবিশেষ।

অজিনপত্রা, চামচিকা।

অজীর্ণ, (Indigestion) অপাক রোগ।

অজৈবনিক (Inorganic) জীবন সম্বন্ধীয় যন্ত্রশূন্য; যথা—খণীজ পদার্থ ইত্যাদি।

অজ্‌ঝটা, ভূঁই আমলা।

অঞ্জন, সৌবীরাঞ্জন, রসাঞ্জন, নেত্রপরিষ্কারক ঔষধ।

অঞ্জনকেশী, হট্টবিলাসিনী নামক গন্ধদ্রব্য।

অঞ্জনী, কটুকাবৃক্ষ, কালাঞ্জনী বৃক্ষ (Hordulum), চক্ষু পাতার প্রান্ত ভাগে ক্ষুদ্র ব্রণ।

অঞ্জনীকারিকা, লজ্জাবতি লতা।

অঞ্জলী, ৩২ তোলা পরিমাণ।

অঞ্জীর, আঁজীর, পেয়ারা।

অটপ্‌সি, (Autopsy) মৃতদৈহিক পরীক্ষা, অক্ষিসম্বন্ধীয় দর্শন।

অটফোমেনিয়া (Autophmania) আত্ম-হত্যা বিষয়ে উন্মাদ।

অটরূষ, বাসকবৃক্ষ।

অট্টহাসক, কুঁদফুলের গাছ।

অডিটরী, (Auditory) শ্রবণেন্দ্রিয় সম্বন্ধীয়।

অণু, ব্রীহি বিশেষ, সূক্ষ্মধান্য, চিনাধান্য

অণুকোষ, (Corpuscle) কণিকা, ক্ষুদ্রতম অংশ।

অণুরেবতী, দন্তীবৃক্ষ; (গুণ) দন্তী দেখ।

অণুবীক্ষণ, (Microscope) যে যন্ত্র দ্বারা চক্ষুর অগোচর সূক্ষ্ম সূক্ষ্ম বস্তু দেখা যায়।

অণুব্রীহি, প্রসাতিকা, সূক্ষ্মধান্য।

অণ্ড, ডিম্ব, মৃগনাভী।

অণ্ডক, অণ্ডকোষ।

অণ্ডকোটর পুষ্পী, অযাত্রী বৃক্ষ, নীলরাস্না, নীলরুহা।

অণ্ডকোষ, (Testicles) যে ডিম্বাকার গ্রন্থিদ্বয় দ্বারা পুরুষের শুক্র নিঃসৃত হয়, মুষক।

অণ্ডজা, মৃগনাভী।

অণ্ডপ্রদাহ, (Orchitis) অণ্ডকোষের প্রদাহ।

অণ্ডলাল, (Albumen) ডিম্বের ভিতরের শাদাবর্ণ লালার ন্যায় পদার্থ, উদ্ভিদ ও প্রাণীশরীরের উপাদান বিশেষ।

অণ্ডলাল—মূত্র, (Albuminuria) মূত্রে অণ্ডলালের ন্যায় বস্তুর অবস্থান।

অণ্ডাধর, (Overy) ডিম্বাশয়, স্ত্রীলোকের ডিম্বাধার দুইটী জরায়ুর উভয় পার্শ্বে অবস্থিত, উহাদের প্রত্যেকে দেড় ইঞ্চ লম্বা, পৌনে এক ইঞ্চ চওড়া এবং প্রায় অর্দ্ধ ইঞ্চ পুরু, ইহা জরায়ুর উভয় পার্শ্বে সরু ফাইব্রস্ কর্ড দ্বারা আবদ্ধ।

অণ্ডালী, ভূম্যামলকী।

অতরল, যাহা তরল বা গলিত নহে, কঠিন (Solid).

অতসী, কৃষ্ণপুষ্প, ক্ষুদ্র বৃক্ষ ভেদ, মসিনা।

অতসী তৈল, মসিনা তৈল; ইহা ঘন, মধুর, পিচ্ছিল, পাকে কটু, উষ্ণবীর্য্য এবং বাতশ্লেষ্মা নাশক।

অতিকন্দক, হস্তীকন্দবৃক্ষ।

অতিকেশর, কুব্জকবৃক্ষ।

অতিগন্ধ, ভূততৃণ, চম্পক, মুদ্গার বৃক্ষ, গন্ধক।

অতিগন্ধালু, পুত্রদাত্রী লতা।

অতিগুহা, ক্ষুদ্র চাকুলিয়া।

অতিচরা, পদ্মচারিণী বৃক্ষ, স্থলপদ্ম।

অতিচ্ছত্র, ভূততৃণ, জলতৃণ, লালবর্ণ কুলে খাড়া, কাটছাতি, ভুঁইছাতি, পোয়ালছাতি প্রভৃতি।

অতিচ্ছত্রক, ছাতারিয়া বিষ, ছত্রবৃক্ষ, ভূততৃণ।

অতিজাগর, নীলক্রৌঞ্চ, কলিবক।

অতিতান, (Sprain) মচ্‌কান।

অতিতীব্রা, গণ্ডদূর্ব্বা।

অতিদীপ্য, রক্তচিত্রক বৃক্ষ।

অতিপত্র, হস্তীকর্ণ বৃক্ষ শাক, হাতীকাণী ইতি ভাষা।

অতিবলা, পীতবর্ণ বেড়েলা, গোরক্ষ চাকুলে।

অতিমঙ্গল্য, বিল্ববৃক্ষ; (গুণ) বিল্ব দেখ।

অতিমাত্রা, (Over dose) পরিমিত অপেক্ষা অধিক পরিমাণ।

অতিমুক্ত, মাধবীলতা, তিনিশ বৃক্ষ।

অতিমুক্তক, তিনিশ বৃক্ষ, তিন্দুক বৃক্ষ, (তুঁদগাছ), গাবগাছ, পুষ্পবিশেষ, মল্লিনী।

অতিমুক্তক তৈল, গাবের তৈল; ইহার গুণ অক্ষ তৈলের ন্যায়।

অতিমোদা, নবমল্লিকা।

অতিরমা, যষ্টিমধু, মুর্ব্বা, রাস্না, লতাফট্‌কিরি।

অতিরোগ, ক্ষয়ব্যাধি; যথা—যক্ষ্মা ইত্যাদি।

অতিরোমশ, বন্যছাগ, বৃহৎবানর।

অতিলোমশা, নীলবুহ্না।

অতিবর্ত্তুল, বাঁটুলা কলাই।

অতিবিষা, আতইচ।

অতিগুপর্ণা, মুগানি।

অতিসাম্যা, লতা, যষ্টিমধু।

অতীসার, (Diarrhœa) বহু দ্রব মল নিঃসরণ রোগ।

অতুল, তিলবৃক্ষ।

অত্যন্ত স্থকুমার, কঙ্গুনি বৃক্ষ।

অত্যম্লতেঁতুল বৃক্ষায়।

অত্যম্লযার্ণী, লতাবিশেষ।

অত্যম্লা, মধুটাবা।

অত্যাল, লাল চিত্রক বৃক্ষ।

অত্যূহ, শেফালিকা, নীলিকা।

অদল, হিজল বৃক্ষ।

অদলা, ঘৃতকুমারী।

অদূরদৃষ্টি, (Miopia) রোগবিশেষ; ইহাতে চক্ষুর অতিশয় নিকট ভিন্ন কোন বস্তু দেখা যায় না।

অদৃষ্টরজস্কা, যে স্ত্রীলোকের ঋতু হয় না।

অদৈহিক, যে সকল ঔষধ শরীরের অভ্যন্তরস্থ অন্য পদার্থে কার্য্য করে, কিন্তু শরীরে নয় (Non-systematic.)

অদ্ভুতসার, খদির সার।

অদ্রিকর্ণী, অপরাজিতা।

অদ্রিকা, ঘোড়ানিম।

অদ্রিজ, শিলাজতু।

অদ্রিজা, সিংহল দেশীয় বৃক্ষ।

অদ্রিভূ, আখুকর্ণী লতা।

অদ্রিসার, লৌহ, তাম্র।

অধঃপতিত পদার্থ, তলানি, মূত্রাদি তরল পদার্থ কোন পাত্রে রাখিয়া দিলে তাহার তলায় যে গাঢ় বস্তু জমিয়া যায়।

অধঃপুষ্পী, গোজিহ্বা, চোর খড়িকা, তৃণ বিশেষ।

অধমবয়ঃ, ১৬ বৎসরের অধিক বয়োবিশিষ্ট অথচ দুর্ব্বল আবিংশতি পর্য্যন্ত যে কৃশদেহী, পূর্ণবয়ঃ প্রাপ্ত হইলেও তাহাকে অধমবয়ঃ বলা যায়।

অধস্ত্বাচপ্রক্ষেপ, এক প্রকার সূক্ষ্ম ও সূচ্যগ্র পিচকারী দ্বারা চর্ম্মের নীচে পিচকারী প্রদান (Hipodermic-ingection.)

অধিকার, ক্রিয়ার সীমা, যে সকল রোগে ঔষধের ক্রিয়া লাভ করা যায়, সেই সকল রোগকে উক্ত ঔষধের অধিকার বলে। ঐরূপ রোগের অধিকার কাল বুঝিতে হইবে।

অধিমার্গব, অথামর্গব বৃক্ষ, অপাঙ্গগাছ।

অধিমাংসক, দন্তরোগবিশেষ।

অধিশ্রয়ণ, (Focus) আলোকের কিরণ যে স্থলে একত্রে মিলিত হয়।

অধোঘণ্টা, আপাঙ্।

অধোজিহ্বিকা, আল্‌জিব।

অধোমুখা, গোজিহ্বা বৃক্ষ।

অধোবায়ু, অপান বায়ু।

অধ্যস্তা, আলকুশী, ভূম্যামলকী।

অধ্যমান, অজীর্ণসত্বে ভোজন।

অধ্যক্ষ, ক্ষীরিকা বৃক্ষ।

অধ্যাত্ম, আত্মসিম্বন্ধীয়।

অধ্বগভোগ্য, আম্রাতক বৃক্ষ।

অধ্বজা, সর্পলীবৃক্ষ।

অধ্বশল্য, অপমার্গ।

অধ্বন্তাশাএব, শ্যোনাকবৃক্ষ।

অনংশুমৎফলা, কদলী,

অনককাল্লিক, বিছুটী।

অনডুজিহ্বা, গোজিয়া লতা।

অনচ্ছ, (Opaque) অস্বচ্ছ।

অনদ্য, গৌর সর্ষপ, শাদা সরিষা।

অনন্ত, সিন্দুবার বৃক্ষ, নিসিন্দা গাছ, অভ্র।

অনন্তা, শ্যামালতা, অনন্তমূল, অগ্নিশিখা বৃক্ষ, দুর্ব্বা, পিপ্পলী, দুরালভা, হরিতকী, আমলকী, গুলঞ্চ, শাদা দুর্ব্বা, নীল দুর্ব্বা, অগ্নিমন্থ বৃক্ষ, স্বর্ণ ক্ষীরি।

অনবগাঢ়, যাহা অধিক গভীর নহে (Superficial)

অনল, চিত্রক, রক্তচিত্রক, অর্থাৎ—লাল চিতা, ভল্লুতক, পিত্ত।

অনলপ্রভা, জ্যোতিষ্মতী লতা।

অনতিপ্রবল, অনুগ্র, মৃদু।

অনলী, বকবৃক্ষ।

অনম্য, যাহা নত করা যায় না (Stiff.)

অনশন, অনাহার (Starvation.)

অনষ্ট্রাইপ্ট, অরেখ (মাংসপেশী Unstriped)

অনাক্রান্তা, কণ্টকারী লতা।

অনাক্ষ, নামহীন, অস্থিবিশেষ।

অনামাস্থী, অনাখ্যাস্থি; বস্তিকোটরের তিনখণ্ড নির্ম্মিত অস্থিবিশেষ।

অনার্য্যক, অগুরুকাষ্ঠ।

অনার্য্যজ, অগুরু।

অনার্য্যতিক্ত, চিরাতা।

অনিকিয়া, (Onychia) আঙ্গুলহাড়া। রোগ।

অনির্ম্মল্যা, পিড়িংশাক।

অনিলঘ্নক, বহেড়া।

অনীলাময়, বায়ুরোগ।

অনিষ্টা, নাগবলা, গোরক্ষ চাকুলে।

অনিক্ষু, ইক্ষুবিশেষ, খাগড়া আক।

অনীলা, অপরাজিতা।

অণীলাস্তক, ইঙ্গদীবৃক্ষ।

অনুকল্প, প্রতিনিধি (Substitute)।

অনুকল্পরজ, রজঃস্রাবের পরিবর্ত্তে স্ত্রীলোকের মুখ নাসাদি পথে রক্তস্রাব। (Vicarious menstruation)

অনুকূলা, দন্তী।

অনুজ, প্রপৌণ্ডরিক নামক গন্ধদ্রব্য।

অনুজা, গন্ধভাদুলে, বলাডুমুর, অনুদ্ধৃত ঘৃত তক্র, যে দধি মন্থন করিয়া আদৌ ঘৃত লওয়া হয় না। ইহা সর্ব্বাপেক্ষা বলকারক, কফাবহ, এবং ক্ষত, ক্ষীণ, আমদোষ, শোথ ও অতিসার রোগ জনক।

অনুপর্য্যায়, স্বল্প বিরাম (Remittent)

অনুপান, যাহার ঔষধ সেবন করা যায় বা যাহা ঔষধ সেবনান্তে পান বা লেহন করা যায়।

অনুপুষ্প, শর।

অনুপ্রস্থ, আড়া-আড়ি (Transverse.)

অনুপ্রস্থ পেশী, যে সকল পেশী আড়া-আড়ী ভাবে অবস্থিতি করে, (Transversalis.)

অনুলেপ, বর্ণকের ন্যায় লেপনীয় ঔষধ, (Paint.)

অনুবর্ত্তন, একটীর পর আর একটীর ব্যবহার করা।

অনুবন্ধী, হিক্কা, তৃষ্ণা।

অনুবাসন, বস্তিক্রিয়া বিশেষ, স্নেহবস্তি, সুগন্ধযুক্ত করা।

অনুশয়ি, ক্ষুদ্র রোগ বিশেষ।

অনুষ্ণ, উৎপল।

অনুষ্ণমল্লিকা, নীলদূর্ব্বা।

অনূপ, জলবহুল স্থান।

অনূপজ, আর্দ্রক, আদা।

অনূপভূমি, সজলদেশ, জলাভূমি (Marshy land.)

অনৈচ্ছিক, অনিচ্ছাসম্পন্ন, অসাড় (Involentery.)

অন্তঃকুটিল, শঙ্খ।

অন্তঃকোটাপুষ্পী, নীলবুহ্ণা।

অন্তঃস্বত্বা, ভল্লাতক, স্বসত্বা।

অন্তর্ব্বাহ, যদি কোন জন্তুর ঝিল্লির দুই পার্শ্বে এরূপ দুই প্রকার তরল দ্রব্য থাকে যে, তাহাদিগকে মিশাইলে মিশিতে পারে, আর যদি তাহাদের গাঢ়ত্বের তারতম্য থাকে, ঐ ব্যবধারক ঝিল্লির ভিতর তাহারা যে পর্য্যন্ত উভয় সমান গাঢ়ত্ব প্রাপ্ত না হয়, সে পর্য্যন্ত পরস্পর আকৃষ্ট হইয়া মিশ্রিত হইতে থাকে। ঔষধের ক্রিয়া প্রকাশের পক্ষে এ নিয়ম অতি প্রধান; (Endomosis.)

অন্তঃকোষ্ঠ, শরীরের আভ্যন্তরিক যন্ত্র বিশেষ।

অন্তঃপ্রবৃষ্ট, বসিয়া যাওয়া।

অম্লিকা, শাতোলা, চামার কষা,

অন্ত্যা, মুথা।

অন্যেদ্যুষ্ক, ঐকাহিক, প্রতিদিন বিরাম বিশিষ্ট যে জ্বরাদি রোগ প্রকাশ পায়।

অন্ধান্ত্র, বৃহৎ অন্ত্রের প্রথমাংশ; ইহার মুখে ছিদ্র আছে,ইহাকে অন্ধান্ত্র কহে। (Caecum.)

অন্তর্ব্বর্ত্তী ঔষধ, কোন ঔষধ প্রয়োগকালে তাঁহার মধ্যে যে অন্য ঔষধ ব্যবহার করা যায়।

অন্তর্ব্বলি অর্শ, যে অর্শের বলি বা মাংসাঙ্কুর গুহ্যের অভ্যন্তরে থাকে। (Internal Piles.)

অন্ধস্ফোটক, (Blind boil) যে স্ফোটক পাকেও না এবং পচেও না, ক্রমে বসিয়া যায়।

অন্ধার্শ, (Blind Piles) যে অর্শে রক্তাদি স্রাব হয় না।

অন্ননালী, (Alimentary canal) যে নলী দ্বারা ভুক্ত বস্তু উদরস্থ ও তাহার অসার ভাগ বহির্গত হয়।

অন্নরস, অন্ন পরিপাক হইয়া ক্ষুদ্রান্ত্রে যে দুগ্ধবৎ শুভ্র রস উৎপন্ন করে, উহা আচুষিত হইয়াই রক্ত জন্মে। অন্নরসবহনাড়ী (Thoracic duct) আচুষিকা নাড়ী সকলের প্রধান কাণ্ড।

অন্নরসোৎপাদন প্রক্রিয়া, (Chylification) যে ক্রিয়ার দ্বারা ভুক্ত অন্ন রসে পরিণত হয়।

অন্তরুৎসেক (অথবা) অন্তরুৎসেচন, (Termentation) বায়ু সহযোগে প্রাণী বা উদ্ভিদ পদার্থের জলীয়াংশের স্বাভাবিক পরিবর্ত্তন।

অন্ত্র, (Intestines) পাকস্থলী হইতে গুহ্যদ্বার পর্য্যন্ত বিস্তৃত নাড়ী, ইহা দুই ভাগে বিভক্ত, যথা—ক্ষুদ্রান্ত্র বা পক্বা-

শয় (Small Intestine) এবং বৃহদন্ত্র বা মলাশয় (Large Intestine); ইহা ৩০।৪০ ফিট্ দীর্ঘ হয়।

অন্ত্রচ্ছদ, যে মাস্তক ঝিল্লি দ্বারা উদরের অভ্যন্তর ভাগ ঢাকা আছে এবং অন্ত্রাদি যন্ত্র দ্বারা বেষ্টিত, তাহাকে অন্ত্রচ্ছদ, অন্ত্রবেষ্ট বা অন্ত্রাবরণ বলে।

অন্ত্রচ্ছদ প্রদাহ, (Peritonitics), অন্ত্রচ্ছদের প্রদাহ,কষ্টদায়ক পীড়া বিশেষ।

অন্ত্রপ্রদাহ, (Interities) অন্ত্রের প্রদাহ। লক্ষণ—জ্বর, উদর, বিশেষতঃ নাভির চারিদিকে অতিশয় যন্ত্রণাদায়ক অবিরাম জ্বালাজনক চাপনে বর্দ্ধনশীল বেদনা।

অন্ত্রপ্রবেশ, (Introsusception) অন্ত্রের আংশিক স্থান ভ্রষ্টতা ও উহার একাংশ সরিয়া উর্দ্ধস্থ বা নিম্নস্থ অপরাংশে প্রবেশ।

অন্ত্রবদ্ধ, অন্ত্রের একাংশ অন্যাংশে প্রবেশ।

অন্ত্রবৃদ্ধি, (Hernia) অন্ত্রের কোন অংশ উদর প্রচীরের ভিতর দিয়া বহির্গত হইয়া ফুলিয়া উঠিলে উহাকে অন্ত্রবৃদ্ধি কহে।

অন্ত্রবেষ্ট, (Peritoneum)"অন্তঃচ্ছদ" দেখ।

অন্ত্রবেষ্ট প্রদাহ, (Peritonites) অন্ত্রচ্ছদ প্রদাহ।

অন্ত্রাবরণ প্রদাহ, (Perotomtes) অন্ত্রচ্ছদ প্রদাহ।

অপকর্ষ, (Degeneration) কোন যন্ত্রের বিকৃতি প্রাপ্তি।

অপঘাতিক, (Tranmatic) অভিঘাতিক অর্থাৎ আঘাতাদি জনিত।

অপচী, গণ্ডমালা রোগে গ্রন্থি গুলি একভাবে থাকিয়া যদি পরিস্কার না হয়, তাহাকে অপচী বলে।

অপতন্ত্রক, (Apoplectic convulsion) ধনুষ্টঙ্কার রোগ, অপতর্পণ, লঙ্ঘন।

অপতানক, (Hysterical convulsion) গুল্মবায়ু জন্য আক্ষেপ।

অপত্যদা, গর্ভদাত্রী বৃক্ষ।

অপত্যপথ, (Vagina) প্রসবদ্বার।

অপত্যশত্রু, কাঁকড়া।

অপথ্য, পথ্য ভিন্ন, অহিত।

অপ্থ্যাল্মস্, (Opthalmos) চক্ষু।

অপ্থ্যালমিয়া, (Opthalmia) চক্ষু উঠা রোগ।

অপ্থ্যালমিয়া টার্সি, (Ophthalmia Tarsi) চক্ষের লোমের মূলে প্রদাহ। ইহাতে ক্ষুদ্র ক্ষুদ্র পূযপরিপূর্ণ গুটিকা জন্মে এবং তাহা হইতে পূয স্রাব হয়।

অপ্থ্যালমিয়া নিয়োনিটেরাম, (Ophthalmia Neonatorum) নবজাত শিশুর চক্ষুপ্রদাহ।

অপথ্যালমো স্কোপ, (Ophthalmo Scope) চক্ষুরোগ পরীক্ষার একপ্রকার যন্ত্র, অক্ষিবীক্ষণ।

অপব্যবহার, (Abuse) অতি মাত্রায় বা অনুপযুক্ত রূপে ঔষধাদির ব্যবহার।

অপরা, জরায়ু, স্ত্রীদিগের গর্ভকালে রজো-নিবৃত্তি।

অপরাজিত, রসুনিয়া ঘাস।

অপরাজিতা, স্বনামখ্যাত পুষ্পলতা বিশেষ; ইহা শ্বেত ও নীল দুই প্রকার হইয়া থাকে। (গুণ) শীতল, তিক্ত, বিষদোষ-নাশক, ত্রিদোষ প্রশমক, শোথ, কাশ নিবারক এবং কণ্ঠহিতকারী। (অন্যনাম)—অশনপর্ণী, শেফালি, শমী-ভেদ, সঙ্খিণী, হবুষাভেদ।

অপরিচালক, (Non-conductor) যে গুণ থাকাতে এক দ্রব্য বা দ্রব্যান্তর হইতে তেজ বা তড়িৎ সঞ্চারিত হয়, সেই গুণকে পরিচালকতা বলে, যে সকল দ্রব্যের এই গুণ নাই, তাহাদিগকে অপরিচালক কহে।

অপরিম্লান, রক্তাম্লান বৃক্ষ।

অপবিষা, নির্ব্বিষী তৃণ।

অপশোক, অশোকবৃক্ষ।

অপস্কর, বিষ্ঠা, পুরীষ।

অপস্মার, (Epilepsy) মৃগী রোগ।

অপস্মৃতি, মৃগীরোগ বিশেষ।

অপাঙ্গ, (Canthus) চক্ষুর কোণ।

অপাংপিত্ত, চিত্রকবৃক্ষ।

অপাংপুরীষ, সিকতা, বালুকা।

অপাক, (Indigestion) অজীর্ণতা।

অপাকশাক, আর্দ্রক।

অপাঙ্গক, অপাঙ্ বৃক্ষ।

অপান, মলদ্বার, গুহ্যদেশস্থ বায়ু।

অপামার্গ, আপাঙ্ গাছ; (গুণ) তিক্ত, কটু, কফনাশক, ধারক, বস্তিকারক।

অপায়, (Injury) উপঘাত।

অপারেশন (Operation) শস্ত্রক্রীড়া, ছুরিকাদি শস্ত্রদ্বারা শরীরের কোন অংশে ছেদনাদি ক্রিয়া।

অপিনস, পীনস রোগ।

অপুচ্ছা, শিংশপা বৃক্ষ।

অপুষ্পফলদ, কাঁঠাল বৃক্ষ, পুষ্প ব্যতীত যে সকল বৃক্ষের ফল জন্মে।

অপুরণী, শিমূল গাছ।

অপেত রাক্ষসী, তুলসী বৃক্ষ, বাবুইতুলসী।

অপডেল্‌ডক্, (Opodeldoc) সাবান, শোধিত সুরা, পরিশ্রুত জল এবং ঔষধ দ্রব্য মিশ্রিত করিয়া প্রস্তুত করিতে হয়।

অপোদিকা, পুতিকাশাক, পুঁইশাক।

অপ্রতিকার্য্য, অস্থিভগ্ন, সন্ধি বিচ্যুতি, অন্ত্রবৃদ্ধি প্রভৃতি যে সকল ব্যাধিকে প্রতীকার করা না যায়।

অপ্রবল রক্ত সঞ্চয়, (Passive Congestion) দৌর্ব্বল্য প্রযুক্ত শরীরস্থ যে সকল যন্ত্রের প্রতিক্রিয়া শক্তির ন্যূনতা জন্মে, যে সকল যন্ত্রে রক্ত সঞ্চয়।

অপ্রবৃদ্ধ, (Sub-acute) যাহা অতি প্রবল নয়।

অপ্রিয়, বেতস, শিঙ্গিমাছ।

অপ্রেশন, (Oppresion) রোগাক্রান্ত স্থানে গুরুত্ব অনুভব করা।

অপ্টিক্, (Optic) দর্শনসম্বন্ধীয়।

অপ্টিক-থ্যালেমস্ (Optic-thalamus) দর্শন স্নায়ুর মূল।

অপ্টিক-নার্ভ (Optic-nerve) দর্শন স্নায়ু।

অপ্টিকস্, (Optics) দৃষ্টি বিজ্ঞান, যে শাস্ত্রে আলোকের গুণ ও দৃষ্টি ক্রিয়াদির বিষয় বর্ণিত থাকে।

অফল, ঝাবুক বৃক্ষ।

অফলা, ভূম্যামলকী, ঘৃতকুমারী।

অফিসিন্যাল্ (Officinal) প্রসিদ্ধ চিকিৎসকদিগের আজ্ঞানুসারে যাহা প্রস্তুত করা যায় ও বিক্রয়ার্থে রক্ষা করা হয়।

অফেণ, অহিফেণ, আফিঙ্; (গুণ) সন্নিপাতনাশক, শুক্রবল ও মোহকারক; ইহা চারি প্রকার; যথা—

১। শ্বেতবর্ণ, অন্নজীর্ণকারক, নামজারণ;

২। কৃষ্ণবর্ণ, মৃত্যুকারক, নাম-মারণ;

৩। পীতবর্ণ, বয়ঃস্তম্ভনকারক, নামধারণ;

৪। কর্ব্বুরবর্ণ, মলসারক; নাম-সারণ।

অবকা, তৃণবিশেষ শেওলা।

আবকেশী, অফলবৃক্ষ।

অবগণ্ড, ব্রণবিশেষ, ফোড়া।

অব্জেকটিভ্, (Objective) রোগী না বলিলেও যে সকল লক্ষণ জানিতে পারা যায়।

অব্জ, পদ্ম, শঙ্খ, নিচুলবৃক্ষ।

অব্জভোগ, পদ্মকন্দ, বরাটক।

অব্জণী, পদ্মলতা,

অবটিরেটর মাসল্স, (Obturator-muscles) কোটিদেশস্থ মাংশপেশী বিশেষ।

অবদরণ, (Excoreation) হাজিয়া জাওন।

অবদ, মুথা।

অব্দসার, কর্পূর ভেদ।

অবধূরিত, (Sprincle) ক্ষতাদির উপর ধূলির ন্যায় ছড়াইয়া দেওয়া।

অব্ধিকফ, সমুদ্রের ফেণা।

অব্ধিফেণ, ঐ।

অব্ধিমণ্ডূকী, শুক্তি, ঝিনুক।

অবপাটিকা, (Paraphymosis) উন্টামুদা রোগ, যে রোগে লিঙ্গাবরক চর্ম্ম দ্বারা লিঙ্গমুণ্ড আবৃত হয় না।

অববাহুক (Stiff of shoulder-joint) বাতরোগ বিশেষ, যে রোগে স্কন্ধসন্ধি নোয়াইতে পারা যায় না।

অবরোহিণী, যে শীরা দ্বারা হৃৎপিণ্ডে রক্ত প্রত্যাবৃত হয় (Venacava.)

অব্‌লিক্, (Oblique) বক্র।

অবশীর্ষ, (Stooping) অবনত মস্তক।

অবষ্ট্রক্‌সন্, (Obstruction) প্রতিরোধ।

অবসটিট্রিক্‌স, (Obstetrics) ধাত্রীবিদ্যা।

অবষ্টিট্রিসিয়ান, (Obstetrician) ধাত্রি-বিদ্যা-পারদর্শী।

অবষ্টিপেশন্, (Obstipation) কোষ্ঠবদ্ধ বা মলের কঠিনতা।

অবষ্ট্রাক্‌টিভ্, (Obstructive) প্রতিরোধক।

অবষ্ট্রুয়েণ্ট, (Obstruent) শরীরস্থ প্রণালী বা নাড়ীর মুখরোধকারী ঔষধ।

অবসাদক, (Sedative) অবসন্নকারক, দুর্ব্বলকর।

অবসাদ বায়ু, (Hypochondriasis) স্নায়-বীয় রোগবিশেষ ; এই রোগে রোগী অকারণে আপনাকে নানা প্রকার রোগাক্রান্ত মনে করে এবং তজ্জন্য সর্ব্বদাই চিন্তিত ও দুঃখিত থাকে।

অবস্থান, (Position) শরীর যখন যে ভাবে থাকে।

অবারিত মূত্র, (Incontinence of urine) অনৈচ্ছিক মূত্রস্রাব অর্থাৎ ইচ্ছা না থাকিলেও আপনা হইতে মূত্রস্রাব।

অবাস্তব, (Imaginary) অপ্রকৃত, কল্পিত।

অব্যর্থ ঔষধ, (Specific) যে ঔষধে নিশ্চয় রোগ শান্তি হয়।

অব্যবহিত, (Immediate) অন্য পদার্থের মধ্যবর্ত্তীতা বিহীন, ঠিক পরেই।

অব্যায়ামী, (Sedentary) শারীরিক শ্রম হীন।

অভয়, বেনার মূল।

অভয় নৃসিংহ রস, ঔষধবিশেষ ; (প্রস্তুত প্রণালী) হিঙ্গুল, বিষ, ত্রিকুট, জীরা, সোহাগার খৈ, গন্ধক, অভ্র, পারদ প্রত্যেকে সমান ভাগ ; এই সকলের সমষ্টির সমান আফিঙ্গ ; লেবুর রসে মর্দ্দন করিয়া ১রতি প্রমাণ বটিকা করিবে। অনুপান—জিরার গুঁড়া মধু। অতিসার ও সংগ্রহ গ্রহণী রোগে ব্যবহার্য্য।

অভিচার, অপকার করণ জন্য শত্রু কর্ত্তৃক যজ্ঞ মারণাদি তান্ত্রিক প্রয়োগ বিশেষ; ইহা ছয় প্রকার যথা,—মারণ, মোহন. স্তম্ভন, বিদ্বেষণ, উচাটন, বশীকরণ।

অভিন্যাস জ্বর, (Ardent fever) প্রখর সূর্য্যোত্তাপে সমুৎপন্ন জ্বর বিশেষ; কম্প, প্রলাপ, তন্দ্রা প্রভৃতি ইহার লক্ষণ।

অভিমন্থ, চক্ষুরোগ বিশেষ ; ইহাতে তীব্র বেদনা, আরক্ততা প্রভৃতি লক্ষণ দেখিতে পাওয়া যায়।

অভিষঙ্গ, ভূতাদির আবেশ।

অভিষণী, (Yeast) মদের ফেণা।

অভিষব, কাঁজি।

অভিষুত, ঐ।

অভিষ্যন্দ, (Ophthalmia) অক্ষিপ্রদাহ, চোক উঠা ; এই রোগ বৈদ্যকে চতুর্ব্বিধ : বাতাভিষ্যন্দ, পিত্তাভিষ্যন্দ, কাফভিষ্যন্দ এবং রক্তাভিষ্যন্দ।

অভিষ্টা, রেণুকা নামক গন্ধদ্রব্য।

অভীরু, শতমূলী।

অভীরুপত্রী, ঐ।

অভেদ্য, হীরা, বজ্র।

অভ্যঙ্গ, (Liniment) অভ্যঞ্জন, তৈলাদির দ্বারা সর্ব্বশরীর মর্দ্দন ; অঞ্জননাদির লেপন, তৈলাদির অবশিষ্ট, তিলকল্ক।

অভ্যঞ্জন, অভ্যঙ্গ, তৈল।

অভ্যস্থ, তৈলকল্ক।

অভ্যুষ, ভর্জ্জিত হরিৎ যবাদি ; অগ্নিতে ঈষৎ দগ্ধ চুট্ চুট্ শব্দমান ; রোটি।

অভ্যোষ, অভ্যুষ।

অভ্র, অভ্র ধাতু ; মুথাঘাস, ভদ্রমুস্তক, বেতস বৃক্ষ।

অভ্রক, স্বনামখ্যাত ধাতুবিশেষ ; ইহার অন্যান্য নাম যথা ;—অভ্র, মেঘনাল, মেঘডাল, গিরিজ, অমল, গিরিজামল, গোর্য্যামল, গিরিজা জীব, গরজধ্বজ, শুভ্র, ঘন, ব্যোম, অব্দ, অভ্র, ভৃঙ্গ, অন্তরীক্ষ, আকাশ, বহুপত্র, স্বচ্ছপত্রখ, অনন্ত, গৌরীজ, গৌরীজেয়, অম্বর ; (গুণ) রসায়ন, স্নিগ্ধ, বল, বর্ণ, অগ্নিবর্দ্ধক, গুরু, কুষ্ঠ মেহ ত্রিদোষ নাশক।

অভ্রপুষ্প, বেতসবৃক্ষ।

অভ্রমাংসী, আকাশমাংশীলতা।

অভ্ররোহ, বৈদুর্য্য মণি।

অভ্রবাটিক, আম্রাতিক, আমড়া।

অমঙ্গল, এরণ্ড বৃক্ষ।

অমণ্ড, (Castor) ভেরাণ্ডাগাছ।

অমর, কুলিশ বৃক্ষ, পারদ, স্বর্ণ, বজ্রদ্রুম, বজ্রকটক ; এই বৃক্ষ ছিন্ন হইলেও পুনঃ পুনঃ বৃদ্ধি পায়, কখন শুষ্ক হয় না। দেবদারু বৃক্ষ।

অমরজ, হুখ্দির বৃক্ষ।

অমরদারু, দেবদারু গাছ।

অমরপুষ্পক, কাশতৃণ, কেশে।

অমরবল্লী, আকাশ বল্লী, অমরবেল্ল।

অমরা দুর্ব্বা, গুড়চি, রাখাল শশা, বটবৃক্ষ, মহানীলি বৃক্ষ, ঘৃতকুমারী (placenta) গর্ভের ফুল, রক্তবহা নাড়ীময় স্পঞ্জের মত আকৃতি বিশিষ্ট যে পদার্থ দ্বারা

জননীর রক্তবহা নাড়ীর গর্ভস্থ জ্রূণ সংযোজিত থাকে।

অমল, সমুদ্র ফেণ, অভ্র ধাতু।

অমলকী, ভূম্যামলকী।

অমলা, সাতলা বৃক্ষ, ভূম্যামলকী, নাভী নালা।

অমিশ্র আরক, (Mather Tincture) আদৎ আরক, যাহা হোমিওপ্যাথিকে ক্রম বা ডাইলিউশনে আনিত হয় নাই।

অমূলা, বিষালাঙ্গলা বৃক্ষ, অগ্নিশিখা বৃক্ষ।

অমৃত, বিষমাত্র, শৃঙ্গীবিষ, বৎসনাভ, পারদ, ঔষধ দুগ্ধ, ঘৃত, স্বর্ণজল, বারাহিকন্দ, বনমুদ্গ, গুলঞ্চ।

অমৃতজটা, জটামাংসী।

অমৃতফল, পারাবৎবৃক্ষ, পটোল, নাসপাতী; (গুণ) লঘু, সুস্বাদু, ত্রিদোষনাশক।

অমৃতফলা, দ্রাক্ষা, আমলকী।

অমৃতবল্লী, গুলঞ্চ, গুড়চী।

অমৃতরসা, কপিলদাক্ষা, পক্কান্ন।

অমৃতসংবাব, পক্কান্ন বিশেষ; (গুণ) স্বাদু, পিত্তঘ্ন, মধুর।

অমৃতসম্ভবা, গুলঞ্চ।

অমৃতসারজ, খাঁড় গুড়।

অমৃতস্রবা, রুদন্তী বৃক্ষ, লতাবিশেষ, সিত লতা

উদ্বেলীক, ঘণবল্লীকা, বৃক্ষারুহাং; (গুণ) পথ্য, ঈষৎ তিক্ত, রসায়ন, ব্রণনাশক।

অমৃতা, গুলঞ্চা, মদিরা।

অমৃতফল, পটোল।

অমৃতাসঙ্গ, তুঁতিয়া বিশেষ।

অমৃতাধ, লঘু বিল্বফলাকৃতি খোরাসান দেশীয় নাশপাতি নামক ফল।

অমৃতোৎপন্ন, কর্পরীতুল্য।

অমৃতোদ্ভব, ঐ।

অমোঘা, পাটলী বৃক্ষ, বিড়ঙ্গ, হরিতকী, পারুল গাছ, অম্বক, তাম্র।

অম্বর, কার্পাস, স্বনামখ্যাত গন্ধদ্রব্য, অভ্র।

অম্বরীষ, অম্রাতক বৃক্ষ, আমড়া গাছ, অম্র-লোনী, আমরুল, বাঙ্গেরী, চুকা, ক্ষুপ-বিশেষ, আমড়া, মাচিকা, পাঠা, পাহাড়মূল।

অম্বষ্ঠা, আকনাদি, ব্রহ্মণী, বামুনহাটী।

অম্বষ্ঠকী, আকনাদি, নিমুখিলতা।

অম্বষ্ঠা, ক্ষুপবিশেষ, আকনাদি, আমরুল, যূঁই।

অম্বষ্ঠী, আকনাদি।

অম্বা, অম্বষ্ঠালতা।

অম্বালিকা, অম্বষ্ঠা।

অম্বিকা, কটুকী।

অম্বিলিকস্, (Umbilicus) নাভি, নাই।

অম্বিলিক্যাল্, (Umbilical) নাভিসম্বন্ধীয়।

অম্বিলিক্যাল কর্ড, (Umbilical cord.) অম্বু, বালা, জল।

অম্বুকেশর, ছোলঙ্গ লেবুর বৃক্ষ।

অম্বুচামর, শৈবাল, জলকুণ্ডল।

অম্বুজ, পদ্ম, হিজল বৃক্ষ।

অম্বুতাল, শৈবাল।

অম্বুদ, মুস্তক, অভ্র।

অম্বুধিস্রবা, ঘৃতকুমারী।

অম্বুপ, চাকুন্দাবৃক্ষ।

অম্বুপত্রা, উচ্চটা বৃক্ষ, মুস্তক, রক্ত গুঞ্জলতা।

অম্বুপ্রসাদ, নির্ম্মলী, যাহার দ্বারা জল স্বচ্ছ হয়।

অম্বুপ্রসাদন, জম্বীর।

অম্বুভৃৎ, মুস্তক, অভ্রক।

অম্বুমাত্রজ, শম্বুক।

অম্বুরুহা, স্থলপদ্মিনী।

অম্বুবাদিনী, পাটলা, পটলী, বালা, রক্ত-পুষ্পী, কৃষ্ণবৃন্তা, মোঘা।

অম্বুবাসিনী, পাটলাবৃক্ষ।

অম্বুবাহ, মুস্তক, অভ্রধাতু।

অম্বুবেতস, জলবেতস, পরিব্যাধি. বিদুল, নাদেয়ী।

অম্বুশিরীষিকা, জলশিরীষ বৃক্ষ; (গুণ) কুষ্ঠ-অর্শনাশক, ত্রিদোষঘ্ন।

অম্বুসর্পিণী, জলৌকা, জোঁক।

অম্ভ, জল, বালা।

অম্ভসার, মুক্তা।

অম্ভোজ, পদ্ম, কর্পূর, শঙ্খ।

অম্ভোজিনী, পদ্মলতা।

অম্ভোধ, মুথা।

অম্ভোধর, মুস্তক, মেঘ।

অম্ভোধিপল্লব, প্রবাল, পলা।

অম্ভোধিবল্লভ, ঐ, ঐ।

অম্ভোমুক, ঐ, ঐ।

অম্র, আম্রবৃক্ষ।

অম্রাত, আম্রাতক বৃক্ষ।

অম্রাতক, ঐ।

অম্ল, অম্লরস, স্বনাম খ্যাত রস; (গুণ) শাকের ন্যায় দোষকারক, হৃদ্য, রুচি-অগ্নি-মাংসকারক, শীতল, বায়ু-নাশক, স্নিগ্ধোষ্ণ, পাচক, পিত্তশ্লেষ্ম ক্লেদকারী, লঘু, বায়ুনাশক।

অম্লক, লোকুচ বৃক্ষ, মাদার।

অম্লকা, অম্লবেতস।

অম্লিকা, চাঙ্গেরী, চুকা, তিন্তিড়ী, চিঞ্চা।

অম্লকুচি, বৃক্ষবিশেষ।

অম্লকাণ্ড, লবণতৃণ।

অম্লকেশর, মাতুলঙ্গ বৃক্ষ, গোঁড়ালেবু।

অম্লকেশরী, নিম্বুবৃক্ষ।

অম্লগন্ধী, অম্লগন্ধবিশিষ্ট।

অম্লগোরস, তক্র, ঘোল।

অম্লচুঞ্চিকা, চুকাপালঙ্।

অম্লচূড়, অম্লশাক।

অম্লজম্বীর, গোঁড়ালেবু।

অম্লযান, (Oxygen) অক্সিজেন দেখ।

অম্লনায়ক, অম্লবেতস।

অম্লনিশা, শঠী।

অম্লপঞ্চফল, ১। কোল, ২। দাড়িম, ৩। তেঁতুল, ৪। চুকাপালঙ, ৫। অম্লবেতস; (মতান্তরে) ১। জম্বীর, ২। নারঙ্গ, ৩। অম্লবেতস, ৪। তেঁতুল, ৫। টাবালেবু।

অম্লপত্র, অশ্মন্তক বৃক্ষ।

অম্লপত্রী, পলাশীলতা, চুকা।

অম্লপাদপ, কোকম্বীবৃক্ষ।

অম্লপিত্ত, (Acidity) অম্লের পীড়া।

অম্লপিষ্ট, আমরুল শাক।

অম্লপুষ্পিকা, রানতাগ বৃক্ষ।

অম্লপূর, তেঁতুল।

অম্লফল, ঐ।

অম্লভেদন, অম্লবেতস।

অম্লরুহা, নাগবল্লী ভেদ; (গুণ) সুতীক্ষ্ণ, মধুর, রুচিকর, শীতল, দাহনাশক, পিত্তোদ্রেকহর, অগ্নিবল-সুখামোদ-শ্রী-সৌভাগ্যবর্দ্ধক।

অম্ললোনিকা, আমরুল, (গুণ) বায়ু-কফ-অগ্নিদীপক, গ্রহণী রোগে হিতকর।

অম্ললোলিকা, আমরুল শাক।

অম্লবতী, ঐ।

অম্লবর্গ, অম্লগণ যথা;—দাড়িম্ব, আমলকি, মাতুলঙ্গ, আম্রাতক, কপীথ (কতবেল), করমর্দ্দ (করঞ্জ), বদর (কুল), প্রাচীনাম্লক, তিন্তিড়ীক, চিকা, পারাবৎ, বেত্রফল, লকুচ, অম্লবেতস, দন্তধট, দধি, তক্র, সুরা, সুক্ত, সৌবীরক, তুষোদক, ধান্যাম্ল।

অম্লবল্লী, ত্রিপর্ণিকা নামক কন্দবিশেষ।

অম্লবাটক, আমড়া; (গুণ) কটু, অম্ল, তিক্ত, রুক্ষ, মুখপাককারক, বিদাহপিত্তরক্ত প্রকোপক, বিষ্টম্ভদায়ক, বায়ুনাশক।

অম্লবাতক, আম্রাতক, আমড়া।

অম্লবাস্তুক, চুকাশাক।

অম্লবিদুল, অম্লবেতস।

অম্লবীজ, তেঁতুল।

অম্লবেতস, স্বনামখ্যাত অম্লরস বৃক্ষবিশেষ; (গুণ) অত্যম্ল, কষায়, উষ্ণ, বায়ুকফনাশক, শ্রমগুল্মনাশক, রুচিহর।

অম্লশাক, চুকাশাক; (গুণ) অতিশয় অম্ল, যাতণানাশী, কফদাহ-হারক, সমান পরিমাণ শর্করা করিলে দাহ পিত্ত কফ নাশক হয়।

অম্লসার, কাঞ্জিক।

অম্লবেতস, নিম্বুক, হিন্তাল।

অম্লস্তনিকা, তিন্তিড়ী বৃক্ষ।

অম্লহরিদ্রা, শঠী, আম-আদা।

অম্লা, তেঁতুল।

অম্লাঙ্কুশ, অম্লবেতস।

অম্লাটন, ফুরণ্ট বৃক্ষ।

অম্লাতক, অম্লাটন বৃক্ষ।

অম্লাদন, অম্লাটন; (গুণ) কষায়, উষ্ণ, স্নিগ্ধ, স্বাদু, তিক্ত।

অম্লাধ্যষিত, নেত্ররোগবিশেষ।

অম্লান, মহসহা বৃক্ষ, আমলা।

অম্লানি. নলিনী, পদ্মযুক্ত স্থান।

অম্লিকা, তিন্তিড়ী, পলাস লতা।

অম্লিকাবাটক, অম্লবড়া।

অম্লী, আমরুল।

অম্লীয়, অম্লবেতস।

অম্লোটক, অম্লচুকাই।

অম্লোটজ, আমরুল।

অম্লোদ্গার (Acid Eructation) চুকা টেঁকুর।

অয়ঃ, লৌহ।

অয়ঃকিট্ট, লৌহমল।

অয়ঃপত্র, পত্রাকৃতিবিশিষ্ট লৌহ।

অয়ঃপাত্র, লৌহনির্ম্মিত পাত্র।

অয়ঃপিণ্ড, গোলাকৃতি লৌহ।

অয়স্কান্ত, কান্ত লৌহ; (গুণ) তীক্ষ্ণ উষ্ণ, রুক্ষ, পাণ্ডুশোথকফপিত্তহর, রসায়ন, অনুত্তম; ইহা চারিপ্রকার— ভ্রামক, চুম্বক, রোমক এবং স্বেদক।

অয়ুকচ্ছদ, ছাতিমগাছ।

অযুক্তচ্ছদ, ঐ।

অয়েণ্টমেণ্ট (Ointment) মলম।

অয়েল (Oil) তৈল।

অয়োগুড়, গোলাকার লৌহপিণ্ড বিশেষ।

অয়োমল, (Rust) লৌহমল, মণ্ডুর; (বৈদ্যকে গুণ) শতবৎসর পুরাতন হইলে অত্যুৎকৃষ্ট, অশীতিবর্ষে মধ্যম, ষাটী বর্ষে অধম গুণবিশিষ্ট, তাহা অপেক্ষা অল্প বৎসরের হইলে বিষতুল্য।

অয়োরজঃ, ঐ।

অরক, শৈবাল, পর্পটক।

অরগ্বধ, সোঁদালি।

অরণা, মহীষ।

অরণি, (হিন্দুস্থানী) গণিয়ারী।

অরণিকেতু, গণিকারিকা।

অরণ্য, কটফল বৃক্ষ।

অরণ্যকদলী, পাহাড়িয়া কলা।

অরণ্যকার্পাসী, বনকাপাস; (গুণ) হিম, রুক্ষ, ব্রণ ও শস্ত্রজনিত ক্ষতনাশক।

অরণ্য কক্কুট, বনমোরগ।

অরণ্যকুলত্থিকা, বনকুলথি।

অরণ্যকুস্তুম্ব, বনকুস্তুম্ব বৃক্ষ, অগ্নিসম্ভব, কৌস্তুম্ব; (গুণ) পাচক কটু, শ্লেষ্ম-নাশক, জঠরাগ্নি বিবর্দ্ধক।

অরণ্যঘোলী, ঘোলমউনি শাক।

অরণ্য চটক, বনচটক: ; (গুণ) শীতল, লঘু, শুক্রবৃদ্ধিকারক, বলপ্রদ।

অরণ্যজাদ্রকা, বন আদা; (গুণ) ঐন্দ্র শব্দ দেখ।

অরণ্যজীর, বনজীরা।

অরণ্য তিল, বনতিল, যে তিল বনে জন্মে।

অরণ্যতুলসি, বনতুলসী।

অরণ্য ধান্য, উড়িধান।

অরণ্যমক্ষিকা, ডাঁশ।

অরণ্য মার্জ্জার, বনবিড়াল।

অরণ্য মুদ্গ, বনমুগ।

অরণ্যবাসিনী, অত্যম্লপর্ণী লতা।

অরণ্যবাস্তুক, বনে জন্মে যে বেতোশাক।

অরণ্য শূরণ, বুণো ওল।

অরত্নি, কর্পূর।

অরলু, শ্যোনাক বৃক্ষ।

অরবিন্দ, রক্তকমল, নীলোৎপল, তাম্র, সারস পক্ষী।

অরম (Aurum) স্বর্ণ, সোণা।

অরা (Aura) নিম্নাঙ্গ হইতে উর্দ্ধদিকে সড় সড় অনুভব, মৃগী বা গুল্মবায়ু আক্রমণের পূর্ব্বে এইরূপ হয়।

অরলু (হাকিমী), নাওসোনা।

অরাল, সর্জ্জরস, ধূনা।

অরি, তিক্ত খদির; (গুণ) কষায়, কটু, তিক্ত, রক্তপিত্তহর, পিত্তনাশক।

অরিকিউলার, (Auricular) কর্ণ বা হৃৎ-কর্ণ সম্বন্ধীয়।

অরিকিউলো, (Auriculo) বাহ্যকর্ণের যে অংশ মস্তকের পার্শ্ব হইতে বর্দ্ধিত, হৃৎপিণ্ডের পেশীময় গহ্বর দুইটী, হৃৎকর্ণ, হৃৎকোষ।

অরিজিন, (Origin) মূল, বনিয়াদ।

অরিতাল, হরিতাল।

অরিম, বিট খদির।

অরিমর্দ্দ, কালকাসন্দা।

অরিমাশন, খদির বৃক্ষ।

অরিমেধ, গুয়ে বাবলা; (গুণ) কষায়, উষ্ণ, তিক্ত, ভূতবিনাশক, শোথ অতিসার কাশ বিষ বৈসর্পনাশক।

অরিমেদক, ক্রিমিবিশেষ।

অরিয়ম টিনিটস্ (Auriumtinnitus) কর্ণনাদ।

অরিষ্ট, (Tincture) পরিশ্রুত সুরায় কোন ঔষধ দ্রব্য ভজাইয়া রাখিলে যে দ্রব্য প্রস্তুত হয়, আরক; (বৈদ্যকে গুণ) অর্শ, শোথ, গ্রহণী, কফরোগ নাশক। মৃত্যুচিহ্ন, মৃত্যুলক্ষণ।

aurist কর্ণচিকিৎসক।

অরিষ্টক, ফেণিল বৃক্ষ, রিটা।

আরিষ্ট পত্র, নিম্ববৃক্ষ।

অরিষ্টফেনিল, বৃক্ষবিশেষ।

অরিষ্ট লক্ষণ, (Primonitory symptoms of death) মৃত্যুর পূর্ব্ব-লক্ষণ।

অরিস, (auris) কর্ণ।

অরিষ্টা, কটুকি, কট্‌কী।

অরুণিমা, (Erythema) ইরিথিমা দেখ।

অরুংষিকা, ক্ষুদ্র রোগ বিশেষ, মস্তকের বিষফোটক।

অরুঃ, রক্তক্ষদির।

অরুজ, আরগ্বধ বৃক্ষ, সোঁদালগাছ।

অরুণ, অর্ক বৃক্ষ, পুন্নাগ বৃক্ষ, শ্যোনাক বৃক্ষ, কেলেকড়া।

অরুণা, আতইচ, শ্যামা, মঞ্জিষ্ঠা, ত্রিবৃতা, ইন্দ্রবারুণি, গুঞ্জা, মুণ্ডিতিকা।

অরুণোপল, পদ্মরাগ মণি বিশেষ, চুণি, লোহিতক, লক্ষ্মীপুষ্প।

অরুষ্ক, ভল্লাতক, ভ্যালাগাছ।

অরুস্কর, ভ্যালা ফল।

অরুষজ, (হাকীমি) বাসক।

অরুসিকা, অতি পীড়াকর ব্রণ রোগ-বিশেষ. (Porrigo) মস্তকের উপর বহুমুখযুক্ত ও বহুচ্ছেদ যুক্ত ব্রণ সকল।

অরুহা ভূধাত্রী, ভূঁই আমলা।

অরোচক, রোগবিশেষ, অরুচি রোগ; বৈদ্যকে ইহা পাঁচ প্রকার, যথা—বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, আগন্তুক এবং ত্রিদোষজ।

অর্ক, স্ফটিক, আকন্দবৃক্ষ; (গুণ) কটু, উষ্ণ, অগ্নিকারক, বাত শোথ ব্রণ নাশক, কুষ্ঠ কৃমিনাশক, কফদোষ নাশক ও তীক্ষ্ণ। (ক্ষির, আঠা) গুণ,—কৃমিদোষনাশক,ব্রণনাশক,কুষ্ঠ, অর্শ এবং উদর রোগে হিতকারী।

অর্কক, নির্য্যাসবিশেষ, আরক, ক্বাথ।

অর্ককর, ক্বাথনির্ম্মাণকারক,ঔষধ নির্য্যাস-বিশেষ জনক।

অর্ককর্ষ, অর্কনিষ্কাষণ কার্য্য, ক্বাথনিঃসরণ ক্রিয়া।

অর্ককান্তা, হুরহুরা।

অর্ককুসুম, আকন্দ ফুল; (গুণ) শুক্ল কুসুম,—বৃষ্য, লঘু দীপন, অরোচক প্রসেকার্শ, শ্বাসকাশ নিবারক। লোহিত পুষ্প—মধুর, তিক্ত, কুষ্ঠ ক্রিমি নাশক, কফঘ্ন, অর্শবিষনাশক, রক্ত-পিত্তসংগ্রাহী গুল্মে উপকারী।

অর্কক্ষীর, আকন্দের আটা।

অর্কচন্দন, রক্তচন্দন।

অর্কনামা রক্তার্ক বৃক্ষ।

অর্কপত্র, আকন্দগাছ, ঈশের মূল; (গুণ) বিষনাশক।

অর্কপন, আকন্দ, মন্দার বৃক্ষ।
অর্কপাদপ, নিমগাছ।
অর্কপুষ্পিকা, বৃক্ষবিশেষ।
অর্কহুলি, হুলিপুষ্প, পয়স্যা, সূর্য্যপল্লী, শীতপর্ণা।
অর্কপুষ্পী, কুটুম্বিনী, পয়স্যা; (গুণ) মধুর, সংগ্রাহী রক্তপিত্ত ব্রণ, রক্তদোষ কণ্ডুয়ন নাশক, রসায়ন।
অর্কপ্রিয়া, যবা বৃক্ষ।
অর্কভক্তা, হুরহুরিয়াগাছ।
অর্কমূলা, ঈশের মূল, অর্কপত্রা।
অর্কযন্ত্র, ঔষধিক্কাথ নিষ্কাষণ যন্ত্র, পাকযন্ত্র।
অর্কবল্লভ, বন্ধুক বৃক্ষ, পদ্ম।
অর্কবেধ, তালীশপত্র।
অর্কহিতা, হুরহুরিয়া।
অর্কাঘাত, (Sunstroke) সর্দ্দিগর্ম্মি রোগ।
অর্কাহ্বা, আকন্দ বৃক্ষ, লাল আকন্দ।
অর্কিস্ (Orchis) অণ্ডকোষ।
অর্কোপল, সূর্য্যকান্ত মণি, চুনি।
অর্গ্যান্, (Organ) যন্ত্র; প্রাণীদেহ রক্ষার্থ বিশেষ বিশেষ প্রয়োজনীয় ক্রিয়া সম্পাদক শরীরের ভিন্ন ভিন্ন অংশ, যথা—ফুসফুস্, হৃৎপিণ্ড, যকৃত ইত্যাদি।
অর্গ্যানিক্ ডিজিজ্ (Organic disease) যে রোগে কোন শারীরিক যন্ত্রের বিকৃতি জন্মে।
অর্গ্যানাইজ্ড, (Organised) জীবনের ক্রিয়া বিশেষ।
অর্গ্যানিজম্, (Organism) সমস্ত জীব-দেহস্থ যন্ত্রের নির্ম্মান ও ক্রিয়ার নিয়ম।
অর্গ্যাজম্, (Orgasm) অত্যন্ত উত্তেজন, কামানল।
অর্ঘ্য, মধুবিশেষ; (গুণ) চক্ষুর ও আয়ুর হিতকর এবং আমবাত কফপিত্ত নাশক।
অর্জক, শ্বেতপর্ণাস, বাবুই তুলসী; (গুণ) কটু, উষ্ণ, কফ বাত আমর নেত্ররোগ নাশক, রুচিকারক, সুখপ্রসবকারক।
অর্জ্জুন, চক্ষুরোগ বিশেষ, আর্জ্জুনি, স্বনামখ্যাত বৃক্ষ বিশেষ, অর্জ্জুনগাছ; (গুণ) ক্ষত ভগ্ন রক্তস্তম্ভক মূত্রকৃচ্ছ্র রোগে পথ্য; কষায়, উষ্ণ, ব্রণশোধক, কফ পিত্ত শ্রম তৃষ্ণা নাশক, বায়ু-রোগ প্রকোপক।
অর্জ্জুনঘৃত, ঘৃতবিশেষ; প্রস্তুত প্রকরণ যথা—ঘৃত ৪সের, অর্জ্জুন ছাল /৮সের, জল ৬৪ সের, শেষ ১৬ সের; কল্ক-অর্জ্জুনছাল ১ সের; এই ঔষধ সকল প্রকার হৃদরোগে ব্যবহেয়।
অর্জ্জুনোপম, সেগুণ, মহাপত্রাক্ষ বৃক্ষ।

অর্জ্জুনপাকী, শ্বেতপাকী লতা বিশেষ।

অর্জ্জুনশালী, একপ্রকার ধান্য বিশেষ।

অর্ণ, শাক, জল।

অর্ণবজ, সমুদ্রফেণ।

অর্ণবোদ্ভব, অগ্নিজার বৃক্ষ।

অর্ণোদ, মুথা।

অর্ণোভব, শঙ্খ।

অর্ত্তগল, নীলঝিণ্টিকা।

অর্ত্তিক, পিষ্টকবিশেষ।

অর্থপনিয়া, (Orthopnœa) দণ্ডায়মান বা অৰ্দ্ধদণ্ডায়মান অবস্থা ভিন্ন শ্বাসত্যাগে অসমর্থতা।

অর্থসিদ্ধক, সিন্দুবার বৃক্ষ, নিসিন্দা।

অর্দা, শিলাজতু।

অর্দ্দিত, বায়ুরোগ বিশেষ, পক্ষঘাত (Tacial paralysis), মুখমণ্ডলের পীড়া।

অর্দ্দিতী, নেত্রাদি বিশেষ রোগযুক্ত।

অৰ্দ্ধচন্দ্রা, কালতেউড়ী।

অৰ্দ্ধচন্দ্রিকা, পর্ণস্ফোটা লতা।

অৰ্দ্ধতিক্ত, নেপাল নিম্ব।

অৰ্দ্ধধার, চিকিৎসাশাস্ত্রোক্ত বিংশতি প্রকার শস্ত্র মধ্যে একপ্রকার অস্ত্র।

অৰ্দ্ধনারীশ্বর রস, ঔষধবিশেষ।

অৰ্দ্ধদৃষ্টি, (Hemiopia) চক্ষের দৃষ্টিবিকার জন্য দৃষ্ট পদার্থের যে অৰ্দ্ধেক মাত্র দেখা যায়।

অৰ্দ্ধসফর, ক্ষুদ্র মৎস্য বিশেষ, দাঁড়িকা মাছ।

অৰ্দ্ধাঙ্গ, (Hemiplegia) একপার্শ্বব্যাপী পক্ষাঘাত।

অৰ্দ্ধাবভেদক, (Hemicrania) আধকপালে, মাথাধরা।

অর্পিমেণ্ট, (Orpiment) পীতবর্ণ সল্ফাইড্ অফ্ আর্শেনিক, হরিতাল।

অর্বিট, (Orbit) অক্ষিকোটর, চক্ষুগহ্বর।

অর্বিট্যাল, (Orbital) অক্ষিকোটর সম্বন্ধীয়, অর্ব্বুদ, মাংসপিণ্ডাকার রোগবিশেষ (Tumor), আব।

অর্ম, নেত্ররোগবিশেষ।

অর্মণ, ৩২ শের পরিমাণ।

অর্যামা, আকন্দবৃক্ষ।

অর্শ, বলিকাকার গুহ্যস্থ রোগবিশেষ (Piles) ; গুহ্যদ্বারের শিরা প্রসারিত বা শ্লৈষ্মিক ঝিল্লী ঘন হইয়া ক্ষুদ্র ক্ষুদ্র মাংসাঙ্কুর জন্মিলে তাহাকে অর্শ বলে। ঐ মাংসাঙ্কুর মলদ্বারের ভিতরে থাকিলে অন্তর্বলি এবং বাহিরে থাকিলে বহির্বলি কহে।

অর্শস্রোত, যে সকল শিরাদ্বারা অর্শের রক্তপাত হয়।

অর্শোঘ্ন, ওল, ভল্লাতকী বৃক্ষ, কন্দ, শূরণ।

অর্শোহিত, ভল্লাতক, ভেলা।

অল, হরিতাল।

অলক, ক্ষিপ্তকুকুর, শ্বেত আকন্দ।

অলকপ্রিয়, পীতবর্ণ শালগাছ।

অলক্ত বা অলক্তক, লাক্ষা, জৌ ; (গুণ) তিক্ত, উষ্ণ, কফ বাত ব্রণ রোগ নাশক, রুচিকারক।

অলগর্দ্দ, জলঢোঁড়া সাপ, গেঁড়িভাঙ্গা কেউটিয়া।

অল্না, (Ulna) হস্তের কনুই হইতে কব্জা পর্য্যন্ত যে দুইখানা হাড় আছে, তাহার মধ্যে যেখানা বড়।

অল্নার, (Ulnar) উক্ত অস্থিসম্বন্ধীয়।

অলম্বুষা, মুণ্ডিরী, ভূঁইকদম্ ; (গুণ) লঘু, স্বাদু, ক্রিমি পিত্ত কফনাশক।

অলর্ক, শ্বেত আকন্দ ; (গুণ বৈদ্যকে) বৃষ্য, লঘুদীপক। (Hydrophobia) মত্ত কুকুর শৃগালাদির দংশন জনিত জলাতঙ্ক রোগ।

অলফ্যাকসন, (Olfaction) আঘ্রাণ।

অলফ্যাকটরি (Olfactory) আঘ্রাণ-সম্বন্ধীয়।

অলমাইফটেজ, এলম্‌বার্ক, বৃক্ষের ত্বক (ছাল) বিশেষ।

অল্সার, (Ulcer) শরীরের কোন কোমল স্থানে পুঁযযুক্ত ক্ষত, ঘা।

অল্সারেটিভ, (Ulcerative) ক্ষতকর।

অল্সারেসন, (Ulceration) ক্ষত।

অলস, বৃক্ষবিশেষ, পাদরোগ বিশেষ, পাঁকুই।

অলসক, অজীর্ণ জন্য রোগ বিশেষ, উদরাময় রোগ বিশেষ।

অলসা, হংসপদী লতা।

অলাবু, তুম্বী, লাউ ; (গুণ) মিষ্ট, হৃদ্য, পিত্তশ্লেষ্মনাশক, বৃষ্য, রুচিকর, ধাতু-পুষ্টিকর।

অলাবুকট, তুম্বীরজ।

অলাবুকা, তুম্বীলাউ।

অলামৎ, লক্ষণ, (হিন্দুস্থানী শব্দ)।

অলিকুলসঙ্কুল, কুব্জক বৃক্ষ।

অলিজিহ্বা, আল্‌জিব।

অলিজিহ্বিকা, ঐ।

অলিদূর্ব্বা, মালাদূর্ব্বা, মালাঘাস।

অলিপত্রিকা, বৃশ্চিকাখ্য ক্ষুপ।

অলিপর্ণী, বিছুটী লতা।

অলিপ্রিয়, রক্তপদ্ম।

অলিপ্রিয়া, পাটলাবৃক্ষ, পারুল গাছ।

অলিভ অয়েল, (Olive oil) জলপাই-য়ের তৈল।

অলিভেরি, (Olivary) জলপাইয়ের আকার।

অলিমক, পদ্মকেশর, মধুর বৃক্ষ।

অলিমোদা, গণিকারী বৃক্ষ।

অলিম্বক, পদ্মকেশর।

অলিবাহিনী, কেবিকা পুষ্প।

অলু, আলু।

অলোহিত, রক্তপদ্ম।

অল্পক, যবাস বৃক্ষ।

অল্পকেশী, ভূতকেশী বৃক্ষ।

অল্পগন্ধ, রক্তকৈরব।

অল্পপত্র, ক্ষুদ্রপত্র তুলসী।

অল্প-প্রমাণক, ক্ষুদ্র তরমুজ, থরমুজ।

অল্পমারিস, ক্ষুদ্র নটেশাক।

অবদাহ, উষীর, বেণার মূল।

অবদাহেষ্ট, বেণার মূল।

অবদাহেষ্টকাপথ, বেণার মূল।

অবণী, ত্রায়মানা লতা।

অবন্তিসোম, কাঞ্জিক, কাঁজি।

অবরোহশাখী, প্লক্ষ বৃক্ষ, পাকুড় গাছ।

অবরোহিকা, অশ্বগন্ধা।

অবরোহী, বটবৃক্ষ।

অবলেহ, লেহ্যোষধ, অর্থাৎ যে ঔষধ চাটিয়া খাওয়া যায়।

অবলগুজ, সোমরাজ, হাকুচ।

অবসাজ, অবসন্নতা, নিস্তেজকতা।

অবাকপুষ্পী, শত পুষ্পা, শুল্‌ফা, মৌরী, হেটহুলী চোরকাঁচকী।

অবারিকা, ধন্যা।

অবিক, হীরক, হীরা।

অবগন্ধিকা, অজগন্ধা বৃক্ষ।

অবিঘ্ন, করমর্দ্দক বৃক্ষ, পাণি-আমলা।

অবিত্যজ, পারদ, পারা।

অবিদ্ধকর্ণা, আকনাদী, ভৃঙ্গরাজ।

অবিদ্ধকর্ণী, বিদ্ধকর্ণ লতা, নিমুয়া লতা।

অবিপ্রিয়, শ্যামাক তৃণ।

অবিষা, নির্বিষা তৃণ।

অবেলা, পুগ চর্ব্বিত।

অব্দ, মুথা।

অব্যাণ্ডা, আলকুশী।

অব্যথা, হরিতকী, পদ্মচারিণী বৃক্ষ।

অশকুম্ভী, পানীয় পৃষ্ঠজ, পানা।

অশন, অশনগাছ, পীত শালবৃক্ষ।

অশপর্ণী, বৃক্ষবিশেষ, আরাটী।

অশাখা, শূলীতৃণ।

অশির, হীরক, হীরা।

অশৃত, অপকফ।

অশোক, পারদ, স্বনামখ্যাত বৃক্ষ; (গুণ) শীতল, হৃদ্য, পিত্ত-দাহ-শ্রমনাশক, গুল্ম শূল উদরাধ্মান নিবারক, কৃমি-নাশক।

অশোকঘৃত, ঘৃতবিশেষ; ভৈষজ্যরত্না-বলীতে প্রস্তুত প্রকরণ দেখ।

অশোকরোহিনী, কটুকী, কট্‌কী।

অশোকা, কটুকী।

অশোকারি, কদম্ববৃক্ষ।

অশোকারিষ্ট, ঔষধ বিশেষ। প্রস্তুত-প্রণালী-ভৈষজ্য রত্নাবলী দেখ।

অশ্মকদলী, কদলী অর্থাৎ কলা বিশেষ।

অশ্মকেতু, ক্ষুদ্র পাষাণভেদী বৃক্ষ।

অশ্মঘ্ন, পাষাণভেদন বৃক্ষ, হাথাজুড়ি।

অশ্মগন্ধা, লতাবিশেষ।

অশ্মগর্ভজ, মরকত, পান্না।

অশ্মজ, শিলাজতু, লৌহ।

অশ্মজতুক, শিলাজতু।

অশ্মজাতি, মরকত মণি।

অশ্মন্তক, তৃণবিশেষ, অম্লকুচাই; (গুণ)—মধুর, কষায়, সুশীল, পিত্ত-প্রমেহ-তৃষ্ণা-বিষমজ্বর-বিষার্ত্তিচ্ছর্দ্দী ও ভূত-নাশক।

অশ্মপুষ্প, শৈলজনামক গন্ধদ্রব্য।

অশ্মবান, পাষাণ-ভূয়িষ্ট দেশ, তৎপ্রকার ভূমির গুণ যথা—শুশ্রুতে—তত্রাশ্ম-বতী স্থিরা গুর্ব্বীশ্যামা কৃষ্ণা বা স্থূল বৃক্ষ শস্য প্রায় গুণ ভূয়িষ্ট। স্নিগ্ধা শীতলাসন্নোদকা স্নিগ্ধ শস্ত তৃণ কোমল বৃক্ষ প্রায়া শুক্লাম্বু গুণ ভূয়িষ্টা নানাবর্ণা লজ্জাশ্মবতী প্রবিরলাল্প, পাণ্ডুবৃক্ষ প্ররোহহাগ্নি ভূয়িষ্টা।

অশ্মভাল্ল, হামলদ্রিস্তা।

অশ্মভিৎ, পাষাণভেদী বৃক্ষবিশেষ।

অশ্মভেদ, পাষাণভেদী বৃক্ষবিশেষ।

অশ্মযোণী, মরকতমণি।

অশ্মরী, (Calculus) মূত্রাশয়ে যে চূর্ণময় নিরেট বস্তু জন্মে, তাহাকে অশ্মরী বা পাথরি বলে। পরিত্যক্ত মূত্রের নীচে যে তলানি জন্মে, তাহার নাম অধঃক্ষেপ। এই অধঃক্ষেপ মূত্রাশয়ে সঞ্চিত হইলে তাহাকে গ্র্যাভেল্ বা মূত্ররেণু কহে। এই মূত্ররেণু শক্ত হইলেই অশ্মরী বা প্রস্তর জন্মে। ইহার প্রকারভেদ "বাতপিত্তকফৈস্তিস্রশ্চতুর্থী শুক্রজাহপরা। প্রায়ঃ শ্লেষ্মাশ্রয়াঃ সর্ব্বা অশ্মর্য্যঃ স্যুর্বিষোপমাঃ"। উৎপত্তিবিশেষয়েৎ বস্তিগতং সশুক্রং মূত্রং সপিত্তং পবনঃ কফং বা। যদা-তদাশ্মর্য্যুপজায়তে তু ক্রমেণ পিত্তে-ষ্বিবরোচনা গোঃ। লক্ষণ যথা;—সামান্য লিঙ্গরুঙ্‌নাভি সেবনী বস্তি-মূর্দ্ধসু। বিশীর্ণধারং মূত্রং স্যাৎ তয়া মার্গ নিরোধনে। তদ্ব্যাপায়াৎ সুখং মেহেদচ্ছং গোমেদকোপমং। তৎ-সংঘোভাৎ ক্ষতে সাস্রমায়াসার্চ্চাতি-রুগ্ ভবেৎ। ইহাদিগের বাত পিত্তাদি ভেদবশতঃ বর্ণভেদ হইয়া থাকে যথা;—(১) বাতোত্থনা কিঞ্চিৎ শ্যামা এবং অরুণা, (২) পিত্তোত্থনা রক্তা,

পাতা এবং সিতা, (৩) কফোম্বনা ঈষৎ পিঙ্গল ও শুভ্র।

অশ্মরীঘ্ন, বরুণ গাছ।

অশ্মরীহর, দেধান।

অশ্মসার, লৌহ।

অশ্মান্তক, একপ্রকার গাছ।

অশ্মোত্থ, শিলাজতু।

অশ্বকন্দিকা, অশ্বগন্ধা গাছ।

অশ্বকর্ণ, শালবৃক্ষ, লতাশাল; (গুণ) কটু, তিক্ত, স্নিগ্ধ, উষ্ণবিস্ফোটক এবং শিরাদোষ নাশক।

অশ্বকর্ণক, শালবৃক্ষ।

অশ্বখুর, নখী নামক গন্ধদ্রব্য।

অশ্বখুরা, অপরাজিতা।

অশ্বখুরী, ঐ।

অশ্বগন্ধা, স্বনাম খ্যাত ছোট গাছ। (গুণ) কটু, উষ্ণ, তিক্ত, মলগন্ধি, বলশুক্রকারী, বায়ু, কাশ শ্বাস ক্ষয় ব্রণজরা ব্যাধিনাশক।

অশ্বগন্ধাঘৃত, ঘৃতবিশেষ; প্রস্তুত প্রকরণ,—ঘৃত ৪ শের, কাথজন্য অশ্বগন্ধা ১২।৷০ শের, জল ৬৪ শের, শেষ ১৬ শের, ছাগমাংস ৬৫ শের, জল ১২৮ শের, শেষ ৩২ শের, দুগ্ধ ১৬ শের; কল্কদ্রব্য,—কাঁকলা, ক্ষীর কাঁকলা, দ্রাক্ষা, মেধ, মহামেধ, জীবক, ঋষভক, আলকুষীবীজ, এলাইচ, যষ্টিমধু, দ্রাক্ষা মুগানি, জীবন্তী, পিপ্পলী, বেড়েলা, শতমূলী, ভূমিকুষ্মাণ্ড মিলিত ১ শের, পাকান্তে ঠাণ্ডা হইলে চিনি ৷৷০ শের ও মধু ১ শের মিশাইবে। মাত্রা ২ তোলা, অনুপান শীতল দুগ্ধ। ঔষধ সেবনান্তে শীতল জল পান করা বিধেয়। ইহা সেবন করিলে দেহের পুষ্টি ও বলবীর্য্যাদি বৃদ্ধি হয়। ঘৃত ৪ শের, দুগ্ধ ৪০শের, কল্ক,—অশ্বগন্ধা১ শের; এই ঘৃত সেবন করিলে বালকদিগের দেহ পুষ্টি ও বল বৃদ্ধি হয়।

অশ্বগন্ধা তৈল, চক্রদত্তোক্ত তৈল বিশেষ; "ভল্লাতক বৃহতীফল দাড়িম ফল কল্কসাধিতং কুরুতে। লিঙ্গং মর্দ্দন বিধিনা কটু তৈলং বাজিলিঙ্গাভম্। কনকরস মসৃণ বর্ত্তিত হয় গন্ধামূল বিশ্বপর্য্যষিতম্। মাহিষমিহনবনীতং গতবীজে কনকফলমধ্যে। গোময় গাঢ়োদ্ধর্ত্তিতং পূর্ব্বং পশ্চাদনেন সংলিপ্তম্। ভবতি হয় লিঙ্গ সদৃশং লিঙ্গং কঠিনাঙ্গনাদয়িতং। অশ্বগন্ধাবরি কুষ্ঠমাংসী সিংহীফলাকিং। চতুর্গুণেন দুগ্ধেন তিলতৈলং বিপাচয়েৎ। স্তনলিঙ্গ কর্ণপানিবর্দ্ধনং ব্রহ্মপাদিদং।

অশ্রুগ্রন্থি, (Lachrymal glands) চক্ষুর যে গ্রন্থি হইতে জলস্রাব হয়।

অশ্বগন্ধিকা, অশ্বগন্ধা দেখ।

অশ্বখুরপদ, (Talipes Equinus) এক-প্রকার পদবিকৃতি, ইহাতে রোগী, কেবল পায়ের ডিমের উপর ভর দিয়া চলে।

অশ্বঘাস, ঘোটকভক্ষ্য একপ্রকার তৃণ, অশ্বচরণ স্থান।

অশ্বঘ্ন, করবী ফুলের গাছ।

অশ্বচা, একপ্রকার গাছ।

অশ্বথ, স্বনামখ্যাত বৃক্ষ; (গুণ) সুমধুর, কষায়, শীতল, কফপিত্তনাশক, রক্ত-দাহ উপশমক। পকফল গুণ ;—শীতল, দাহ, ছর্দ্দি, অরুচি, শোষ-নাশক।

অশ্বথকুণ, অশ্বথ পাকফলাদি।

অশ্বথফলা, হবুষা বৃক্ষ।

অশ্বথবৃক্ষ, আশদ গাছ।

অশ্বথভেদ, স্থালী বৃক্ষ।

অশ্বথী, পিপ্পলী, পিপ্পলিকা নামক এক-প্রকার বৃক্ষ; (গুণ) মধুর, কষায়, অম্ল, পিত্তনাশক, বিষদাহ প্রশমনকারী।

অশ্বদংষ্ট্রা, গোক্ষুর বৃক্ষ।

অশ্বপৃষ্ঠী, মাষপর্ণী বৃক্ষ।

অশ্বপুত্রী. শিমুল গাছ।

অশ্বপুষ্প, শৈলজ।

অশ্ববল, একপ্রকার শাক।

অশ্ববাল, কেশে, কাশ।

অশ্বমাংস, ঘোটকমাংস; (গুণ) "স্বশ্বমাংসং-তুলবণং বহ্নিকৃৎ কফপিত্তলম্। বাত-হৃদ্‌বৃংহণং বল্যং চক্ষুষ্যং মধুরং লঘু"।

অশ্বমার, বৃক্ষবিশেষ, করবীর গাছ।

অশ্বমারক, ঐ।

অশ্বমূত্র, ঘোড়ার প্রস্রাব; (গুণ) কটু, তীক্ষ্ণ, উষ্ণ, দীপক এবং শ্লেষ্মকাশছর্দ্দিকৃমি-দদ্রুবাতশ্লেষ্মাবিকার নষ্টকারী।

অশ্বরোধক, করবীর বৃক্ষ।

অশ্বান্তক, কুলথকলাই।

অশ্বারোহী, অশ্বগন্ধা।

অর্শাবরোহক, ঐ।

অশ্বাহ্বা, ঐ।

অশ্বাক্ষ, দেবসর্ষপ বৃক্ষ।

অশ্বীঘৃত, ঘোড়ার দুগ্ধজাত ঘৃত; (গুণ) দেহাগ্নিবর্দ্ধক, পাকে লঘু, চক্ষুর হিত-কর, দীপক, বাতরোগনাশক, অস্থি-বর্দ্ধক ও বিষনাশক।

অষ্টগুণ, অষ্টাবৃত্ত গুণ পদার্থ ;—"অন্নাদষ্ট গুণং চূর্ণং চূর্ণাদষ্ট গুণং পয়ঃ, পয়ঃ-সোহষ্ট গুণং মাংসং মাংসাদষ্ট গুণং ঘৃতং। ঘৃতাদষ্টগুণং তৈলং মর্দ্দয়েন্নতু খাদয়েৎ।

অষ্টধাতু, স্বর্ণাদি অষ্ট ধাতু, যথা ;—স্বর্ণ, সীসা, রজত, তাম্র, রঙ্গ, কান্তলৌহ, মুণ্ডলৌহ এবং তীক্ষ্ণ লৌহ।

অষ্টপল, ঘৃতবিশেষ ; "উষণত্রিফলাবক্কেঃ বজ্রমাত্রে গুড়াৎ ফলে। সর্পিষোঽষ্টপলং পক্কা মাত্রাং মন্দানলঃ পিবেৎ।"

অষ্টপাৎ, উর্ণাবিশেষ, মাকড়শা।

অষ্টপাদ্র, ঐ।

অষ্টপাদিকা, হাপরমালী।

অষ্টমঙ্গল ঘৃত, অষ্টৌষধযুক্ত পক্কঘৃত। প্রস্তুত প্রণালী ;—ঘৃত ৪ শের, কল্কার্থ বচ, কুড়, ব্রহ্মী, শ্বেত সর্ষপ, অনন্তমূল, সৈন্ধব, পিপ্পলী মিলিত ১ শের। এই ঘৃত সেবনে নানাবিধ দৈব উৎপাৎ নিবারিত হইয়া বালকের বুদ্ধি ও মেধা প্রভৃতি বর্দ্ধিত হয়।

অষ্টমান, ৩২ তোলা পরিমাণ।

অষ্টমিকা, ৪ তোলা পরিমাণ।

অষ্টমী, ক্ষীর কাঁকলী।

অষ্টমূত্র, ছাগ, মেষ, গো, মহিষ, ঘোটক, হস্তী, গর্দ্দভ ও উষ্ট্র ইহাদিগের স্ত্রীজাতীর মূত্র।

অষ্টক্ষীর, ছাগী, মেষী, গাভী, মানুষী, হস্তিনী, ঘোটকী, উষ্ট্রী ও মহিষীর দুগ্ধ।

অষ্টলৌহক, অষ্টধাতু বিশেষ যথা.—স্বর্ণ, রৌপ্য, তামা, রঙ্গ, সীসা, কান্তলৌহ, মুণ্ডলৌহ ও তীক্ষ্ণলৌহ।

অষ্টবর্গ, অষ্ট ঔষধ বিশেষ ; যথা—ঋষভ, জীবক, মেদ, মহামেদ, ঋদ্ধি, কাকোলী, ক্ষীর কাকোলী ও বৃদ্ধি।

অষ্টাঙ্গধূষা, জ্বরনাশক ধূপবিশেষ। প্রস্তুত-প্রকরণ ;—গুগ্‌গুল, নিম্বপত্র, বচ, কুড়, হরীতকী, যব, সর্ষপ, ঘৃত এই সকল দ্রব্য একত্র করিয়া ধূপ প্রদান করিলে বিষমজ্বর নষ্ট হয়।

অষ্টাঙ্গাবলেহিকা, চক্রদত্তোক্ত অবলেহ বিশেষ। প্রস্তুতপ্রণালী ;—কটফল, কাঁকড়াশৃঙ্গী, কুড়, পিঁপুল, শুঁঠ, মরিচ, দুরালভা, কৃষ্ণজীরা এই সকল দ্রব্য উত্তমরূপে চূর্ণ করিয়া মধুর সহিত লেহন করিলে ঘোরতর সন্নিপাতজ্বর হিক্কা শ্বাস ও কণ্ঠরোধ নিবারিত হয়। উর্দ্ধশ্লেষ্মা নিবারণ জন্য স্বেদাদি-ক্রিয়ার প্রয়োজন হইলে মধু না দিয়া আদার রসের সহিত অবলেহন করাইবে।

অষ্টাদশ-শতিকা প্রসারিনী তৈল, তৈলবিশেষ, প্রস্তুত প্রকরণ ;—তিল তৈল ৬৪ সের, কাথার্থ ;—মূল পত্র ও শাখা সহিত গন্ধভাদুলিয়া ৩০০ পল, শতমূলী ১০০ পল, অশ্বগন্ধা ১০০পল,

কেয়ার মূল ১০০ পল, দশমূলের প্রত্যেকটী ১০০ পল, বেড়েলা ১০০পল, ঝাঁটী মূল ১০০ পল, পাকজন্য জল ৬৪০০ শের, শেষ ৬৪শের; কাঁজি ১২৮ শের, দধির মাত ১৬শের ; দুগ্ধ ১৬ শের, শুক্ত১৬শের, ইক্ষুরস১৬শের, ছাগ মাংসের ক্বাথ ১৬শের (মাংস ৮শের, জল ৬৪ শের, শেষ ১৬ শের); কল্কার্থ— ভেলার মুচি, তগরপাদিক, শুঁঠ, পিঁপুল, চিতামূল, শঠী, বচ, পিড়িং-শাক, গন্ধভাদুলিয়ার মূল, পিঁপুল মূল, দেবদারু,শুলফা,ছোট এলাইচ,গুড়ত্বক বালা, কুন্দুরু, কস্তুরী, মঞ্জিষ্ঠা, শিলা-রস, নখী, অগুরু, কর্পূর, কুন্দরখোটী, হরিদ্রা, লবঙ্গ, গন্ধতৃণ, রক্তচন্দন, কাঁকলা, নালুকা, মুথা, কৃষ্ণাগুরু, শুঁদি, তেজপত্র, শঠী, রেণুক, শৈলজ, সরল কাষ্ঠ, কেতকী, ত্রিফলা, আলকুশী মূল, শতমূলী, পদ্ম, নাগেশ্বর, প্রিয়ঙ্গু, বেণারমূল, জটামাংসী, জীবণীয় গণ, পুনর্ণবা, দশমূল, অশ্বগন্ধা, নাগেশ্বর, রসাঞ্জন, লতাকুস্তরী ফল, জায়ফল, সুপারী,ত্রিফলা,গন্ধরস প্রত্যেকে ৩পল; এই তৈল ছয় প্রকারে প্রয়োগ করা যায়—(১) মর্দ্দনে ত্বকগত, (২) পানে কোষ্ঠগত, (৩) ভোজনে ভোজ্য দ্রব্যের সহ) সূক্ষ্ম নাড়ীস্থ, (৪) নস্তে উর্দ্ধগত, (৫) বস্তিক্রিয়ায় পক্বাশয়স্থ, (৬) নিরূহক্রিয়ায় সর্ব্বদেহস্থ বাত রোগ নষ্ট হয়। ইহা মনুষ্য হস্তী ও অশ্ব সকলের পক্ষেই হীতকারী। বৃদ্ধ ব্যক্তি এই তৈল ব্যবহার করিলে যুবার ন্যায় বলবীর্য্যশালী হয় এবং নিরপত্য নর-নারী পুত্রলাভ করে। ইহা ব্যবহার করিলে নানা রকম বাতব্যাধি পৈত্তিক শ্লৈষ্মিক পীড়া প্রশমিত হয়।

অষ্টদশাঙ্গ, অষ্টাদশ দ্রব্য মিলিত এক প্রকার পাচন; ইহা চারিপ্রকার যথা ;—(১) দশমূল্যাদি, (২) ভূনিম্ব, (৩) দ্রাক্ষাদি, (৪) ও মুস্তাদি। (গুণ) সন্নিপাতজ্বরনাশক ও কাশ হিক্কা শ্বাস বমী প্রশমনকারী।

অষ্টাবক্র রস, ঔষধবিশেষ; প্রস্তুতপ্রণালী— পারদ ১ ভাগ, গন্ধক ২ ভাগ, স্বর্ণ ১ভাগ, রৌপ্য ।০ ভাগ, সীসা, তাম্র, খর্পর, বঙ্গ, প্রত্যেকে ।৵আনা ভাগ; এই সকল দ্রব্য বটের অঙ্কুরের রসে একপ্রহর ও ঘৃতকুমারী রসে ১ প্রহর মাড়িয়া মকরধ্বজ প্রস্তুত প্রণালী অনুসারে পাক করিবে। ২ রতি মাত্রায় পানের রসের সহিত সেবন

বিধি। ইহা সেবনে বলবীর্য্যাদি বৃদ্ধি হয়।

অষ্টাপদ, ধুস্তুর, চন্দ্রমল্লী, স্বর্ণ।

অষ্টাম্লবর্গ, জম্বীর, বীজপুর, মাতুলুঙ্গ, চিত্রক, চাঙ্গেরী, তিন্তিড়ী, বদরী ও করমর্দ্দ।

অষ্টি-আইটিস্, অস্থির প্রদাহ; অষ্টাইটীস্ (Ostitis)

অষ্টিও (Osteo) অস্থিসম্বন্ধীয়, অস্থিময় ইত্যাদি।

অষ্টিওলজি, (Osteology) অস্থিতত্ব, অস্থিবিদ্যা।

অষ্টিমিয়া, (Ostæmia) অস্থিতে অস্বাভাবিক রক্তাধিক্য।

অষ্টিয়ন, (Osteon) অস্থির স্নায়ুশূল।

অষ্টিলেগোমেইডিস্ করণস্মট, শস্ত্রছত্রক বিশেষ।

অষ্ঠীবান, জানু, হাঁটু।

অস্, (Os) মুখ, যথা—অস্-ইউটিরাই জরায়ুর মুখ; অস্থি, যথা অস্-পিউবিস্ মণিপুরাস্থি।

অস্ কল্‌টেসন, (Auscultation) ষ্টেথেস্কোপ নামক যন্ত্রদ্বারা বক্ষস্থল ও হৃৎপিণ্ডাদির রোগে রোগাক্রান্ত স্থানের অস্বাভাবিক শব্দ শ্রবণ করিয়া রোগনির্ণয়।

অসগন্ধ, অশ্বগন্ধা।

অসন, বৃক্ষবিশেষ, পিয়াশাল; (গুণ) কটু, উষ্ণ, তিক্ত, বাতাভিদোষ, গলদোষ ও রক্তমণ্ডল নাশক, সারক।

অসনপর্ণী, বৃক্ষবিশেষ, বাতকবৃক্ষ।

অস্-মি-য়ঃম্, (Osmium) ধাতুবিশেষ।

অসম্মিলন, (Incompatible) ইন্‌কম্পেটিবেল্ দেখ।

অসরু, বৃক্ষবিশেষ, কুকুর সোঁকা।

অসা, (Ossa) অস্থি শব্দের বহুবচন।

অসা-ইনো-মিনেটা, (Ossa Innominata) যে দুই খণ্ড বৃহৎ ও অসাকৃত অস্থি দ্বারায় বস্তিকোটরের পার্শ্বে সম্মুখভাগ গঠিত।

অসাধ্য, চিকিৎসা দ্বারা প্রতীকারের অযোগ্য।

অসার, এরণ্ডবৃক্ষ, অগুরু।

অসি-অয়েড, (Osseoid) অস্থিসদৃশ।

অসি-কিউ-লঃস, (Ossiculus) ক্ষুদ্রাস্থি।

অসিতা, নালীবৃক্ষ।

অসিতালু, নীল আলু।

অসিতোৎপল, নীলোৎপল।

অসিপত্র, ইক্ষু, গুণ্ডনামক তৃণ।

অসিপত্রক, ইক্ষু।

অসিপত্রবৎ, (Ensiform) তরবারির ন্যায়, যথা—বুকাস্থির উপাস্থি।

অসি-ফিকে-শন্, (Ossification) অস্থির বিকাশ, জীবদেহের অন্যান্য বিধানের অস্থিতে পরিণতি।

অসিমেদ, বিটখদির।

অসিয়ঃস, (Osseous) অস্থিময়।

অস্থরসা, বর্ব্বরী, বাবুই তুলসী।

অস্থরাহ্ব, কাংস্য।

অস্থরাহ্ব পতঙ্গ, আরস্থলা।

অস্থরী, রাজিকা, রাইসর্ষপ।

অসৃক্, রক্ত কুমকুম্।

অসৃক্কর, শরীরস্থ রসধাতু, রসের রক্তরূপ।

অসৃগ্দর, (Menorrhagia) যদি নিয়মিত সময় অপেক্ষা শীঘ্র শীঘ্র ঋতু হয়, বেশী দিন থাকে এবং অধিক পরিমাণে রক্তস্রাব হয়, তবে তাহাকে অসৃগ্দর বা রজসাধিক্য বলে।

অস্তমতী, শালপর্ণী।

অস্ত্রচিকিৎসা, (Surgery যদ্বারা ছেদাদি সম্পন্ন হয়; অস্ত্রদ্বারা চিকিৎসা, চিকিৎসা শাস্ত্রের যে ভাগে সকল প্রকার উপঘাতের চিকিৎসা ও অস্ত্রাদির ব্যবহার উল্লিখিত আছে।

অস্ত্রজিৎ, বৃক্ষবিশেষ. কবাট বেটু।

অস্ত্রোপচার, (Surgical operation)রোগ আরগ্যের জন্য অস্ত্র ব্যবহার।

অস্থি, (Bone) হাড়।

অস্থিকঙ্কটিকা, হাড় কাঁকড়ি।

অস্থিকৃৎ, শরীরস্থ মেদধাতু।

অস্থিগুল্ম, অস্থিবেষ্ট স্ফীত হইয়া সন্ধিস্থলে যে কঠিন অর্ব্বুদ জন্মে।

অস্থিজ, মজ্জা, অস্থির সারভাগ।

অস্থিনাশ, (Necrosis) হাড় পচিয়া যাওয়া।

অস্থি পঞ্জর, (Skeleton) কঙ্কাল, শরীরের অস্থি সমূহ।

অস্থিপূতি, অস্থিনাশ।

অস্থিবিশ্লেষ, অস্থিবিজ্ঞান, } (Dislocation) অস্থির সন্ধির স্থানচ্যুতি।

অস্থিবেষ্ট, (Periosteum) অস্থির উপরস্থ পেশীময় ও সূত্রময় ঝিল্লী, অস্থির আবরক ঝিল্লী।

অস্থিবেষ্ট প্রদাহ, (Periostitis) অস্থির আবরক ঝিল্লীর প্রদাহ।

অস্থিভগ্ন, (Fracture) উপঘাত প্রভৃতি কারণে অস্থি ভগ্ন হইলে তাহাকে অস্থিভগ্ন কহে। চর্ম্ম বিক্ষত না হইয়া অস্থি ভগ্ন হইলে তাহাকে সামান্য ভগ্ন (Simple Fracture) কহে, এবং চর্ম্ম বিক্ষত হইয়া ভগ্ন হইলে তাহাকে বিমিশ্র ভগ্ন (Compound Fracture) বলে।

অস্থিশৃঙ্খলা, হাড় জোড়া।
অস্থিসংহার, হাড়ঙ্ক, হাড় যোড়া, গ্রন্থিমান বৃক্ষ ; (গুণ) বালাস্থি ভগ্ন হিতকারী ও বায়ুনাশক।
অস্থিসংহারী, গ্রন্থিমান বৃক্ষ।
অস্থিসন্ধিক, হাড়ভাঙ্গা।
অস্থিসন্ধিপ্রদাহ, আরথ্রাইটিস্ দেখ।
অস্থিক্ষত, (Caries) হাড়ের ঘা।
অস্নিগ্ধ দারু, দেবকাষ্ঠ, দেবদারু।
অস্ফুটভাষণ, (Stammering) অস্পষ্ট বাক্য বলা, তোত্‌লামী।
অস্বচ্ছদৃষ্টি, (Glancoma) ধূম্র বা হরিৎবর্ণ চিহ্নসহ দৃষ্টির অসচ্ছতা রোগ।
অস্বাভাবিক, (Abuormal) স্বভাবতঃ যেরূপ ক্রিয়াদি নিষ্পন্ন হয় তাহার বিপরীত, অপ্রাকৃতিক।
অস্রখদির, রক্তখদির গাছ।
অস্রপত্রক, ভিণ্ডাগাছ, রক্তশাক।
অস্রপা, জলৌকা, জোঁক।
অস্রফলা, সল্লকী বৃক্ষ।
অস্রবিন্দুচ্ছদা, লক্ষণা নামক কন্দ।
অস্রযষ্টিকা, মঞ্জিষ্ঠা।
অস্ররোধিনী, লজ্জালু লতা।
অস্রার্জক, শ্বেত তুলসী।
অস্রাবী অর্শ, (Blind piles) যে অর্শ হইতে কোন প্রকার স্রাব নির্গত হয় না।
অহর্বান্ধব, অহর্মণি, অর্কবৃক্ষ।
অহস্কর, অহস্পতি, } অর্কবৃক্ষ।
অহি, সীসা অহিফেণ।
অহিংস্রা, কুলীক বৃক্ষ, কুলেখাড়া ; (গুণ) বিষরোগ ও শোথনাশক।
অহিকা, শাল্মলী বৃক্ষ।
অহিচ্ছত্র, মেষশৃঙ্গী বৃক্ষ।
অহিপুতন, (Intertrigo) শিশুদিগের মলদ্বার কুঁচ্‌কি বগল প্রভৃতির ছাল উঠা রোগ ; ঘর্ষণ ও ঘর্মাদি জন্য এই রোগ জন্মে।
অহিফেণ, (Opium) আফিঙ্।
অহিভয়দা, ভূম্যামলকি।
অহিভুক্, গন্ধনাকুলী, নাকুলী।
অহিমর্দ্দিনী, গন্ধনাকুলী।
অহিমার, অরিমেদক বৃক্ষ।
অহিমেদক, ঐ।
অহিলতা, গন্ধনাকুলী, তাম্বুলী।
অহীন্দ্র, অনন্তমূল।
অহেরু, শতমূলী।
অহ্বলা, ভেলা।
অক্ষ, সচল লবণ, তুঁতিয়া।
অক্ষ, বহেড়া বৃক্ষ, রুদ্রাক্ষবীজ, ২ তোলা পরিমাণ।
অক্ষক, তিনিশ গাছ।

অক্ষত, লাজা, খৈ।

অক্ষত, যব, আতপ তণ্ডুল।

অক্ষতা, কাঁকড়াশৃঙ্গী।

অক্ষধর, শাখোট বৃক্ষ, শেওড়াগাছ।

অক্ষপীড়া, যবতিক্তা লতা।

অক্ষর, আপাঙ্গাছ।

অক্ষিক, রঞ্জনক্রম, আঁচ।

অক্ষিভেষজ, পট্টিকালোধ্র।

অক্ষিব, সামুদ্রিক লবণ।

অক্ষিব, শোভাঞ্জন বৃক্ষ, সজিনা গাছ।

অক্ষীরু, রঞ্জনক্রম, আঁচফুলের গাছ।

অক্ষীব, সামুদ্র লবণ।

অক্ষীব, শোভাঞ্জন বৃক্ষ, সজিনা গাছ।

অক্ষোট, পীলুগাছ, আখরোট।

অক্ষোতক তৈল, আখ্‌রোটের তৈল; (গুণ) অক্ষতৈলের ন্যায়।

অক্ষোড়, অক্ষোট।

অক্ষোড়ক, ঐ।

আ

আই, (Eye) চক্ষু।

আইওডম্, আইওডিয়ম্, আইওডিন্ } রূঢ়পদার্থ বিশেষ।

আইওডাইড, (I-odide) অম্লদ্রব্য ভিন্ন ধাতু বা অন্য কোন পদার্থের সহিত আইওডিন মিশ্রিত মিশ্রপদার্থ; যথা—আইওডাইড অফ্ আয়রণ।

আইওডিজম্ (I-odism) বহুদিন আইও-ডিন সেবন জনিত বিষলক্ষণ।

আইওডোফরমম্, আইওডোফরম্।

আইকর, (Ichor) ক্ষতাদির জলবৎ দূষিত স্রাব, রসানি।

আই-করিমিয়া (Ichoremia) আইকর আশোষণ বশতঃ রক্তের বিষাক্ততা।

আইটিস্, (Itis) প্রদাহজ্ঞাপক বিভক্তি; যথা—হিপেটাইটিস্ যকৃৎপ্রদাহ।

আই-ডিয়েশন্ (Ideation) কল্পনাশক্তি।

আইঢাই, (Restlessness) অস্থিরতা।

আইবল, (Eye-ball) অক্ষিগোলক।

আইরণ, (Iron) লৌহ, লোহা।

আই-রাই-টিস্, (Iritis) তারকামণ্ডল প্রদাহ।

আইরিস্, (Iris) চক্ষুর তারার চতুর্দ্দিকস্থ রঞ্জিত মণ্ডল যাহার অভ্যন্তরে চক্ষুর তারা অবস্থিত এবং যাহার বর্ণানু-

সারে চক্ষু কাল কটা ও নীলবর্ণ দেখায়, উপতারা।

আইরিসিন্, (Irisine) আইরিস্ নামক ঔষধের বীর্য্য।

আইরিস্ ভার্সিকলার ব্লু,ফ্ল্যাগ্, বৃক্ষ-বিশেষ।

আইরিডিন্ } আইরিসের বীর্য্য বা উপক্ষার।
আইরিসিন্ }

আইসিং গ্ল্যাস, (Ising glass) মৎস্য বিশেষের ফুস্ফুস্ হইতে উৎপন্ন এক প্রকার অর্দ্ধস্বচ্ছ ঈষৎ শুভ্র শিরিষবৎ পদার্থ।

আইসেটিন্, (Isatine) নীলের মূল উপাদান বিশেষ।

আইসো, সমতা বা সাদৃশ্য জ্ঞাপক পূর্ব্বপদ।

আইসোপ্যাথি,(Isopathy) কোন রোগের পূঁযাদির দ্বারা সেই রোগ আরোগ্যের ভাব; যথা—বসন্তের বীজ হোমিও-প্যাথিক মাত্রায় সেবন করিয়া আরোগ্য করণ।

আইসোমর্ফাঃস্ (Isomorphus) মূল উৎপাদানে স্বতন্ত্র হইয়াও একই প্রকার দানাবশিষ্ট।

আউট্‌লেট্, (Out-let) নির্গমদ্বার।

আউন্স, (Ounce) অর্দ্ধছটাক পরিমাণ।

আকর্ণন, (Auscultation) অস্‌কাল্-টেশন্ দেখ।

আকরসম্ভব, সাম্ভার লবণ।

আকার করভ, আকরকরা বচ।

আকারগত পরিবর্ত্তন, (Organic or Structural change) বিধানবিকার দেখ।

আকাশ, অভ্র।

আকাশমাংসী, কেদারসম্ভব, সূক্ষ্ম জটা-মাংসী লতা; (গুণ) শীতলত্ব, শোথ-ব্রণ-রোগনাশকত্ব বর্ণকারী।

আকাশমূলী, কুম্ভিকা, পানা।

আকাশবল্লী, লতাবিশেষ, আকাশ বেল; (গুণ) মধুরত্ব, কটুত্ব, পিত্তনাশিত্ব, শুক্রবর্দ্ধকত্ব, রসায়নত্ব ও বলকারিত্ব।

আকুঞ্চন, (Contraction) সঙ্কোচ।

আকুঞ্চিত অন্ত্রবৃদ্ধি, অন্ত্রবৃদ্ধি দেখ।

আকৃতিচ্ছত্রা,ঘোষাতকী বৃক্ষ, শ্বেতঘোষা।

আক্রমণাবস্থা, (Invasion stage) রোগের প্রথম আক্রমণ বা বিকাশের অবস্থা।

আখু, ইন্দুর, দেবতাড় বৃক্ষ।

আখুকর্ণপর্ণিকা, ইন্দুরকাণী লতা, আখু-পর্ণিকা লতা বিশেষ।

আখুকর্ণিকা, আখুপর্ণী, ইন্দুরকাণী।

আখুকর্ণী,ইন্দুরকাণী; দন্তি; (গুণ) কটুত্ব,

উষ্ণত্ব, কফপিত্তহরত্ব, সারকত্ব, জ্বর-শূলনাশিত্ব ও পরম পাবকত্ব।
আখুপর্ণিকা, আখুপর্ণী, ইন্দুরকাণী।
আখুপাষাণ, একপ্রকার পাষাণ, চুম্বক।
আখুবিষহা, দেবতাড় বৃক্ষ,দেবদালী লতা।
আখুস্কন্দ, ক্ষীরকঙ্কুকী বৃক্ষ।
আখোট, আকরোট, একপ্রকার ফলের গাছ ;(গুণ) মধুরত্ব,বলকারিত্ব, স্নিগ্ধত্ব, উষ্ণত্ব, বাতপিত্তনাশিত্ব, রক্তদোষ-প্রশমণত্ব, শীতলত্ব ও কফকোপনত্ব।
আগমাবার্ত্তা, বৃশ্চিকালি বৃক্ষ।
আগন্তুক রোগ, (Accidental Disease) হটাৎ উপস্থিত রোগ ; যথা—সর্দ্দি-গরমি ইত্যাদি।
আগ্নেয়, ক্ষুধাবর্দ্ধক, স্বর্ণ।
আঘট্টক, লাল আপাঙ্
আঘাট, অপামার্গ।
আঙ্গুলহাড়া, (Whit-low) বেদনা প্রদাহ ও পূঁয সম্ভাবনা বিশিষ্ট অঙ্গুলীর স্ফীততা।
আঙ্গুয়েন্টম্, (Unguentum) মলম।
আচারী, হিলমোচিকা, হেলোঞ্চা।
আচিৎ, ২৫ মণ পরিমাণ।
আচুষণ, (Absorption) শরীরের বিধান-তন্তু সমূহের আহারাদির সারভাগ ও পরিত্যজ্য পদার্থের অসার ভাগ চুষিয়া লওয়া, আশোষণ।
আচুষিকা, (Absorbent) আচুষণকারিণী নাড়ী।
আচ্ছক, আচবৃক্ষ।
আচ্ছাদক ঝিল্লী, (Lining membrane), আবরক ঝিল্লী।
আচ্ছাদন, (Covering) যেমন ক্ষতাদিতে পলস্ত্রা।
আজন্ম, (Congenital) জন্ম হইতে উৎপন্ন, কৌলিক।
আজন্মসুরভিপত্র, মরুব বৃক্ষ।
আজ্য, ঘৃত, শ্রীবাস।
আঞ্জিনেয়, আঞ্জনি।
আজোয়ান, জোয়ান।
আটরুষক, বাসকপত্র ; (গুণ) অত্যন্ত তিক্ত ও পিত্তনাশক।
আটি, শরালী পক্ষী।
আটীকর, বৃষ, ষাঁড়।
আটোপ, পেটডাকা, বায়ুজন্য উদরের স্ফীততা।
আড়ি, স্বনামখ্যাত মৎস্য ; (গুণ) গুরু, বলশুক্রমেধাগ্নি বৃদ্ধিকারক।
আঢ়ক, ৮ শের পরিমাণ।
আঢ়কীক, আঢ়কপ্রমাণ বীজ বপনের ক্ষেত্রাদি।
আঢ়কী,শমী ধান্য বিশেষ,অরহর;(গুণ)কষা-য়ত্ব,মধুরত্ব,কফপিত্তনাশিত্ব ও শীতলত্ব

আঢ়ষ্টতা, (Stiffness) অনম্রতা।

আতঙ্ক, রোগ, ভয়রোগ।

আততায়িতা, বধ করিবার চেষ্টা।

আততি, (Tension) প্রসারণ।

আতপ, রৌদ্র,সূর্য্যের আলোক ;(গুণ) কটু, রুক্ষ, স্বেদ, মূর্চ্ছা, তৃষ্ণা, দাহ, বৈবর্ণ্য-জনক নেত্ররোগ উৎপাদক।

আতপঘাত, (Sunstroke) সর্দ্দিগর্ম্মি রোগ।

আঁতের পীড়া, (Harnia) অন্ত্রবৃদ্ধি রোগ।

আতৃপ্য, আতাফল ; (গুণ) স্বাদু, শীতল, রক্তবর্দ্ধক, তৃপ্তিজনক, বলমাংসকারী, হৃদ্য, দাহ-রক্ত-পিত্ত-বায়ুনাশক।

আত্মগুপ্তা, আলকুশী।

আত্মভূতশাস্ত্র, যাহার যে শাস্ত্রে অধিকার থাকে।

আত্মনির্দ্দেশক, (Self registering) যে যন্ত্রের কার্য্য আপনা হইতেই লিখিত হয় ; যথা—Self-registering thermometer.

আত্মমূলী, দুরালভা উদ্ভিদ।

আত্মরক্ষা, মহেন্দ্রবারুণী বৃক্ষ,বড় মাকাল।

আত্মশল্যা, শতাবরী।

আত্মোদ্ভবা, পাষপণী।

আত্রেয়, সংহিতাকার।

আদানী,হস্তীঘোষা বৃক্ষ, ঘোষা।

আদিত্য, অর্কবৃক্ষ, আকন্দ।

আদিত্য পত্র, ক্ষুপবিশেষ, অর্কপত্র ; (গুণ) কটু, উষ্ণ, উষ্ণবীর্য্য, কফ বাত রোগ, জঠর গুল্ম, আরোচকনাশী, অগ্নি সন্দীপক।

আদিত্যপর্ণিনী, শুশ্রুতোক্ত লক্ষণান্তে ওষধি বিশেষ।

আদিত্য পুষ্পিকা, রাঙ্গা আকন্দ।

আদিত্যভক্তা, সূর্য্যলতা, হুড়হুড়িয়া গাছ; (গুণ) হিম, তিক্ত, কটু, উগ্র, কফরক্ দোষ, কণ্ডু, ব্রণ, কুষ্ঠ, ভূতগ্রহ, উগ্র, শীতজ্বর নাশী।

আদ্য, ধান্য।

আদ্যমাষক, পাঁচরতি পরিমাণ।

আধ্মান, (Flatulence) বায়ুতে স্ফীত হওয়া, পাকস্থলী অন্ত্রে বায়ুসঞ্চয়।

আধ্মানশূল, (Flatulent-Colic) পেটে বায়ু জন্য বেদনা।

আধ্মানী, নলিকা নামক গন্ধদ্রব্য।

আনন্দা, বিজয়া, আরাম শীতলা।

আনন্দী, একরকম গাছ, আকন্দ পাতা।

আনাহ, (Constipation) কোষ্ঠবদ্ধ, (বৈদ্যকে) মুদা রোগ।

আনিয়ন, (Onion) পলাণ্ডু, পেঁয়াজ।

আনূপ, অনুপদেশস্থ জন্তু বিশেষ ; যথা— খড়্গী, মহিষ, বরা ইত্যাদি। ইহাদের

মাংসের গুণ—গুরু, উষ্ণ, মধুর, স্নিগ্ধ, শুক্রকর, বায়ুনাশক।

আন্তরীক্ষ জল, মেঘ হইতে পতিত জল; এই জল দুই শ্রেণীতে বিভক্ত, যথা—গাঙ্গ্য ও সামুদ্র।

আন্ত্রিক জ্বর, (Euteric fever) টাইফয়েড জ্বর দেখ।

আপস্তম্ভিনী, লিঙ্গিনী লতা।

আপালী, কেশকীট।

আপিঞ্জর, স্বর্ণ, সোণা।

আপীচ, পীত, মাক্ষিক ধাতু।

আপুষ, বঙ্গ, রাং।

অপেক্ষিক গুরুত্ব, (Specific gravity) জলের সহিত তুলনা করিয়া যে ভার অনুমান করা যায়।

আফ্টার পেইন্স,(After pains) প্রসবের অব্যবহিত পরে সংযত রক্ত বহিষ্করণ জন্য জরায়ুর সঙ্কোচন প্রযুক্ত যে বেদনা জন্মে, হে'তাল ব্যথা।

আফ্টার বার্থ, (After birth) গর্ভের ফুল।

আব্রুক, আফ্রিঙ্গ।

আব, (Tumor) অর্ব্বুদ।

আবরক, (Protictives) রোগস্থানে ঢাকা দিয়া অপর দ্রব্যের ঘর্ষণ বা রাসায়ণিক ক্রিয়া হইতে যে রক্ষা করে।

আবরণ, যে স্থানে ঔষধ দেওয়া যায়, সে স্থান ঔষধ দ্বারা আচ্ছাদিত হইয়া অপর দ্রবের ঘর্ষণ ও রাসায়ণিক ক্রিয়া হইতে সংরক্ষিত হয়, এই আচ্ছাদনের নাম আবরণ।

আবৰ্ত্তন, (Turning) গর্ভস্থ সন্তান হাত দিয়া ঘুরাইয়া পা নীচের দিকে আনয়ন করা।

আবিল, (Turbid) ঘোলা।

আবিলকন্দা, আলাকন্দ।

আবু, অর্ব্বুদ।

আবেশ, (Paroxysm) বিরামশীল রোগের আক্রমণের অবস্থা, সঞ্চার।

আবেশিক, (Paroxysmal) যাহা মধ্যে মধ্যে উপস্থিত হয়।

আভা, বকুলগাছ, বাত রোগ বিশেষ।

আভাগুগ্গুলু, ভগ্ন সন্ধি প্রসাধক ঔষধ বিশেষ।

আভিঘাতিক, (Tranmatic) আঘাত-জনিত।

আভ্যন্তরিক, (Internal) শরীরের ভিতরস্থ।

আভ্যন্তরিক প্রয়োগ, (Internal application) ঔষধ উদরস্থ করণ অথবা কোন প্রকারে ঔষধকে শরীরের ভিতর প্রবেশ করণ।

আম, (Mucous) শ্লেষ্মাময় পদার্থ, অপক্ক অম্লরস।

আমচুর, শুষ্ক আম্রখণ্ড, আম্রপেশী।

আমজ্বর, অপক্ক জ্বর, নবজ্বর (Simple fever).

আমটোকা, লতা বিশেষ।

আমড়া, ফলবিশেষ, আম্রাতক দেখ।

আমণ্ড, এরণ্ড বৃক্ষ ; ডাক্তারীতে—(almond) বাদাম।

আমন, আমন ধান্য, ধান্যবিশেষ, শরৎ পক্ক ধান্য।

আমপক্কতক্র, তক্র (ঘোল) বিশেষ ; (গুণ) তক্রমামং কফং কোষ্ঠে হন্তি কণ্ঠে করোতিচ, পীনস শ্বাস কাশাদৌ,পক্কমেব প্রযুজ্যতে।

আমপাক, বৈদ্যকোক্ত শোকরোগাদ্যঙ্গ আমের পাকবিশেষ, তদ্বিবরণ শুশ্রূতে দ্রষ্টব্য।

আমবাত, (Rheumatism) বাতরোগ ; (বৈদ্যকে) গেঁটিয়া বাত, ইহা ত্রিবিধ যথা,—পৈত্তিক বাতিক এবং কফজ।

আমমাংস, কাঁচা মাংস।

আময়, কুড়, রোগ (disease.)

আময়াবিণ্ড, মন্দানলত্ব, অগ্নিমান্দ্য।

আময়িক ক্রিয়া,(Therapeutic action) রোগে ঔষধের যে ক্রিয়া দেখা যায়, আরোগ্যকর গুণ।

আময়িকপ্রয়োগ (Therapeutic use) রোগে ঔষধের ব্যবহার।

আমরক্ত, স্বনামখ্যাত রোগ বিশেষ ; রক্তমলস্রাবের পীড়া ; ডাক্তারী মতে—dysentry রক্তাতিসার।

আমলক, কাট আমলা, কাষ্ঠধাত্রী ফল, ক্ষুদ্র জাতি ফল, ক্ষুদ্রামলক ; (গুণ) কষায়, কটু, পীত্ত, পিত্তাস্রদোষনাশী।

আমলকী, আমলা নামক ফলবৃক্ষ বিশেষ। (ফলের গুণ) শীত, মধুর, পিত্তনাশী, বিশেষ শুক্রকর, শীতবীর্য্য অম্লত্ব জন্য বায়ু নাশী, কষায় রুক্ষত্ব প্রযুক্ত কফনাশী, সর্ব্বফলাধিক গুণবিশিষ্ট।

আমলক্যাদিগণ, আমলকী, হরিতকী, পিপ্পলী এবং চিত্রক;(গুণ)সর্ব্বজ্বর,চক্ষুর দীপন, বৃষ্য, কফ ও অরোচকনাশী।

আমলা, অমলকী।

আমলাতী, বৃক্ষবিশেষ।

আমলাসার, গন্ধক, বিশুদ্ধ গন্ধক।

আমবিকার, অতিসার, আমাতিসার, আমরক্ত।

আম্‌শী, আমসি, শুষ্ক আম্র চূর্ণ, আমচুর।

আমশূল, রোগবিশেষ, আমপিত্ত, উদরের বেদনা বিশেষ।

আমসত্ত্ব, ঘনীভূত শুষ্ক আম্ররস।

আমহরিদ্র, আমহলদী, একপ্রকার লতা

আমাজীর্ণ, অপরিপক্ক, অজীর্ণ।

আমাতিসার, ষট্‌প্রকার অতিসার মধ্যে গণ্য রোগ বিশেষ।

আমাদ, আমান্য ভোজী, যিনি অসিদ্ধ মাংসাদি ভোজন করেন।

আমানী, কাঁজি।

আমান্ন, অপক্কান্ন, তণ্ডুল, কাঁচা চাউল।

আমাশয়, নাভি ও স্তনের মধ্যবর্ত্তী স্থান, অপক্ক ভুক্ত দ্রব্যাধার; ডাক্তারী মতে—(Stomach) পাকস্থলী। অজীর্ণ ভুক্ত দ্রব্যের আধার; ইহা সাধারণতঃ ১০।১২ ইঞ্চি প্রশস্ত এবং বক্ষ ও উদর ব্যবচ্ছেদক পেশীর ঠিক-নিম্নে অবস্থিত, দেখিতে তুম্বীর মত।

আমাশয়িক রস, (Gastric juice) পাকস্থলী হইতে উৎপন্ন একপ্রকার তীব্র অম্ল ও ভুক্ত দ্রব্য পরিপাক রস, পাচক রস; ইহাতে muriatic acid ও acitic acid আছে।

আমিষপ্রিয়, কঙ্কপক্ষী।

আমিষী, মিষী, জটামাংসী।

আমিক্ষা, ছানা, ক্ষিরসা, দুগ্ধবিকৃত।

আমুপ, বেউড় বাঁশ।

আমুলতাস, (হিন্দুস্থানী) সোঁদাল।

আম্র, স্বনামখ্যাত ফলবৃক্ষ বিশেষ, আম, আঁব, চ্যুত, রসাল; (কচি আমের গুণ) বায়ুরক্তপিত্তকারী, কষায়, অম্লরস, সুগন্ধী, কফাময়নাশী, পিত্ত প্রকোপ বায়ুরক্ত দোষ পটু ইত্যাদি, রুচিপ্রদ; (কাঁচাআমের গুণ) অত্যম্ল, রুক্ষ, দোষত্রয়াস্রকারী; (পাকাআমের গুণ) বর্ণ রুচি শুক্র মাংস বলকারী, পিত্ত-বিরোধী, বায়ুনাশক, হৃদ্য, গুরু, অনু-লোমক, ত্রিদোষ সমতাকারক, স্বাদু, পুষ্টিজনক, অধিক ধাতুপ্রবর-কারী, তৃপ্তিকান্তিদায়ী, তৃষ্ণা-শ্রম প্রশমনকারী।

আম্রগন্ধক, সমষ্ঠিল বৃক্ষ, আম্রপেশী, শুষ্কাম্র খণ্ড, আমসী।

আম্ররসাকৃতি, পীতাখ্য রসাল বিশেষ।

আম্রাত, আম্রাতক।

আম্রাতক, আমড়া গাছ, স্বনামখ্যাত বৃক্ষ। (কাঁচা আমড়ার গুণ) কষায়, হৃৎকণ্ঠ হর্ষক; (পাকার গুণ) মধুরাম্ল, স্নিগ্ধ, কফপিত্তনাশী, গুরু।

আম্রাবর্ত্ত, আম্রশুষ্ক রস, আমসত্ব; (গুণ) তৃষ্ণাছর্দ্দিবাতপিত্তহারী, সারক, রুচিকারী, সূর্য্যকিরণে পাক হেতু লঘু।

আম্রিমা, অম্লত্ব রসবিশেষ।

আম্লকী, আমলকী ফল।

আম্লকুচি, গুল্মবিশেষ।

আম্লবেতস, স্বনামখ্যাত বৃক্ষ।

আম্লা, তিন্তিড়ী বৃক্ষ, শ্রীবল্লী।

আম্লিকা, ঐ, অম্লোদ্গার।

আম্লী, ঐ।

আয়তচ্ছদা, কদলীবৃক্ষ, কলাগাছ।

আয়স, লৌহ, অগুরু।

আয়ু, জীবন।

আয়ুধধর্ম্মিনী, জয়ন্তীবৃক্ষ।

আয়ুর্দ্রব্য, ঔষধ।

আয়ুর্ব্বেদ, অষ্টাদশ বিদ্যান্তর্গত, ধন্বন্তরী প্রণীত বিদ্যা বিশেষ, চিকিৎসা-শাস্ত্র, নিদান শাস্ত্র, ইহা অথর্ব্ববেদের অন্তর্গত।

আয়ুর্য্যোগ, ঔষধ, ভৈষজ্য।

আয়ুব্য, আয়ুর হিতকর দ্রব্যাদি।

আর, মুণ্ডলোহ, পিত্তল, বৃক্ষবিশেষ, রেফল।

আরক, (অরিষ্ট দ্রষ্টব্য।)

আরক্ত জ্বর, (Scarlet fever) উজ্জ্বল ও লোহিত বর্ণ পীড়কা, গলপ্রদাহ, মানসিক ও শারীরিক অবসাদ ও সাধারণতঃ মূত্রাঘাত লক্ষণাপন্ন একপ্রকার অবিরাম সংক্রামক জ্বর।

অর্ক-আর্চ (Ar, Arch) বলন্, বৃহৎধমনী, কোলন প্রভৃতির অর্দ্ধ বলয়াকার অংশ।

আর্কস-সিনাইলিস (Arcus Senilis) বৃদ্ধ অবস্থায় চক্ষুর কনীনিকার প্রান্তে গোলাকার অস্বচ্ছ দাগ।

আর্কূট, পিত্তল।

আর্গটিজম্ (Ergotism) আর্গট নামক শস্য কর্ত্তৃক বিষাক্ততা।

আরগ্বধ, সোদাল নামক বৃক্ষ বিশেষ; (গুণ) অতি মধুর ও শীতল, শূলঘ্ন কণ্ডূ কুষ্ঠ মেহ কফ বিষ্টম্ভনাশী।

আরগ্বধ তৈল, চক্রদত্তোক্ত প্রলেপ বিশেষ।

আরগ্বধাদি পাঁচন, পাঁচন বিশেষ; যথা, শোঁদাল আটা, পিপ্পলীমূল, মুথা, কটকী, হরিতকী, সর্ব্বসমেত সম-ভাগে ২তোলা; অর্দ্ধ শের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া সেবন বিধি। আম, শূল এবং কফ বাত জ্বরে ব্যবস্থা।

আরগ্বধাদ্য তৈল, চক্রদত্তোক্ত তৈল বিশেষ।

আরড়ি, স্থলপদ্ম, বামুনহাটী।

আরণ্যকুক্কুট, বন্যকুক্কুট, বনমুরগী; (মাংস-গুণ) স্নিগ্ধ, বৃংহণক, শ্লেষ্মক্ষয়কারী, বাত পিত্ত বমি বিষমজ্বর নাশী।

অরণ্যমুদ্গা, মুগানী।
আরণাল, কাঁজি।
আরণালক, ঐ।
আরমোরেশিয়া(Horse Radish)ক্ষবৃবিশেষ।
আরমোরেশি রেডিক্স (Horse Radish root) মূল বিশেষ।
আরাম শীতলা, সুগন্ধি পত্রবিশেষ ; (গুণ) তিক্ত, শীতল, পিত্তহারী, দাহ শোথ-প্রশমক, বিস্ফোটব্রণরোপক।
আরেণিয়া ডায়েডেমা, (Diadem Spider) মাকড়সা বিশেষ।
আরেলিয়া রেশীমোসা, গুল্মবিশেষ।
আরু, বৃক্ষভেদ, কর্কট, শূকর।
আরুক, হিমাচল প্রসিদ্ধ ওষধি বিশেষ ; (গুণ) মধুর, হিম, অর্শ প্রমেহ গুল্মাস্র দোষনাশী।
আরেবত, পারাবত বৃক্ষফল, শোঁদাল।
অরোগ্য, রোগাভাব।
আরোগ্যশালা, চিকিৎসালয়।
আরোগ্যস্নান, নির্মুক্তির পর স্নান।
আরোগ্যোদক, সিদ্ধ পাদাবশিষ্ট জলকে আরোগ্যোদক বলে ; উহা সুপক, উষ্ণাবস্থায় পানে জীর্ণকারক এবং সর্ব্বদোষনাশক।
আর্গ্বধ, শোঁদালগাছ।
আর্গটা, ওষধি বিশেষের বিকৃত শস্য।
আর্ঘ, আরসা নামক মক্ষিকাজাত, মধু।
আর্জেন্টাম, (Urgentum.) সিলভার, রৌপ্য।
আর্জেন্টম অক্সাইডম্, অক্সাইড অফ সিলভার।
আর্জেন্টিম্ আইওডাইডম, অইওডাইড অফ সিলভার।
অর্জেন্টম্ মেটালিকম, মেটালিক সিল্-ভার।
আর্জেন্টাই সিলভার, রৌপ্য।
অর্জেন্টাই নাইট্রাস, নাইট্রেট অফ সিলভার, লুনার কষ্টিক, কাষ্টকী।
আর্টারী (Artery) যে সকল শিরা হৃৎপিণ্ড সর্ব্বশরীরে বিশুদ্ধ লালবর্ণ রক্ত বহন করিয়া থাকে, ধমনী।
আর্টিকিউলার(articulor)সন্ধিস্থান সম্বন্ধীয়।
আর্টিকিউলেসন্, (articulation) সন্ধি-হাড়ের জোড়।
আর্টিকেরিয়া, (articaria) গায়ে বিছুটী লাগিলে চর্ম্ম স্থানে স্থানে যেরূপ ফুলিয়া উঠে ও চুলকাইয়া থাকে, ঠিক সেই প্রকার লক্ষণযুক্ত চর্ম্মরোগ বিশেষ, শীতপিত্ত ; ভ্রমক্রমে কেহ ইহাকে আমবাত কহে।
আর্টিফিশিয়েল (artificial) কৃত্রিম, মনুষ্যকৃত।

আর্টিরিয়েল (arterial) ধামনিক, ধমনী-সম্বন্ধীয়।

অর্ডর ইউরিণী, (ardor urinae) প্রস্রাব-ত্যাগে জ্বালা।

আর্ডেণ্ট, (ardent) তীব্র, যন্ত্রণাকারক, লাল।

আর্ণব বমন, (Sea-sickness) জাহাজ আন্দোলনে জলযাত্রীদিগের বিবীমিষা, ও বমন জন্মে, সামুদ্রিক বিবীমিষা।

আর্তগল, নীল ঝিণ্টী।

আর্ত্তব, (menses) স্ত্রীরজঃ, ঋতু।

আর্থি, (earthy) পার্থিব।

আর্থ্রাইটিস্ (arthritis) সন্ধিপ্রদাহ, গেঁটেবাত।

আর্থ্রাইটীক্, (arthritic) সন্ধি অথবা সন্ধীবাতসম্বন্ধীয়।

অর্থ্রালজিয়া, (arthralgia) সন্ধিবেদনা, গাউট রোগ।

অর্থ্রোড্রিনিয়া, (arthrodynia) সন্ধি-বেদনা।

আর্দ্রক, আদা, কটুমূল বিশেষ ; (গুণ) কফ বাত শূল ও পিত্তনাশী, হৃদ্য রুচি ও শুক্রকারী, উষ্ণ, কটু, বিপাকে শীতল, লঘু, অগ্নিদীপক, শোথ, কণ্ঠ-, রোগনাশী, স্তবণার্দ্রক।

আর্দ্রমাসা, মাসপর্ণী, মাষানী।

আর্দ্রক শাক, আর্দ্রক, আর্দ্রিকা, আদা।

আর্ষভী, কপিকচ্ছু বৃক্ষ।

আর্শিনিশাই আইওডাইডম, আইওডাইড অফ অর্শেনিক।

অর্শেনিক, (arsenic) শিমুলক্ষার, শেখোঁ বিষ, শঙ্খবিষ।

আর্শেনিক্যাল, (arsenical) আর্শেনিক সম্বন্ধীয় বা তাহার সহিত মিশ্রিত।

আর্শেনিকম আর্শেনিক্, শিমুলক্ষার।

আর্শেনিকম্ আইওডাইডম, আইওডাইড অফ আর্শেনিক।

আর্শেনিকম্ রুব্রম, রেড আর্শেনিক।

আর্শেনিকম মেটালিকম, মেটালিক আর্শেনিক।

আর্শেনিকম আলবম, হোয়াইট আর্শেনিক, সেঁখো।

আর্শেনিকম্ সাইট্রিকম, সাইট্রেট অফ আর্শেনিক।

আর্শেনিকেট, (arsenicate) আর্শেনিকের সঙ্গে মিশান।

আর্শেনিশিয়াশিস্, (arseniciasis) আর্শেনিক জন্য ব্যাধি।

আরোগ্যোন্মুখ অবস্থা (convalescent state) রোগান্তে দুর্ব্বলাবস্থা।

আল, হরিতাল।

আল্তা, আলক্ত, লাক্ষা, যতুরস।

আলাবু, অলাবু, নাউ।

আলাবূ, ঐ, ঐ।

আলসার, (ulcer) ঘা।

আলীনক, রঙ্গ, রাং।

আলু, স্বনামখ্যাত মূলবিশেষ; (গুণ) রক্তপিত্তনাশী, গুরু, স্বাদু,শীতল, স্তনদুগ্ধ শুক্রকারী।

আলূক, আলু, মূলবিশেষ; ইহা নানা জাতীয়।

আলূকী, দীর্ঘাকার সূক্ষ্ম রক্তবর্ণ আলু।

আলুবোখারা, (হিন্দুস্থানী) পারস্যদেশ জাত শুষ্ক ফল বিশেষ।

আলোকাতঙ্ক, (Photophobia) অলোক সহ্য না করিতে পারা, আলোকে বিদ্বেষ।

আবর্ত্ত, মাক্ষিক ধাতু।

আবর্ত্তকী, লতাবিশেষ, তিন্দুকিণী; (গুণ) কষায়, অম্ল, শীতবীর্য্যকারী, পিত্তনাশী।

আবর্ত্তন,দুগ্ধাদির আলোড়ন, দুধ আওটান।

আবর্ত্তিনী, অজশৃঙ্গী বৃক্ষ।

আবিগ্ন, করমর্দ্দ, পানি আমলা।

অবীর চূর্ণ, ফল্গু, ফাগ, আবীর।

আবুলহাবার, (হিন্দুস্থানী) কাবুল দেশজ ফলবিশেষ।

আশন, অশন বৃক্ষ।

আশয়, পনস বৃক্ষ।

আশাপুর সম্ভব, ভূমিজ গুগ্গুলু।

আশীঃ, বৃশ্চিনামক ঔষধি।

আশু, আউশ ধান্য; (গুণ) মধুর, পাকে অম্ল, পিত্তকারী, গুরু।

আশুপত্রী, শল্লকী লতা।

আশুব্রীহি, আউশ ধান্য।

আশ্রয়নিষ্ঠ, (Subjective) যে সকল আভ্যন্তরিক লক্ষণ রোগী স্বয়ং অবগত হইয়া থাকে।

আশ্রয়াশ, চিত্রকবৃক্ষ।

আশ্বথ, অশ্বথ বৃক্ষ ফল।

আশ্বিনী-বৃষ্টি, আশ্বিন মাসে যে বৃষ্টি হয়; (গুণ) রুক্ষ, পিত্তকারক, অম্ল ও রক্তদোষজনক ও শস্যের হানিকর।

আসঙ্গ, তুবরী, সৌরাষ্ট্র মৃত্তিকা।

আসন, জীবক বৃক্ষ, পিয়ালাগাছ।

আসব,(Wine) ফলাদির অন্তরুৎসিক্ত রস, মৃদু মদ্য; (বৈদ্যকে) মদ্যবিশেষ, তাড়ি, মধু, মৈরেয়; (গুণ) ত্রিদোষ জনক, অকৃচ্ছ্র, বৃংহক, গ্রাহী, দুর্গন্ধ বিশদ, গুরু, জীর্ণকারক, রুচিকর, কৃমি, শ্লেষ্মা ও বায়ুনাশক, হৃদ্য, লঘুশ্রমবিনাশী।

আসবদ্রু, তালবৃক্ষ।

আস্থর, বিটলবণ।

আস্থরফেণ, অহিফেণ।

আস্থরী, রাজিকা, রাই সর্ষপ।

আস্ফোট, আস্ফোত বৃক্ষ, আকন্দ।

আস্ফোটক, পর্ব্বতজ পিল্ বৃক্ষ, আকরোট গাছ।

আস্ফোটা, বনবল্লী, নবমল্লী।

আস্ফোত, অর্ক বৃক্ষ. ভূপলাশ বৃক্ষ।

আস্ফোতক, অর্ক বৃক্ষ।

আস্ফোতা, অপরাজিতা, নবমল্লিকা, বনকার্পাশী, হাপরমালী, গন্ধভাদুলে; (গুণ) কুষ্ঠবিষরোগনাশী।

আস্যপত্র, পদ্ম।

আস্রাব, (Discharge) ক্ষরিত পুঁজ রক্ত প্রভৃতি।

আস্থানিক, (Vicarious) যে স্থান দিয়া স্রাবাদি নিসৃত হয়, সে স্থান দিয়া না হইয়া তাহার পরিবর্ত্তে অন্য স্থান দিয়া নির্গত।

আহকজ্বর, নাসারোগ বিশেষ।

আহুল্য, ক্ষুপবিশেষ।

আক্ষিক, আচ্ছুক বৃক্ষ, আঁচগাছ; চক্ষু-সম্বন্ধীয়।

আক্ষিপ্ত, আক্ষেপবিশিষ্ট (Spasomodic.)

আক্ষীব, শেতাঞ্জন বৃক্ষ।

আক্ষেপ, (Spasm) পেশীর অনৈচ্ছিক আকুঞ্চন বা খেঁচুনী।

আক্ষেপরোগ, (Convulsions) যে রোগে প্রবল আক্ষেপ (খেঁচুনী) জন্মে।

আক্ষেপিক, (Spasmodic) আক্ষেপযুক্ত।

আক্ষেপিক বিষূচীকা (Spasmodic cholera) সাংঘাতিক বিষূচীকা; প্রথমে ফুস্ফুসস্থ ধমনীর আক্ষেপ জন্মিয়া এই শ্রেণীস্থ বিসূচীকা উৎপন্ন হয় বলিয়া ইহাকে আক্ষেপিক বিসূচীকা বলে। ইহাতে হস্তপদাদির আক্ষেপ থাকে, সচরাচর সুস্থ ব্যক্তি দিগেরই এই রোগ জন্মে, স্নায়ুবিকার ইহার প্রধান কারণ।

আক্ষেপিক স্বরঘ্ন, (Spasmodic cramp) কণ্ঠনালীর উপরের মুখে আক্ষেপ যুক্ত শিশুরোগ বিশেষ। ইহাতে প্রকৃত স্বরভঙ্গের ন্যায় কাশি, স্বরভঙ্গ ও জ্বর থাকেনা। শ্বাসকষ্ট, ওষ্ঠের নীল-বর্ণতা, মুখের ব্যাকুলতা ইহার প্রধান লক্ষণ।

আক্ষোট, আক্ষোটবৃক্ষ, পর্ব্বতজাত পিল্ গাছ, আকরোট।

আক্ষোড়, আকরোট।

ইউকালিপ্টস্ গ্লোবিউলিস্, ফিবার ট্রি বৃক্ষবিশেষ।

ইউটেরাস (Uterus) গর্ভাশয়, জরায়ু।

ইউটেরাইটিস (uteritis) জরায়ু-প্রদাহ।

ইউটেরাইন (uterine) জরায়ুসম্বন্ধীয়।

ইউটেরাইন-মোটর-ষ্টীমিউলেণ্ট (Uterine-motor-stimulant) জরায়ুসংকোচক।

ইউট্রিকেল (Utricle) ক্ষুদ্র থলিয়া, কর্ণের ভিতরের থলিবিশেষ।

ইউনিমিন, ইউওনিমসের বীর্য্য।

ইউনিমস য়্যাট্রোপার পিউরিয়স ওয়াহু, গুল্মবিশেষ।

ইউনিয়ন (Union) সম্মিলন।

ইউপেটোরিয়ম য়্যারোমেটীকম, হোয়াইট স্নেক রুট, ক্ষুপবিশেষ।

ইউপেটোরিয়ম পারফোলিয়েটম বোনসেট, বৃক্ষবিশেষ।

ইউপেটোরিয়ম্ পারপিউরিয়ম, কুইন অফ দি মেডো, বৃক্ষবিশেষ।

ইউফরবিয়া করলেটা, স্পার্জ, ক্ষুপবিশেষ।

ইউফরবিয়া হাইপারিশিফোলিয়া, মিল্ক পারস্লি, ক্ষুপ বিশেষ।

ইউফ্রেশিয়া আইব্রাইট, বৃক্ষবিশেষ।

ইউভা আরসাই,বেয়ারবেরি, বৃক্ষবিশেষ।

ইউভিরেজিন্স, কিস্মিস্।

ইউভিউলা, (uvula) আলজিব।

ইউরিক য়্যাশিড (uric acid) মূত্র হইতে উৎপন্ন এক প্রকার অম্ল পদার্থ।

ইউরিটার, (ureter) মূত্রনালী।

ইউরিন, (urine) মূত্র, প্রস্রাব।

ইউরিনারী, (urinary) মূত্রসম্বন্ধীয়।

ইউরিনোমেটর (urinometer) মূত্রের আপেক্ষিক গুরুত্ব পরিমাপক যন্ত্র বিশেষ।

ইউরিনাল (urinal) মূত্রাধার পাত্র।

ইউরিথ্রা, (urithra) মূত্রাশয় হইতে পুরুষাঙ্গ বা স্ত্রীলিঙ্গের আভ্যন্তরস্থ যে নালি দ্বারা মূত্র বাহির হয়,মূত্রমার্গ।

ইউরিথ্রাইটিস্ (urithritis) মূত্রমার্গের প্রদাহ।

ইউরিয়া (urea) মূত্রের যবক্ষারযান বিশিষ্ট উপাদন; ইহা সাদা বর্ণ বিষাক্ত পদার্থ বিশেষ।

ইউরিমিক (urimic) ইউরিনিয়া সম্বন্ধীয়।

ইউরিমিক ইন্‌টক্‌সিকেসন, (urimic intoxication) ইউরিমিয়া।

ইউরিমিয়া,(urimia) রক্তেমূত্রের ইউরিয়া নামক বিষাক্ত পদার্থের অবস্থিতি এবং তজ্জন্য অচৈতন্যাদি নানা প্রকার ব্যাধি, মূত্রক্ষয় বিকার।

ইউরেট (urate) কোনপদার্থের সহিত ইউরিক য়্যাশিডের সংযোগ; যথা—ইউরেট অফ সোডা।

ইউরেনিয়ম(uraniun)এক প্রকার ধাতু।

ইউরেনিয়ম নাইট্রেট, ইউরেনিক নাইট্রেট, ধাতুবিশেষ।

ইউষ্টেকিয়মন টিউব (Eustachiain tub) বায়ু চলাচলের জন্য মুখের পশ্চাদ্ভাগ হইতে কর্ণের ভিতর পর্য্যন্ত প্রশারিত সূক্ষ্ম নল। ইউষ্টেকাই নামক পণ্ডিত কর্ত্তৃক আবিষ্কৃত বলিয়া উহার এরূপ নাম হইয়াছে।

ইউরোক্রম, (Urochrome) মূত্রের বর্ণক পদার্থ, অর্থাৎ যে পদার্থ কর্ত্তৃক মূত্রে বর্ণ ফলিত হয়।

ইকট, বংশাঙ্কুর।

ইকড়া, মূষিক, তৃণবিশেষ, ইন্দুর।

ইক্‌থাইওকোলা আইজিংলীস্, মৎস্য বিশেষের বায়ুকোষ।

ইক্টিরাস (Icteras) পাণ্ডুরোগ।

ইক্‌থিওসিস (Icthyosis) মৎস্যের আঁইসের ন্যায় শুষ্ক ও কঠিন আঁইস বিশিষ্ট চর্ম্ম রোগ। মীন বল্কিকা।

ইক্‌লিম্, (হিন্দুস্থানী) জলবায়ু।

ইকুইসিটম্ হাইমেল, স্কাওয়ারিংরাস, তৃণবিশেষ।

ইকুন, ডেঙ্গর, উৎকুন।

ইক্কট, তৃণবিশেষ।

ইক্লেমশিয়া, (Iclemsia) দ্রুত আক্ষেপ।

ইগল্‌মার্মেলস, বিল্ব।

ইগ্নেসিয়া য়্যামারা, সেণ্ট ইগ্নেসরিণ. গুল্মবিশেষ।

ইগোফণি, (Aegophony) ছাগবৎ শব্দ।

ইঙ্গিড়, ইঙ্গিল, ইঙ্গুদবৃক্ষ।

ইঙ্গুইনাল, (Inguinal) কুঁচকি সম্বন্ধীয়।

ইঙ্গুদ, ইঙ্গুদি বৃক্ষ।

ইঙ্গুদী, স্বনামখ্যাত বৃক্ষ বিশেষ। ইঙ্গুদিবৃক্ষের ফল, এই ফলে তৈল জন্মে, উক্ত তৈল পূর্ব্বকালে ঋষিরা ব্যবহার করিতেন; (গুণ) অর্শ কুষ্ঠ কৃমি শুক্র-শ্লেষ্মা মেদ ও বায়ুনাশক।

ইঙ্গুল, ইঙ্গুদি বৃক্ষ।

ইচ্, (Itch) কচ্ছু, পাঁচড়া।

ইচড়, অপক্ক কণ্টকী ফল, কাঁচা কাঁঠাল।

ইচলা, মৎস্য বিশেষ, চিংড়ী মৎস্য।

ইক্ষুক, টাবালেবু।

ইজেক্সন,(Ejection) বমন বিরেচনাদি-দ্বারা নিঃসরণ।

ইজ্জল, হিজল বৃক্ষ।

ইঞ্জেক্‌-টড, (Injected) কৈশিকানাড়ীতে রক্ত সঞ্চয় প্রযুক্ত কোন স্থান আরক্ত হওয়া।

ইঞ্জেক্সন, (Injection) বস্তিকর্ম্ম, গুহ্য-দ্বার ভিন্ন শরীরের অন্যান্য পথে পিচকারী দেওয়া ; কোন স্থানের রক্ত বহা নাড়ীতে রক্তাধিক্য।

ইঞ্জেষ্টা, (Ingesta) ভুক্ত দ্রব্য।

ইটিয়লজি (Etiology) কারণতত্ত্ব।

ইডিওপ্যাথি, (Idiopathy) অন্য কোন পূর্ব্ববর্ত্তী রোগ হইতে অনুৎপন্ন বিকৃত দেহ প্রকৃতি বা ভাব।

ইডিওপ্যাথিক, (Idiopathic) অন্য কোন পূর্ব্ববর্ত্তী রোগ হইতে অনুৎপন্ন, স্বয়ম্ভূত।

ইডিও-সিন্‌-ক্রেসি, (Idiosyncrasy) ধাতু-বৈষম্য, দৈহিক প্রকৃতি। কোন ঔষধ বা পদার্থ দ্বারা সাধারণতঃ যে প্রকার ফল দর্শে, এই ধাতুবৈষম্য প্রযুক্ত কোন কোন ব্যক্তিতে তাহা অপেক্ষা স্বতন্ত্র ফল দেখা যায়।

ইডিওসিনক্রেটিক, (Idiosyncratic ধাতুবৈষম্য সম্বন্ধীয়।

ইডিমা, (Edema) রক্তাম্বু সঞ্চয় জন্যই স্ফীতি অর্থাৎ ফুলা, শোথ।

ইডিওসি, (Idiocy) জড়ত্ব, জড়বুদ্ধিত্ব।

ইডিয়ট (Idiot) জন্ম হইতে বুদ্ধিবৃত্তি ও নীতিবৃত্তির ক্ষীণতাযুক্ত ব্যক্তি, জড়।

ইড্রোসিস, (Idrosis) অতি ঘর্ম্ম।

ইঞ্চাক, ইচলামৎস্য, মোগ চিংড়ি।

ইড়া, দেহের বামভাগস্থ নাড়ী।

ইড়াচিকা, বরটা, বোল্‌তা।

ইৎকট, ওকড়াগাছ।

ইৎকিলা, রোচলাক্ষ গন্ধদ্রব্য।

ইদংকার্য্যা, দুরালভা বৃক্ষ।

ইনানী, বটপত্রী বৃক্ষ।

ইণ্টস সাসেপ্‌সন বা ইণ্ট্রো সাসেপ্‌সন (Intus suception বা Intro-susception) অন্ত্রের একাংশ অন্যাংশে প্রবেশ ও তজ্জন্য ছিদ্রের অবরোধ, অন্ত্রপ্রবেশ।

ইণ্টার (Inter) দুই বস্তুর মধ্যবর্ত্তীত্ব-জ্ঞাপক উপসর্গ যথা—Intercurrent.

ইণ্টার-কারেণ্ট (Intercurrent) ব্যাপক রোগাদির মধ্যে মধ্যে যে অব্যাপক রোগ উৎপন্নহয়, কিম্বা এক ঔষধ ব্যবহার করিতে করিতে যে অন্য

ঔষধ ব্যবহার করা যায়, তাহাকে intercurrent ঔষধ বলে।

ইণ্টারকষ্টাল, (Intercostal) পরশুকা-মধ্য, পঞ্জরাস্থির অভ্যন্তরে অবস্থান।

ইণ্টারট্রাইগো, (Intertrigo) চর্ম্মে চর্ম্মে ঘর্ষণ লাগিয়া যে ক্ষত উৎপন্ন হয়, অহিপূতন।

ইণ্টারন্যাল, (Internal) আভ্যন্তরিক।

ইণ্টারমিউরাল, (Intermural) প্রাচীরান্তর্ব্বর্ত্তী।

ইণ্টারমিটিং, (Intermitting) বিরামশীল, ক্ষণবিলুপ্ত।

ইণ্টারমিটেণ্ট, (Intermittent) পর্য্যায়শীল; যাহা ছাড়িয়া আবার প্রকাশ পায়, সবিচ্ছেদ।

ইণ্টারমিশন, (Intermission) রোগের বিরামকাল বা বিচ্ছেদ অবস্থা।

ইণ্টারষ্টিসিস্, (Interstices) শরীরের অণুর মধ্যবর্ত্তী শূন্য স্থান।

ইণ্টারষ্টিশিয়াল, (Interstitial) শারীরিক যন্ত্রের মধ্যবর্ত্তী স্থান সম্বন্ধীয়, সান্তর।

ইণ্টারসেলুলর, (Intercellular) অন্তঃ-কৌষিক, কোষদ্বয়ের অভ্যন্তরে অবস্থিত।

ইণ্টেগুমেণ্ট, (Integument) আবরণ, গাত্রচর্ম্ম।

ইণ্টেন্সিটী, (Intensity) প্রাবল্য।

ইণ্টেষ্টাইনস, (Intestines) আমাশয় হইতে গুহ্যদ্বার পর্য্যন্ত বিস্তারিত পরিপাক ক্রিয়া সাধক নলের আকর যন্ত্র। অন্ত্র দেখ।

ইণ্টোনেশন, (Intonation) উদরে বায়ু সঞ্চয় জনিত গুড় গুড় শব্দ।

ইণ্ট্রা, (Intra) মধ্য বা মধ্যে অবস্থিতি সূচক উপসর্গ।

ইণ্ডিকেশন, (Indication) যথাযোগ্য ঔষধ সূচক রোগলক্ষণ।

ইণ্ডিগো, (Indigo) নীল।

ইণ্ডিয়ান হেম্প (Indian Hemp) গাঁজা, সিদ্ধি।

ইণ্ডিজেস্সন, (Indigestion) অগ্নিমান্দ্য, অজীর্ণ।

ইণ্ডিস্পজিসন, (Indisposition) অসুখ, সামান্য পীড়া।

ইণ্ডুরেশন, (Induration) কঠিনতা, দৃঢ়তা।

ইণ্ডেক্স, (Index) প্রদর্শক, তর্জ্জনী অঙ্গুলী।

ইণ্ডোলেণ্ট, (Indolent) ভার বা সর্ব্বতোভাবে বেদনা শূন্য।

ইন্হেলেসন, (Inhalation) ধুম, ভাপরা।

ইন্ফ্লুয়েঞ্জা, (Influenza) শ্লেষ্মাজ্বর;

ইহাতে সর্দ্দি কাশি অরুচি আলস্য ইত্যাদি উপসর্গ হয়, তিন চারি দিন পরে জ্বর ছাড়িয়া যায়, কিন্তু সর্দ্দি কাশি মুখের বিস্বাদতা একুশ দিন পর্য্যন্ত থাকে, ইহা ব্যাপক রোগ মধ্যে পরিগণিত। ইংরাজী ১৮৯০ খৃষ্টাব্দের মার্চ্চ মাসে কলিকাতা নগরীতে আবির্ভূত হইয়া ভয়ানক আকার ধারণ করে।

ইথার, (Ither) সল্‌ফিউরিক য়্যাশিড, নাইট্রিক য়্যাসিড প্রভৃতি য়্যাসিড এবং আল্‌কোহল বা বিশুদ্ধ সুরা সহযোগে চুয়াইলে যে অতি লঘু উদ্বায়ী দাহ্য সুতীব্র শীতলাস্বাদ পদার্থ উৎপন্ন হয়।

ইন্‌অকুলেশন, (Inoculation) চর্ম্ম ভেদ পূর্ব্বক সংক্রামক রোগাদির বীজ শরীরাভ্যন্তরে প্রবিষ্ট করিয়া সেই রোগের উৎপাদন প্রক্রিয়া; নৃম সূর্ধ্যাধান ; নরবীজে টীকা প্রদান।

ইন্‌অরগ্যানিক,(Inorganic) জীবন ধারণের যন্ত্রাদি বিহীন ; যথা—খণিজ পদার্থ।

ইন্‌অস্কিউলেশন, (Inosculation) দুই রক্তবহা নাড়ীর প্রান্তভাগ সংস্পর্শ বা সম্প্রবেশ দ্বারা একীভূত হওয়া।

ইন্‌কন্টিনেন্স, (Incontinence) মূত্রাদি ধারণে অসমর্থতা।

ইন্‌কম্প্যাটিবল, (Incompatible) যে সকল ঔষধ পরস্পর মিশ্রিত হইলে গুণান্তর জন্মে; অসম্মিলন।

ইন্‌কুবস,(Incubus) মুখ চাপা,বোবা ধরা, স্বপ্নাবস্থায় গমন; শ্বাস ও বাক্‌রোধ।

ইন্‌কুবেশন, (Incubation) শরীরে কোন দোষ বা রোগ প্রবেশ ও তাহার স্পষ্ট লক্ষণ প্রকাশ এতদুভয়ের মধ্যবর্ত্তী কাল ; রোগের পূর্ব্বরূপ।

ইন্‌ক্রষ্টেশন, (Incrostation) মামড়ী পড়া, ক্ষতাদিতে চম্‌টী পড়া।

ইন্‌গ্রিডিয়েন্ট, (Ingredient) মিশ্র দ্রব্যের ভিন্ন ভিন্ন উপাদান।

ইন্‌টলারেবল, (Intolerable) অসহ্য, যাহা সহ্য করা যায় না।

ইন্‌টেম্পারেন্স, (Intemperance) সুরামত্ততা, অমিতাচার।

ইন্দবর, নীলোৎপল।

ইন্দিরালয়, পদ্ম।

ইন্দিরাবর, নীলোৎপল, শুঁদী।

ইন্দিবর, ঐ।

ইন্দীবর, নীলোৎপল, শুন্দী।

ইন্দীবরিণী, উৎপলিনী।

ইন্দীবরী, শতমূলী।

ইন্দীবার, ইন্দীবর

ইন্দু, কর্পূর।

ইন্দুক, অশ্মন্তক বৃক্ষ।

ইন্দুকমল, পীতোৎপল।

ইন্দুকলিকা, কেতকী।

ইন্দুকী, গাববৃক্ষ, কেন্দু বৃক্ষ।

ইন্দুপুষ্পিকা, কলিকারী বৃক্ষ, বিষলাঙ্গলা।

ইন্দুরত্ন, মুক্তা।

ইন্দুলেখা, অমৃতা, গুলঞ্চ, সোমলতা, যমানী।

ইন্দুলোহক, রৌপ্য।

ইন্দুবল্লী, সোমলতা।

ইন্দ্র, কুটজ বৃক্ষ, কুড়চি, ইন্দ্রযব।

ইন্দ্রগোপ, রক্তবর্ণ কীট বিশেষ, মখ্‌মলী।

ইন্দ্রচন্দন, হরিচন্দন।

ইন্দ্রচির্ভিটী, লতাবিশেষ, যুগ্মফলা, দীর্ঘবৃন্তা, ইন্দীবরা, উত্তমারণী, পুষ্প মঞ্জরিকা, দ্রোণী, করম্ভা, নলিকা; (গুণ) কটু, শীত, পিত্ত, শ্লেষ্মা, কাশদোষ, ব্রণ, কৃমি নাশী, চক্ষুর হিতকারী।

ইন্দ্রদারু, দেবদারু বৃক্ষ।

ইন্দ্রদ্রবা, ইন্দ্রদ্রুম, অর্জ্জুনি বৃক্ষ, কুটজ বৃক্ষ।

ইন্দ্রপুষ্প, লবঙ্গ, ইন্দ্রযব।

ইন্দ্রপুষ্পা, বিষলাঙ্গলা।

ইন্দ্রপুষ্পিকা, বিষলাঙ্গলা।

ইন্দ্রভেষজ, শুঁঠ।

ইন্দ্রযব, স্বনামখ্যাত কুটজ বৃক্ষের তিক্ত বীজ বিশেষ; (গুণ) কটু তিক্ত শীত কফ বাত রক্ত পিত্ত হর, দাহাতিসার প্রশমক, জ্বরদোষ শূল মূল নাশী।

ইন্দ্রলুপ্ত, (Baldness) টাক, কেশনাশক রোগ বিশেষ, তৈল বিশেষ।

ইন্দ্রবল্লী, পারিজাত লতা, রাখালশশা, ইন্দ্রবারুণী।

ইন্দ্রবস্তি, শৃজ্ঘার নিম্নভাগ।

ইন্দ্রবারুণিকা, ইন্দ্রবারুণী লতা।

ইন্দ্রবারুণী, ইন্দ্রবারণিকা, রাখালশশা, রাজা গোমক, গোরক্ষ কাঁকুড়, তিক্ত রস যুক্ত শ্বেতমূল, পীত পুষ্প লতা বিশেষ; (গুণ) তিক্ত কটু শীতল রোচক, গুল্ম পিত্ত উদর শ্লেষ্ম কৃমি কুষ্ঠ জ্বর নাশক।

ইন্দ্রবিষা, আতইচ।

ইন্দ্রবীজ, ইন্দ্রযব, স্বনামখ্যাত কুটজ বৃক্ষের তিক্ত বীজ।

ইন্দ্রবৃদ্ধা, ব্রণরোগ বিশেষ।

ইন্দ্রবৃক্ষ, দেবদারু।

ইন্দ্রসুত অর্জুন বৃক্ষ।

ইন্দ্রসুরম, নিষিন্দা বৃক্ষ।

ইন্দ্রসুরা, রাখালশশা, ইন্দ্রবারুণী।

ইন্দ্রসুরিস, ইন্দ্রসুরস, নিষিন্দা।

ইন্দ্রসুরী, নিষিন্দা গাছ।

ইন্দ্রা, কপিজঘক বৃক্ষ, কাটা জামীর।

ইন্দ্রানিকা, নিষিন্দা বৃক্ষ।

ইন্দ্রানী, ঐ, নীলসিন্ধুবার।

ইন্দ্রারণ, মহাকাল, মাকাল, ইন্দ্রবারুণী।

ইন্দ্রাসন, সম্বিদাবৃক্ষ, সিদ্ধি, গুঞ্জা, কুঁচ।

ইন্দ্রি, ইন্দ্রিয়, (Organ)

ইন্দ্রিয়সেবা, মৈথুনক্রিয়া।

ইন্ফণ্ডিবিউলম, (Infundibulum) কুপী বা ধুতুরা ফুলের আকৃতি শরীরাংশ।

ইন্ফারমারী, (Infirmary) সাধারণের দাতব্যে নিরুপায় রোগী সকলের ঔষধ পথ্য বাস ও শুশ্রূষাপ্রদ চিকিৎসালয়।

ইন্ফিউজন্, (Infusion) শীতল বা উষ্ণ জলে ভিজাইয়া কোন ঔষধের সার গ্রহণ করা, ফাণ্ট; শিরাতে পিচকারী দ্বারা ঔষধ দ্রব্য প্রবেশ করা।

ইন্ফিউজম্, (Infusum) ইন্ফিউজন্।

ইন্ফিনিটিশিম্যাল, (Infinitesimal) অত্যন্ত ক্ষুদ্র, অসীম ভাগে বিভক্ত।

ইন্ফিল্‌ট্রেশন, শরীরের কোন বিধানের রন্ধ্রে তরল দ্রব্যের প্রবেশ।

ইন্ফেকশন, (Infection) বায়ু বা কীটানু সহযোগে রোগসংক্রমণ।

ইন্ফ্যাণ্ট, (Infant) শিশু।

ইন্ফ্যাণ্টাইল, (Infantile) শৈশব।

ইন্ফ্যাণ্টিসাইড, (Infanticide) সদ্যজাত শিশু হত্যা।

ইন্ফ্রা, (Infra) নিম্নজ্ঞাপক উপসর্গ; যথা—ইন্ফ্রাস্পিনেটশ।

ইন্ফ্রাস্পিনেটশ, (Infraspinatus) অংশ-ফলকাস্থির নিকটবর্ত্তী পৃষ্ঠবংশের নিম্ন পেশী বিশেষ।

ইন্ফ্রিক্সন, (Infriction) তৈলাদি শরীরে মর্দ্দন।

ইন্ফ্লুয়েন্স, (Influence) প্রভাব, ক্ষমতা।

ইন্ফ্লেমেটরী, (Inflamatory) প্রদাহিক।

ইন্ফ্লেম্‌ড (Inflamed) প্রদাহিত।

ইন্ফ্লেমেশন (Inflamation) শরীরের কোন অংশের আরক্ততা বা স্ফীততা এবং তাহার সহিত সাধারণতঃ উত্তাপ, বেদনা ও জ্বর; প্রদাহ।

ইন্ফ্লেশন, (Inflation) বায়ু বা বাষ্প জনিত স্ফীতি, আধ্মান।

ইন্ভলাণ্টরী, (Involuntary) অনৈচ্ছিক, অসাড়।

ইন্ভার্টিব্রেট, (Invertibrate) কশেরুকা বা পৃষ্ঠবংশের অস্থিহীন।

ইন্ভার্সন, (Inversion) কোন শারীরিক

যন্ত্রের অভ্যন্তর দিক্ বহির্দ্দিকে ঘুরিয়া থাকা; বিপর্য্যয়।

ইন্‌ভিটারেট, (Inveterate) উৎকট, দীর্ঘকালস্থায়ী।

ইন্‌ভেসন, (Invasion) রোগের প্রথম বা আক্রমণাবস্থা।

ইন্‌ভোলিউসন, (Involution) প্রসবের পর জরায়ুর পুনরায় ক্ষুদ্রায়তন প্রাপ্তি।

ইন্‌সম্‌নিয়া, (Insomnia) অনিদ্রা, নিদ্রা-হীনতা।

ইন্‌সোলিউবেল, (Insoluble) যাহা দ্রব হয় না।

ইন্‌সাইজ্‌ড উণ্ড, (Incised wound) কাটা ঘা।

ইন্‌সাইটু, (Insitu) স্বস্থানে অবস্থিত।

ইন্‌সিজর্স, (Incisors) ত্রোটক দন্ত, সম্মুখের দাঁত যাহা দ্বারা ভোজ্য দ্রব্য কাটা যায়।

ইন্‌সিপিয়েন্ট, (Incipient) পূর্ব্বরূপ বা প্রারম্ভ অবস্থা যুক্ত।

ইন্‌সিসন, (Incision) ছুরিকাদি ধারাল অস্ত্র দ্বারা দেহের কোন স্থানের উপরিভাগ মাত্রকর্ত্তন, উচ্ছেদন।

ইন্‌সোলেশিও, (Insolatio) সর্দ্দিগর্ম্মি।

ইন্‌স্পিরেশন, (Inspiration) নিশ্বাস-ক্রিয়া।

ইন্‌স্পিসেসন, (Inspissation) বাষ্প উদ্গত ক্রিয়া দ্বারা তরল বস্তুকে ঘন করা।

ইন্‌সেন, (Insane) উন্মাদ।

ইন্‌সেনিওলা, (Insaniola) অর্দ্ধ উন্মাদ, আধপাগলা।

ইন্‌সোলেশন, (Insolation) সর্দ্দিগর্ম্মি রোগ।

ইন্‌স্যানিটী, (Insanity) উন্মাদরোগ।

ইন্‌সফ্লেশন, (Insafflation) বায়ু, বাষ্প বা ঔষধের সূক্ষ্ম চূর্ণ ফুৎকার দ্বারা শরীর গহ্বরে প্রবেশ।

ইন্‌হেলার, (Inhaler) ধূম বা বাষ্পাদি নিঃসরণার্থ যন্ত্র বিশেষ।

ইন্‌হেলেশন, (Inhalation) ধূম বা বাষ্প আকর্ষণ দ্বারা ফুস্‌ফুস্ যন্ত্রে গ্রহণ।

ইনামেল, (Inamel) দন্তের বহিরাবরণ।

ইনারভেশন, (Innervation) স্নায়ু-মণ্ডলের কার্য্য।

ইনোমা, (Inoma) তন্তুময় অর্ব্বুদ।

ইনোমিনেটম্, (Innominatum) "অনা-মাস্থি" দেখ।

ইনোমিনেটা, (Innominata) এওর্য়াটা বা মহা ধমনী হইতে উৎপন্ন সকলা-পেক্ষা বড় ধমনী; নামহীন।

ইনোসাইট, (Inosite) হৃৎপিণ্ডের পেশীর

রসে অবস্থিত একপ্রকার মিষ্ট দ্রব্য বা চিনি ; পেশী শর্করা।

ইপিক্যাকুয়ানা (Ipecacunha) ইপিক্যাক লতা বিশেষ।

ইপিজিয়ারিপেন্স ট্রেলিং আরবিউটস, ক্ষুপবিশেষ।

ইফিলিস্, (Ephelis) সূর্য্যোত্তাপে চর্ম্মের বিবর্ণতা ; সূর্য্যদগ্ধ।

ইভ, নাগকেশর বৃক্ষ।

ইভকণা, গজপিপ্পলী।

ইভকর্ণ, পলাস।

ইভকেশর, নাগকেশর।

ইভদন্তা, নাগদন্তী বৃক্ষ।

ইভষা, স্বর্ণক্ষিরি বৃক্ষ।

ইভাক্ষ্য, নাগকেশর বৃক্ষ।

ইভারসন, (Eversion) বাহিরের দিকে উন্টান।

ইভাপোরেশন, (Evaporation) বাষ্পীভূত-ভাব, বাষ্প হওয়া।

ইভাপোরেটিং লোশন, (Evaporating lotion) প্রদাহাদিতে প্রয়োয্য সুরা-বা ইথারের জল মিশ্রিত ধৌত ; উৎপতিষ্ণু ধৌত।

ইভোষণা, গজপিপ্পলী।

ইম্পালস্, (Impulse) বক্ষপ্রাচীরে হৃৎপিণ্ডের আঘাত, আবেগ।

ইমাল্‌জেন্ট, (Emulgent) পিত্তনিঃসারক।

ইমাল্‌সন, (Emulsion) দুগ্ধবৎ ঔষধ।

ইমিডিয়েট, (Immediate) অব্যবহিত।

ইমোশন, (Emotion) হর্ষবিষাদাদি মনোভাব।

ইম্পারফেক্ট, (Imperfect) অসম্পূর্ণ।

ইম্পারফোরেট, (Imperforate) স্বাভাবিক দ্বারাদির রন্ধ্র বা মুখহীন, ছিদ্রশূন্য।

ইম্পিটাইগো, (Impetigo) পীতবর্ণ পীড়কা, তৎপরে আঁইসের ন্যায় মামড়ি ও চুলকানযুক্ত একপ্রকার চর্ম্মরোগ।

ইম্প্রেগ্‌নেশন, (Impregnation) গর্ভোৎপাদন।

ইম্প্রেশন, (Impression) সংস্কার, উত্তেজনা।

ইম্পোটেন্স, (Impotence) ধ্বজভঙ্গ।

ইম্লি, (হিন্দুস্থানী) তেঁতুল।

ইম্বেশিলিটী (Imbecility) মানসিক বা শারীরিক শক্তিহীনতা।

ইয়নিং, (Yawning) জৃম্ভন, হাই।

ইয়ার, (Ear) কর্ণ, কাণ। ইহার তিনটী ভাগ যথা—বাহ্যকর্ণ, মধ্যকর্ণ, অভ্যন্তর কর্ণ।

ইয়ার-এক, (Ear-ache) কর্ণশূল, কর্ণবেদনা।

ইয়ার-ওয়াক্স, (Ear-wax) কর্ণমল, কাণের খইল।

ইয়েষ্ট, (Yeast) মদের ফেণা, অভিসব। ব্র্যাম খম্মিরা।

ইয়োলো, (Yellow) পীতবর্ণ।

ইয়োলো-ফিভার, (Yellow-fever) পীত-জ্বর; ইহাতে চর্ম্ম পীতবর্ণ হয়, ইহা অতি সাংঘাতিকরূপে পরিগণিত।

ইরক্টেশন, (Eructation) উদ্গার, ঢেঁকুর।

ইরপ্সন, (Iruption) পীড়কা, উদ্ভেদ, কণ্ডূ।

ইরাপ্টিভ, (Iruptive) স্ফোট, অর্থাৎ পীড়কাযুক্ত; যথা—Iruptive fever বসন্তাদি স্ফোটজ্বর।

ইরাবতী, বটপত্রী বৃক্ষ, পাষাণ ভেদী বিশেষ।

ইরাবতী জল, ব্রহ্মদেশ প্রবাহিত নদী বিশেষের জল; গুণ গঙ্গাজলের ন্যায়।

ইরিওডিক্টিয়ন, ইয়ার বা সেণ্টা বৃক্ষ বিশেষ।

ইরিজারন ক্যানেডেন্স, ফ্লিবেন, বৃক্ষ বিশেষ।

ইরিঞ্জিয়ম ম্যারিটিম, সিহলি, মূলবিশেষ।

ইরিঞ্জিয়ম, য়্যাকোয়াটিকম, বটন স্নেক-রুট; মূলবিশেষ।

ইরিগেশন, (Irrigation) ধারাস্নান; উহা শরীরের যে কোন অংশে প্রযুক্ত হইতে পারে।

ইরিটেবিলিটি, (Irritability) উত্তেজনানুসারে জীবিত শরীরের সঞ্চালন ও সংকোচন শক্তি, উপদাহিতা; উদ্দীপনশীলতা।

ইরিটেটিভ ফিভার, (Irritative fever) স্নায়ুমণ্ডল ও রক্তবহা নাড়ীমণ্ডলের অল্পকালস্থায়ী উত্তেজন এবং জীবনীশক্তির অতিশয় অবসাদযুক্ত জ্বর।

ইরিটেশন, (Irritation) শরীরের কোন যন্ত্র বা অংশের স্নায়ুর ও পেশীর সাতিশয় ক্রিয়া; উপদাহ, উত্তেজনা।

ইরিট্যাণ্ট, (Irritant) যদ্দ্বারা উপদাহ অর্থাৎ বেদনা, উত্তাপ ও প্রদাহ জন্মে।

ইরিথ্রক্সিলন, গুল্মবিশেষ।

ইরিবেল্লিকা, মস্তকোদ্ভূত ব্রণজন্য পীড়া বিশেষ।

ইরিমেদ, বিটক্ষদির; গুইয়েবাবলা।

ইরেক্থ্রাইটস্ হাইয়ারেশি ফোলিয়ান, ফায়ার উইড; ক্ষুপবিশেষ।

ইরেগুলার, (Irregular) প্রকৃতির নিয়ম-বিরুদ্ধ, অসম, বিষম।

ইরেটিক, (Erratic) প্রসারণশীল।

ইরোজন, (Erosion) ক্ষতাদির ক্ষয় অর্থাৎ খাইয়া যাওয়া।

ইরোটোমেনিয়া, (Erotomania) প্রেমোন্মাদ।

ইর্ব্বারু, কাঁকুড় : (গুণ) স্বাদু, গুরু, অজীর্ণকারী, শীতল ; (পাকাফলের গুণ) দাহ, ছর্দ্দী, তৃষ্ণা, ক্লান্তি নাশী।

ইর্ব্বারুশুক্তিকা, ফুটি।

ইর্ব্বালু, ইর্ব্বারু।

ইল্যাপ্স, সর্পবিষ বিশেষ।

ইল্যাষ্টিশিটি, (Elasticity) আকুঞ্চন প্রসারণাদি করিলেও বস্তুসকল যে গুণ প্রভাবে পূর্ব্বভাব প্রাপ্ত হয়, স্থিতিস্থাপকতা।

ইলাজ, (হিন্দুস্থানী) ফিজিক।

ইলিউসন, (Ellusion) ভ্রম, চিত্তবিভ্রম।

ইলিও, (Ilio) ইলিয়ম সম্বন্ধীয়।

ইলিয়ম, (Ileum) ক্ষুদ্রান্ত্রের তৃতীয়াংশ ; জড়িতান্ত্র।

ইলিয়ম, (Ilium) শিশুকালে অস্ ইনোমিনেটম যে তিনখান অস্থিতে বিভক্ত থাকে, তাহার মধ্যে যেখান সর্ব্ব বৃহৎ তাহার নাম ; কটির অস্থি।

ইলিয়স, (Ileus) অন্ত্রাবরোধ, অন্ত্রশূল।

ইলিয়্যাক প্যাশন, (Iliac passion) মলবমন সংযুক্ত অন্ত্রাবরোধ।

ইলিয়্যাক্ রিজন, (Iliac region) পঞ্জর ও কুঁচকির মধ্যবর্ত্তী উদরাংশ।

ইলিয়্যাক ফোসা, (Iliac fossa) শ্রোণী গহ্বর।

ইলিস্, স্বনামখ্যাত মৎস্য বিশেষ ; (গুণ) পিত্তশ্লেষ্মাঅগ্নিবৃদ্ধিকারী, মধুর, হৃদ্য।

ইলেক্ট্রিসিটী, (Electricity) তাড়িত, যে শক্তি প্রভাবে শুষ্ক বস্ত্রাদি দ্বারা ঘর্ষিত হইলে গালা কাচ প্রভৃতি পদার্থ সমীপস্থ অন্যান্য লঘু পদার্থকে আকর্ষণ করিতে পারে তাহাকে তাড়িত বলে।

ইলেটারিণ, ইলেটিরিয়মের বীর্য্য।

ইলেটিরিয়ম, ফলবিশেষের রসের গাদ।

ইশু, (Issue) পূঁজাদি নিঃসরণ জন্য কৃত্রিম প্রস্তুত ক্ষত।

ইস্চুরিয়া, (Ischuria) প্রস্রাব একবারে নির্গত না হওয়া।

ইষীকা, কাশতৃণ, কেশেঘাস।

ইষুকাণ্ড, শর।

ইষুপুঙ্খা, শরপুঙ্খা বৃক্ষ, বননীল।

ইষ্ট, এরণ্ড বৃক্ষ।

ইষ্টকাপথ, বীরমূল, ইষ্টগন্ধ, বালুকা।

ইষ্টা, শমী বৃক্ষ।

ইষ্টিকাপথিক, লামজ্জক তৃণ।

ইক্ষু, স্বনামখ্যাত তৃণ বিশেষ, আক; (গুণ) রক্তপিত্তনাশী, বলশুক্রকফকারী, পাকে মধুর, স্নিগ্ধ, গুরু, শীতল, মূত্রশুদ্ধিকারী, ইহার মূল অতি মধুর, মধ্যভাগ মধুর, গ্রন্থির ত্বকের অগ্রভাগ লবণরসযুক্ত, মূল হইতে উর্দ্ধভাগে মধুর, মধ্যে অতি মধুর, অগ্রে ক্রমশঃ লবণবৎ নীরস। অভুক্ত অবস্থায় ইক্ষু ভক্ষণের গুণ পিত্তদাতা, ভুক্তাবস্থায় বাতপ্রকোপক, ভুক্তি মধ্যে গুরুতর; দন্তনিষ্পীড়িত ইক্ষুরস গুণ—হিম, শুক্রকারী, তৃপ্তিজনক, জীবন হিতকারী, বায়ুরক্তপিত্তনাশী, স্বাদু, স্নিগ্ধ, প্রীতিজনক, রক্তবর্দ্ধক, মুখপ্রহ্লাদকারী, শীতল, ধারক, রুচিকারক, দাহজনক; পর্য্যুসিত ইক্ষু রসের গুণ,—বাতজনক, প্রতিশ্যায় রোগজনক, কফবায়ুকারী; গরম রসের গুণ,—গুরু, সুতীক্ষ্ণ, কফবাতনাশী।

ইক্ষুকাণ্ড, মুঞ্জক, শরমুঞ্জ, কাশতৃণ।

ইক্ষুগন্ধ, কাশতৃণ, ক্ষুদ্র গোক্ষুরক।

ইক্ষুগন্ধা, গোক্ষুরী, কুলে খাড়া, কাশতৃণ, বীজতাড়ক, শুক্ল ভূমিকুষ্মাণ্ড।

ইক্ষুগন্ধিকা, ভূমিকুষ্মাণ্ড।

ইক্ষুজ, ইক্ষুবিকার, গুড়।

ইক্ষুতুল্যা, তৃণবিশেষ, অনাখু, ইক্ষ্বালিকা, অনিক্ষু, ইক্ষুবালিকা, জনার, ধান্যবিশেষ, কাশতৃণ।

ইক্ষুদণ্ড, ইক্ষুযষ্টী, ইক্ষু বৃক্ষের কাণ্ড, মধুতৃণ, গুড়দণ্ড।

ইক্ষুদর্ভা, তৃণবিশেষ; (গুণ) সুমধুর, স্নিগ্ধ, ঈষৎ কষায়, কফপিত্তহর, রুচিজনক, লঘু, পরম তৃপ্তিকারী।

ইক্ষুনেত্র, ইক্ষুগ্রন্থি, ইক্ষু মূল, বৃক্ষ বিশেষ, মোরটক বৃক্ষ।

ইক্ষুপত্র, যাবনাল নামক ধান্য বিশেষ, জোয়ার।

ইক্ষুপ্র, শরতৃণ।

ইক্ষুবল্লী বা ইক্ষুবল্লরী, ক্ষির বিদারী, ক্ষির বৃক্ষ।

ইক্ষুবালিকা, ইক্ষুতুল্যা, কাশতৃণ, কেশে।

ইক্ষুবিকার, চিনি, গুড়; (গুণ) দাহ মূর্চ্ছা পিত্তাস্রনাশী, গুরু, মধুর, স্নিগ্ধ, বাতহর, বৃষ্য, মেহহর, শীত, বৃংহক এবং বিষহারী।

ইক্ষুবেষ্টন, ভদ্রমুঞ্জ;

ইক্ষুভক্ষিকা, ইক্ষুভোজন, গুড়, শর্করা।

ইক্ষুভক্ষিতী, ইক্ষু ভক্ষণ কারিণী স্ত্রী, গুড়।

ইক্ষুমূল, বৃক্ষবিশেষ, মোরটক।

ইক্ষুমেহ, সুশ্রুতোক্ত প্রমেহ রোগ বিশেষ।

ইক্ষুযোনি, পুণ্ড্রকইক্ষু।

ইক্ষুর, কুল্যাখাড়া, ইক্ষু, কাশতৃণ, গোক্ষুরী।

ইক্ষুরক, কুল্যাখাড়া, স্থূলশর, কাশতৃণ।

ইক্ষুরস, আখের রস, কাশতৃণ, নড়া।

ইক্ষুরস ক্বাথ, গুড়, খাঁড়।

ইক্ষুবল্লরী, ক্ষিরবিদারী, ক্ষিরকন্দ।

ইক্ষুবাটিকা, পুণ্ড্রক, পুড়ি আক।

ইক্ষুবিদারী, ভূমিকুষ্মাণ্ড।

ইক্ষুসার, গুড়।

ইক্ষ্বাকু, কটুতুম্বী, তিতলাউ।

ইক্ষ্বারি, কাশতৃণ।

ইক্ষ্বালিক, ঐ।

ইক্ষ্বালিকা, ইক্ষুতুল্যা, খাগড়া।

ইস্‌কিউলাস গ্লাবরা, ওহিওবকি, বৃক্ষবিশেষ।

ইস্তিকসা, (হিন্দুস্থানী) শোথ।

ইসপ্‌গুল, (হিন্দুস্থানী) পারস্য দেশজ এক প্রকার ক্ষুদ্র বীজ।

ইস্‌থমস্, (Isthmus) শরীরের দুইটী যন্ত্র সংযুক্তকারী অপ্রশস্ত অংশ, যোজক।

ইসেফেগস্, (Œsophagus) গলনলী।

ইস্কিয়ম, (Ischium) অনাখ্য অস্থির খণ্ডত্রয়ের সকলের নিম্ন খণ্ড, যাহাতে ভর দিয়া বসা যায়।

ইস্কিয়েটিক, (Ischiatic) ইস্কিয়ম সম্বন্ধীয়।

ইস্‌হাল, (হিন্দুস্থানী) অতিসার।

ঈ

ঈর্ব্বারু, ফুটী।

ঈর্ব্বারুক, সপুরিয়া কুষ্মাণ্ড, বিলাতী কুমড়া।

ঈশ, পারদ।

ঈশান, শমীবৃক্ষ।

ঈশানী, শমীবৃক্ষ।

ঈশ্বর, পারদ।

ঈশ্বরী, লিঙ্গিনী বৃক্ষ, বন্ধ্যা কর্কোটকী বৃক্ষ, রুদ্রজটা লতা, নালুকীকন্দ।

ঈষিকা, তৃণের মাজ, খড়িকা, কেশে।

উ

উইজ্‌ডম টিথ, (Wisdon teeth) জ্ঞান-দন্ত, আক্কেল দাঁত।

উইণ্ড, (Wind) আধ্মান, উদরে সঞ্চিত বায়ু।

উক, (হিন্দুস্থানী) ইক্ষু, আক।

উখর্ব্বল, তৃণবিশেষ ; (গুণ) বলদাতা, রুচিকর,পশুদিগের সর্ব্বদা হিতকর।

উগ্র, বৎসনাভ বিষ, শোভাঞ্জন বৃক্ষ।

উগ্রকাণ্ড, কারবেল্ল, করলা, উচ্ছা।

উগ্রগন্ধ, হিঙ্গু, হিং, লশুন, কটফল, অর্জ্জক বৃক্ষ, চম্পক।

উগ্রগন্ধা, অজমোদা, বচ, চিক্কিকৌষধি, অজগন্ধা, যমানী।

উগ্রা, বচ, যমানী, ছিক্কিকৌষধি, ধন্যাক।

উগ্রতা, তীব্রতা, প্রাবল্য, কাঠিন্য।

উচ্চক্রম, (High dilutions) হোমিও-প্যাথিক ঔষধের ত্রিশ হইতে দুইশত পর্য্যন্ত ক্রম।

উচ্চতর ক্রম,(Higher dilution) দুইশত হইতে উর্দ্ধ সংখ্যা পর্য্যন্ত ক্রম।

উচ্চটা, গুঞ্জা, ভূম্যামলকী, নাগর মুথা, লশুন ভেদ, নির্বিষী তৃণ।

উচ্চতরু, নারিকেল বৃক্ষ।

উচ্চার, পুরীষ, বিষ্ঠা।

উচ্ছ্বলৎ পানীয়, (Effervasing draught) যথা—সোডা ও য়্যাশিড একত্র জলসংযোগে ফাঁপিয়া উঠে; উচ্ছ্বলনীয় পানীয়।

উচ্ছ্বলনশীলতা, (Fermentibility) সোডা য়্যাশিডের ন্যায় ফেণযুক্ত ও উথলিয়া উঠার নাম।

উচ্ছিলীন্ধ্র, ছত্রিকা, কোড়ক ছাতা।

উচ্ছিষ্টমোদন, শিকথক, মোম।

উজ্জ্বল, স্বর্ণ।

উডুম্বর, তাম্র, কর্ষ পরিমাণ, ২ তোলা।

উড়ুম্বর, উডুম্বর বৃক্ষ, যজ্ঞ ডুম্বুর ; (গুণ) হিম, রুক্ষ্ম, গুরু, পিত্তকফনাশী।

উড়ুম্বর পর্ণী, দন্তীবৃক্ষ।

উণ্ড, (Wound) বাহ্য উপাঘাত বশতঃ শরীরের কোন অংশ ছিন্ন বা ভিন্ন হইলে তাহাকে সদ্য ব্রণ বা উণ্ড বলে। তীক্ষ্ণধার অস্ত্র দ্বারা ক্ষত জন্মিলে তাহাকে Incised wound ইন্‌সাইজিড উণ্ড বা ছিন্ন ব্রণ, ক্ষতের প্রশস্ততা অপেক্ষা গভীরতা অধিক হইলে তাহাকে পঙ্কচার্ড উণ্ড

Punctured wound বা বিদ্ধ ব্রণ, ছিন্ন স্থলের প্রান্তগুলি অসম হইলে Lacerated wound ল্যাশারেটেড উণ্ড বা ক্ষত ব্রণ, এবং চর্ম্ম বিদহিত হইয়া বিচ্ছিন্ন না হইলে তাহাকে contused wound বা ঘৃষ্ট ব্রণ বলে।

উণ্ডুক গ্রন্থি, (Thymus gland) বৃহৎ রক্তবহা নাড়ীগুলির সম্মুখে এবং গ্রীবার নিম্নভাগ ও বক্ষাস্থির মধ্যে স্থিত অস্থায়ী গ্রন্থিবিশেষ।

উৎকট, রক্তেক্ষু, ওকড়া, গুড়ত্বক তেজপত্র।

উৎকটা, সৈংহলী লতা।

উৎকতা, গজপিপ্পলী।

উৎকম্পন, (Vibration) অতি সত্বর আন্দোলন।

উৎকর্ষ, শ্রেষ্ঠতা, বৃদ্ধি।

উৎকর্ষণ, (Extraction) দন্ত বা শল্যাদি উত্তোলন।

উৎক্ষেপ, (Jerking) উর্দ্ধে ক্ষেপন।

উৎখলা, সুরানামক গন্ধদ্রব্য, তালপর্ণী. তালপর্ণ, গলাধ্যা, খশা।

উৎপল, নীলপদ্ম, জলজ পুষ্প, শুঁদী, কুড়; (গুণ) কষায়, মধুর, শীতল, পিত্তকফরক্তনাশী।

উৎপলগন্ধিক, চন্দনবিশেষ, গোশীর্ষক।

উৎপলশারিবা, শ্যামলতা।

উৎপলিনী, জলজ পুষ্প বিশেষ, উৎপল; (গুণ) হিম, তিক্ত, রক্তাম্রপিত্তনাশী, বাতকফকাশতৃষ্ণাশ্রমবমি শমতাকারী; (উহার বীজের গুণ) স্বাদু, রুক্ষ, হিম, গুরু।

উৎপাদিকা, হিলমোচিকা, পুতিকা, দেহিকা নামক কীট।

উৎক্ষিপ্ত, ধুতুরা ফল।

উৎসর্গ, (Extravasation) রসরক্তাদি তরল পদার্থ বাহ্যনাড়ী বা আধার হইতে আধেয় পদার্থের বিমুক্তি ও নিকটস্থ বিধানে সঞ্চয়।

উৎসঙ্গ, (Apthae) শিশুদিগের মুখ প্রভৃতিতে ক্ষুদ্র ক্ষুদ্র সাদা ক্ষত; জারি ঘা।

উৎসাদন, (Granulation) ক্ষত আরোগ্যকালে তাহাতে যে ক্ষুদ্র ক্ষুদ্র মাংসাঙ্কুর জন্মে; ক্ষতাঙ্কুর, দানা উৎপাদন।

উৎসেচন, (Fermentation) অন্তরুৎসেক দেখ।

উৎসেধ, (Eruption) উন্নত মাংস, পীড়কা।

উত্তম কলিনী, দুগ্ধিকা বৃক্ষ, ক্ষিরুই।

উত্তমা, ক্ষিরুই, দুগ্ধিক বৃক্ষ।
উত্তমারণী, ইন্দীবরী।
উত্তরবস্তি, মূত্রমার্গে পিচ্‌কারী দান।
উত্তরবারুণী, রাখালশশা।
উত্তানক, উচ্চটা তৃণ, আমরুল।
উত্তান পত্রক, রক্ত এরণ্ড বৃক্ষ।
উদ্ভব, ভৃষ্ট ধান্য, লাজা, খই, খাজিক।
উত্তেজক, (Stimulant) যে সকল ঔষধে শরীরস্থ যন্ত্রের ক্রিয়ার উত্তেজনা জন্মে।
উত্তেজক কারণ, (Exciting cause) উদ্দীপক কারণ।
উদক, জল, বালা।
উদকীর্ণ, মহাকরঞ্জ।
উদকীর্য্য, ডহরকরঞ্জ, ভাল করমোচা।
উদধিমল, সমুদ্র ফেণ; (গুণ) শীতল, কষায়, অতি বাহ্নিকর।
উদখল, (Mortar) খল, যাহাতে ঔষধ চূর্ণ ও মর্দ্দন করা যায়।
উদ্‌গম, (Erection) রক্ত সঞ্চার বশতঃ অঙ্গবিশেষের অনম্য শক্ত ও স্ফীত অবস্থা, উদ্রেক, লিঙ্গাদির উত্থান।
উদ্‌গার, (Eruction) মুখ দ্বারা শব্দ ও বায়ুনির্গম, ঢেকুর।
উদ্গীরণ, (Regargitation) উগারিয়া ফেলা, বমন।
উদজান, (Hydrogen) স্বাদ গন্ধ বর্ণ হীন দাহ্য বাষ্প বিশেষ; ইহা সকল পদার্থ অপেক্ষা লঘু। এই বাষ্প জলের নয় ভাগের এক ভাগ। উপাদান; জলযান।
উদ্বায়ী, (Volatile) অনাবৃত রাখিলে বাষ্পাকারে উড়িয়া যাইবার গুণ বিশিষ্ট।
উদ্বেগ, গুবাক।
উদ্ভিদ, পাংশুলবণ, পাঙ্গা লবণ।
উদ্ভেদ, (Iruption) গাত্রকণ্ডু, পীড়কা।
উদ্রেকা, মহানিম্ব।
উদন্যা, পিপাসা।
উদর, রোগবিশেষ, (Abdomen) বক্ষস্থল ও বস্তিকোটর এই দুইয়ের মধ্যবর্ত্তী গহ্বর, পেট। উদরে যে শোথ রোগ হয়, তাহাকে সাধারণ লোকে উদরী বলিয়া থাকে, কিন্তু রোগটার নাম উদররোগ, এই রোগকে ইংরাজীতে ascites বলে।
উদরগ্রন্থি, গুল্মরোগ।
উদরচ্ছদ, (Peretoneum) অন্তাবরক ঝিল্লি।
উদরাময়, পেটের পীড়া, অন্নগন্ধী, অতিসার (Diarrhœa)
উদরীচ্ছদা, হস্তীকলি।

উদর্ক, মদন কণ্টক, ময়না কাঁটা।

উদর্দ্দ, ত্বকের রোগ বিশেষ।

উদাবর্ত্ত, মলমূত্রাদির বেগ ধারণ জন্য পেট ফাঁপা।

উদীচ্য, বালা।

উদম্বর, তাম্র।

উডুম্বর, যজ্ঞডুম্বুর; (ইহার পক্ক ফলের গুণ) মধুর, হিম, কৃমিকারী, রক্ত-পিত্ত-তৃষ্ণা-মূর্চ্ছা-দাহনাশী। (উহার উত্তম পক্ক ফলের গুণ) অতিশয় শীতল, মধুর, পিত্তশ্রমশোথহারী।

উডুম্বরদলা, দন্তীবৃক্ষ।

উডুম্বর পর্ণী, উড়ুম্বর পর্ণী, দন্তী।

উদূখল, গুগ্‌গুলু, উখলী।

উদ্দাল, বহুবার বৃক্ষ, বনকোদ্রব, কুড়।

উদ্দীপক কারণ, (Exciting cause) রোগের মুখ্য বা অব্যবহিত কারণ।

উদ্দীপ্র, গুগ্‌গুলু।

উদ্ধারা, গুড়চী।

উন্দারা, আখুকর্ণী লতা।

উন্নতবটীকা, (Ecthyma) এক প্রকার পীড়কা বিশিষ্ট চর্ম্ম রোগ; দুর্ব্বল লোকদিগেরই প্রধানতঃ এই রোগ জন্মিয়া থাকে।

উন্নাহ, কাঞ্জিক।

উন্মত্ত, মুচুকুন্দ বৃক্ষ।

উন্মাদ, বুদ্ধিভ্রংশকর চিত্তরোগ (Insanity), মন বিভ্রম বিশিষ্ট মানসিক রোগ।

উন্মান, দ্রণ পরিমাণ, ৩২ শের।

উপকুঞ্চি, সূক্ষ্ম কৃষ্ণজীরক।

উপকুঞ্চিকা, কৃষ্ণজীরা, ছোট এলাইচ।

উপকুল্যা, পিপ্পলী।

উপকোষ, (Epididymis) অন্ডের উপরের প্রান্তস্থিত কেঁচোর ন্যায় বস্তু; শুক্রোৎপাদক নাড়ী সকল কুঞ্চিত ও সংযুক্ত হইয়া উহা প্রস্তুত হইয়াছে।

উপক্ষত, (Aphthae) আমাশয়ের ও অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির অর্থাৎ মুখাদির ক্ষুদ্র ক্ষুদ্র শুভ্রবর্ণ ক্ষত; জাড়ি ঘা।

উপক্ষার, (Alkaloid) রাসায়নিক ক্রিয়া দ্বারা প্রস্তুত ক্ষার দ্রব্যের ন্যায় পদার্থ; যথা—সিঙ্কোনার উপক্ষারকে কুইনাইন বলিয়া থাকে।

উপখণ্ড, (Lobe) যকৃৎ, ফুস্‌ফুস্ প্রভৃতির স্বাভাবিক খণ্ড, ক্ষুদ্র ক্ষুদ্র ভাগ।

উপগন্ধক, (Selenium) গন্ধকের ন্যায় এক প্রকার রূঢ় পদার্থ।

উপঘাত, (Injury) অঘাতাদি।

উপচক্র, পক্ষী বিশেষ, চক্রবাক; (উহার মাংসগুণ) লঘু, হৃদ্য, উষ্ণবীর্য্য, কটু-পাকী, বলাগ্নিবৃদ্ধিকর।

উপচর্ম্ম, (Epidermis) বাহত্বক।

উপচার, (Nursing) রোগীর সেবা শুশ্রূষা।

উপচিত্রা, মূষিক পর্ণী, ইন্দুরকাণি, দন্তী-বৃক্ষ, থুলকঁুড়ি।

উপজিহ্বা, (Uvula) আলজিব।

উপতারা, (Iris) আইরিস্ দেখ।

উপত্বক্, (Epithelium) ওষ্ঠ স্তনের অগ্র-ভাগ প্রভৃতির আবরক সূক্ষ্ম চর্ম্ম; শ্লৈষ্মিক ঝিল্লিময় ত্বক।

উপত্বক পরিপুটন (Disqamation) ক্ষুদ্র ক্ষুদ্র আঁইসের ন্যায় ছাল উঠিয়া যাওয়া; শল্কপাত।

উপদংশ, (Syphlis) শিশ্ন রোগ বিশেষ, ফিরিঙ্গী রোগ, গরমির পীড়া, শিগ্রু বৃক্ষ, সমষ্ঠীল বৃক্ষ।

উপদাহ, (Irritation) শারীরিক বিধা-নের উগ্রতা বা উত্তেজনা; ইহাতে স্নায়ু ও পেশীর ক্রিয়াতিশয্য জন্মে।

উপদী, বন্দাক, পরগাছা, বাঁদরা।

উপদেহ, (Liniment) বাহ্যপ্রয়োগার্থ মর্দ্দনের ঔষধ; ইহা তৈল অপেক্ষা অনেকটা গাঢ়।

উপদ্রব, রোগারম্ভক দোষ প্রকোপ জন্য অন্যান্য বিকার।

উপধাতু, স্থূল প্রধান ধাতু সদৃশ ধাতু; যথা—মাক্ষিক, তুত্থক, অভ্র, নীলাঞ্জন, মনঃশীলা, হরিতাল, রসাঞ্জন, শরী-রস্থ ধাতু সম্ভূত উপধাতু; যথা—রসজ স্তনদুগ্ধ, রক্তজ স্ত্রীরজ, মাংসজ বসা, মেদজ ঘর্ম্ম, অস্থিজ দন্ত, মজ্জভব কেশ, শুক্রজ ওজঃ।

উপপর্শুকা, (False ribs) পঞ্জরাস্থির যে দশ খানা বক্ষাস্থির সহিত সংযো-জিত নহে।

উপবিষূচীকা, (Cholerine) বিষূচীকার পূর্ব্ববর্ত্তী সার, ওলাউঠার প্রথমাবস্থা।

উপমাংস, (Excrescence) শরীরের কোন অংশের বিবর্দ্ধিত অংশ, গ্যাঁজ।

উপমেত, শালবৃক্ষ।

উপল, করীষ, ঘুঁটে, পাষাণরত্ন।

উপলভেদী, পাষাণভেদী বৃক্ষ।

উপলা, শর্করা।

উপবট, পিয়াল বৃক্ষ।

উপবল্লিকা, অমৃতস্রবা লতা।

উপবিষ, কৃত্রিম বিষ, আতইচ।

উপবিষা, আতইচ।

উপসর্গ, রোগানুসঙ্গিক উপদ্রব (Cmplica-tions), এক রোগ স্বত্বে অপর রোগের আবির্ভাব।

উপস্থ, (Penis) পুরুষাঙ্গ, লিঙ্গ।

উপহত, (Injured) আহত, আঘাত প্রাপ্ত।

উপাদান, (Ingredients) কোন পদার্থ যে যে বস্তুতে প্রস্তুত হয়।

উপাধান, (Pillow) বালিস।

উপাস্থি, (Cartilage) দেহের অভ্যন্তরস্থ নিরেট স্থিতিস্থাপক ও অস্থিবৎ পদার্থ বিশেষ।

উপাস্থিবেষ্ট, (Perichondrium) যে তন্তুময় শুভ্র আবরণ দ্বারা সন্ধিহীন উপাস্থি ঢাকা থাকে।

উপাস্থিসন্ধি, (Symphysis) উপাস্থি দ্বারা অস্থিদ্বয়ের সংযোগ।

উপোতি, পূতিকা।

উপাদিকা, পূতিকা।

উপোদকী, পূতিকা, পুঁই শাক; (গুণ) কষায়, উষ্ণ, কটু, মধুর, নিদ্রালস্য-রুচিবিষ্টম্ভশ্লেষ্মাকারী।

উপোদিকা, পূতিকা ; (গুণ) সারক, স্নিগ্ধ, বলশ্লেষ্মাকারী, হিম।

উম্ব, (Womb) জরায়ু, গর্ভাশয়।

উমা, মষিণা, হরিদ্রা।

উরগ, সর্প, সীসক।

উরনাক্ষ, দদ্রঘ্ন বৃক্ষ, বৃক্ষবিশেষ, এড়াচি, চাকুন্দ্যা।

উরনাক্ষক, ঐ।

উরনাক্ষক, উরনাক্ষ বৃক্ষ।

উরারা, (Woorara) একপ্রকার অতি তীব্র বিষাক্ত পদার্থ; গায়েনা দেশে প্রাপ্ত হওয়া যায়। ইহাতে অল্প পরিমাণে ষ্ট্রিকনিয়া থাকে। আদিম আমেরিকেরা ইহা দ্বারা শর বিষাক্ত করিয়া থাকে।

উরুকাল, মহাকাল লতা, মাকাল গাছ।

উরুকালক, ঐ, ঐ।

উরুবুক, এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ, রক্ত এরণ্ড বৃক্ষ।

উরুস্তম্ভ, (Paraphigea) নিম্ন অর্দ্ধাঙ্গের পক্ষাঘাত।

উর্ণা, মেষাদির লোম।

উর্ব্বস্থি, (Femur) উরু-অস্থি, উরুর হাড়।

উর্ব্বারু, কাঁকুড়।

উলপ, বিস্তীর্ণ লতা, দ্রাক্ষাদি, উলুখড়।

উলুপ, তৃণবিশেষ, উলুখড়।

উলুক, ঐ, ঐ, পেচক পক্ষী।

উলুখল, উদুখল, গুগ্‌গুলু।

উলুখলক, গুগ্‌গুলু।

উল্ব, জরায়ু।

উশীর, বেণার মূল ; (গুণ) ঘর্ম্ম দৌর্গন্ধ্য দাহপিত্ত ও রক্ত রোগ নাশী, শীতল, তিক্ত, মোহ, ভ্রমনাশক, জ্বর ও পিত্ত শমনকারী, জলসৌগন্ধ-দায়ক।

উশীরক, বেণার মূল।

উশীরী, লঘু কাশ, ছোট কেশে; (গুণ) মধুর, শীত, পিত্তদাহক্ষয়রোগ নাশক।
উষ, পাংশু লবণ, গুগ্‌গুলু, ক্ষার মৃত্তিকা।
উষণ, মরিচ, পিপ্পলী মূল।
উষণা, পিপ্পলী, শুণ্ঠী, চবিক।
উষর্বুধ, রক্তচিত্রক, লাল চিতা।
উষাপান, উষাকালে যথানিয়মে জলপান।
উষীর, উশীর, বীরণ মূল।
উষ্ট্রকান্তি, পুষ্পবিশেষ, উঁটাটি; (গুণ) তিক্ত, উষ্ণ, রুচিকর, হৃদ্রোগহারী। (বীজের গুণ) মধুর, শীত, গ্রাহী, বৃষ্য, সন্তর্পক।
উষ্ট্রঘৃত, উষ্ট্রের দুগ্ধজাত ঘৃত, ইহা পাকে কটু, অগ্নি উদ্দীপক, শোথ কৃমি বিষ কফ বাত গুল্ম ও উদর রোগ নাশক।
উষ্ট্রদুগ্ধ, উটের দুগ্ধ; ইহা রুক্ষ উষ্ণ, লবণ রস যুক্ত, কফ ও বাত বিকার নাশক, লঘু, কটু, কৃমি শোথ ও অর্শ রোগীর উপকারী।
উষ্ট্রধূসর পুষ্পিকা, বিছাটী।
উষ্ট্রপাদিকা, মদনমালী, ভদ্রবল্লী।
উষ্ট্রমূত্র, উটের মূত্র; (গুণ) রুক্ষ, কফ কুষ্ঠ উদর উন্মাদ ও বাত কৃমি নাশক।
উষ্ট্রশিরোধর, ভগন্দর রোগ বিশেষ।
উষ্ট্রিকা, বৃশ্চিকালি বৃক্ষ।
উষ্ণ, পলাণ্ডু।
উষ্ণরশ্মি, অক বৃক্ষ।
উষ্ণস্বেদ, (Formentation) উষ্ণ তরল পদার্থ দ্বারা বস্ত্র বা ফ্লানেল ভিজাইয়া পীড়িত স্থানে প্রয়োগ।
উষ্ণদ্রব্য স্বেদ, (Hot-bath) আটানব্বই হইতে একশত-বার তাপাংশ গরম জলে রোগীকে বসান।
উষ্ণা, ক্ষয়ব্যাধি।
উষ্ণিকা, যবাগু, যাউ।
উষ্ণোদক, গরম জল।
উস্রা, উপচিত্রা, ইন্দুরকাণী।

ঊ

ঊর্দ্ধকণ্টা, মহাশতাবরী।
ঊর্দ্ধপাতন, তাপ দ্বারা বাষ্পাকার করিয়া পুনর্ব্বার শীতল করতঃ ঘনীভূত করা।
ঊর্দ্ধশাখা, (Upper extremities) হস্তাদি শরীরের উপরিভাগের অঙ্গ প্রত্যঙ্গাদি।

ঊর্দ্ধাসিত, কারবেল্ল, করলা।
ঊর্ণা, (Wool) পশম।
উরুস্তম্ভ, উরুস্তম্ভ দেখ।
উরুস্তম্ভা, কদলী বৃক্ষ।
উর্ব্যঙ্গ, শিলীন্ধ্র, গোময়চ্ছত্রিকা।
উর্ষা, দেবতাড়ক তৃণ।
উষা, ক্ষারমৃত্তিকা।
উষণা, পিপ্পলী।
উষর, ক্ষার ভূমি, উষবান্।

ঋ

ঋতু, স্ত্রীরজঃ (Mense).
ঋদ্ধি, স্বনামখ্যাত ঔষধি; (গুণ) মধুর, সুস্নিগ্ধ, অতি তিক্ত, শীতল, রুচি ও মেধকারী, শ্বেতকুষ্ঠ ও কৃমিনাশক।
ঋষভ, স্বনামখ্যাত ঔষধি, কাঁকড়াশৃঙ্গী; (গুণ) মধুর, শীতল, রক্ত পিত্ত বিরেচকনাশী, শুক্রশ্লেষ্মাকারী, দাহ ক্ষয় ও জরনাশক।
ঋষভি, শূকশিম্বী।
ঋষা, গোরক্ষচাকুল্যা।
ঋষিজাঙ্গলিকী, ঋক্ষগন্ধা বৃক্ষ, ঋষিজাঙ্গল।
ঋষিপ্রোক্তা, মাষপর্ণী বৃক্ষ।
ঋষ্যগতা, ঋষ্যপ্রোক্তা বৃক্ষ।
ঋষ্যপ্রোক্তা, শতমূলী, শূকশিম্বী, অতিবলা।
ঋক্ষ, শোণক বৃক্ষ, শ্যোনাক প্রভেদ।
ঋক্ষগন্ধা, বৃক্ষবিশেষ, বীরতাড়, ঋষিজাঙ্গল বৃক্ষ, ক্ষিরবিদারী, মহাশ্বেতা।
ঋক্ষগন্ধিকা, কৃষ্ণভূমিকুষ্মাণ্ড, ক্ষিরবিদারী, ঋক্ষগন্ধা।

এ

এইলান্টস গ্লাণ্ডলোমস ট্রি অফ দি হেভেন, বৃক্ষবিশেষ।
এক্, (Ache) অবিরাম বেদনা।
এক্জুডেশন, (Exudation) রক্তবহানাড়ী, ঝিল্লি বা ক্ষতাদি হইতে ঘর্ম্মের ন্যায় তরল পদার্থ ক্ষরণ।
এক্জিমা, (Exema) প্রয়োহিকা, 'পামা' দেখ।

একজ্যান্থিমা, (Exanthema) স্ফোটক-জ্বর, উদ্ভেদ।

একজ্যান্থিমেটা, (Exanthemata) স্ফোটকজ্বর সমস্ত।

একজ্যান্থিমেটস্, (Exanthematous) স্ফোটকসংক্রান্ত।

একজ্বর, (Continued fever) যে জ্বরের বিরাম থাকে না।

এক্টোজোয়া, (Ectozoa) চর্ম্মের উপরিস্থ কৃমি কীটাদি।

এক্টোপিয়া কর্ডিস্, (Ectopia Cordis) হৃৎপিণ্ডের স্বস্থানভ্রষ্টতা।

এক্সেন্ট্রিক, (Eccentric) কেন্দ্রভ্রষ্ট।

একথিমা, (Ecthyma) উন্নত বটিকা দেখ।

এক্‌ষ্টাসি, (Ecstacy) হর্ষোন্মত্ততা।

এক্রেজার, (Ecraseur) লৌহশৃঙ্খলনির্ম্মিত এক প্রকার বন্ধনাস্ত্র।

একপত্রিকা, গন্ধপত্র বৃক্ষ।

একমূলা, শালপাণি, অতশী।

একরজ, ভৃঙ্গরাজ।

একবীর, বৃক্ষভেদ, মহাবীর, স্বকৃতন্বীর, দুবীরক; (গুণ) মত্ততাকারক, অত্যুষ্ণ, কটু, ত্তোদবাতনাশক, পক্ষাভিঘাত-হারী।

একসিয়া রেজিমিনী ব্লাক কোহস, বৃক্ষ-বিশেষ।

একাঙ্গি, চন্দন।

একাষ্ঠীল, বকবৃক্ষ।

একাষ্ঠীলা, বকবৃক্ষ, আকনাদি।

একিং, (Aching) অবিচ্ছেদে ক্লেশদায়ক।

একিমোসিস্, (Ecchymosis) আঘাত জন্য নীলবর্ণতা, কালিমা, কাল্‌শিরা।

একেলাইফাইণ্ডিকা, মুক্তাঝুরি, গুল্ম-বিশেষ।

একেশিয়া গমাই, গম একেশিয়া, অরবী-গঁদ।

একো, (Echo) প্রতিধ্বনি।

একোনাইটম্, একোনাইট, কাঠবিষ, মিটা।

একোনাইসিস, একোনাইটের উপক্ষার।

একোরাস ক্যালেমস্, স্বইট ফ্ল্যাগ, বচ।

এক্স-অপথ্যাল্‌মিয়া, (Exopthalmia) চক্ষের ঢেলা বাহির হওয়া।

এক্স অপ্‌থ্যাল্‌মিক, (Exopthalmic) বহির্গত অক্ষিগোলক বিশিষ্ট।

এক্স-অস্‌টোসিস্, (Exostosis) অস্থির অস্বাভাবিক বিবর্দ্ধন অথবা অর্ব্বুদ।

এক্স-অসমোসিস্, (Exosmosis) অন্ত-র্বাহ ও বহির্বাহ দ্রষ্টব্য।

এক্সকোরিয়েসন, (Excoriation) লোমছা, অবদরণ।

এক্সক্রিমেন্ট, (Excrement) মল, বিষ্ঠা।

এক্সক্রিটা, (Excreta) মল, বিষ্ঠা।

এক্সক্রিসন, (Excretion) শরীরস্থ ভিন্ন ভিন্ন গ্রন্থি দ্বারা রক্ত হইতে মল মূত্রাদি যে সকল পদার্থ পৃথক্ হইয়া অনাবশ্যক বা অনিষ্টকররূপে নিঃসৃত হইয়া থাকে সেই নিঃসরণ ক্রিয়া; নিষ্ক্রমণ।

এক্সক্রুসিয়েটিং, (Excruciating) তীব্র যন্ত্রণাদায়ক।

এক্সক্রিসেন্স, (Excrescence) উপমাংস, গাঁজা।

এক্সটারন্যাল, (External) বাহ্য।

এক্সটারপেশন, (Exterpation) ছুরী বা ক্ষার প্রয়োগে শরীরের কোন কোন অংশ একবারে তুলিয়া ফেলা; নিষ্কাশণ।

এক্সটেন্সন, (Extension) ভগ্ন বা সন্ধিচ্যুত অঙ্গ স্বস্থানে পুনর্ব্বার আনয়নার্থ বলপূর্ব্বক আকর্ষণ; প্রসারণ।

এক্সটেনসার মাসল্, (Extensor muscle) যে পেশীর ক্রিয়া বশতঃ শরীরের কোন অংশ বিস্তৃত হয়; প্রসারক পেশী।

এক্সট্রা, (Extra) বহির্দ্দিকজ্ঞাপক উপসর্গ অর্থাৎ যে কথার পূর্ব্বে উহা অবস্থিত হয় তাহার বহির্দ্দিক বা অতিরিক্ততা বুঝায়।

এক্সট্রাক্ট, (Extract) উদ্ভিদসম্বন্ধীয় বা জান্তব দ্রব পদার্থ হইতে বাষ্প নির্গত করিয়া লেইয়ের ন্যায় প্রস্তুত গাঢ় ঔষধ দ্রব্য; সার।

এক্সট্রাক্টম, (Extractum) লাটিন শব্দ, উহার ইংরেজী নাম Extract.

এক্সট্রাক্সন, (Extraction) দন্তাদি শরীরের কোন স্বাভাবিক অংশ অথবা শরীরে প্রবিষ্ট শল্যাদি উত্তোলন বা উৎপাটন।

এক্সট্রাক্টিভ, (Extractive) নিষ্ক্রমনীয়, উদ্ভিজ্জের সার বহিষ্করণ যোগ্য।

এক্সট্রাভেসেশন, (Extravasation) রসরক্তাদি স্বাভাবিক আধার নাড়ী হইতে বাহির হইয়া পড়া ও নিকটবর্ত্তী বিধানাদিতে সঞ্চিত হওয়া; পর্য্যুৎপ্লাবন।

এক্সট্রিমিটী, (Extremity) হস্তপদাদি অঙ্গ; শাখা।

এক্সট্রোভারশন, (Extroversion) অভ্যন্তর দিক বাহির হইয়া থাকা; বাহ্যাবর্ত্তন।

এক্সপিরেশন, (Fxpiration) প্রশ্বাস, নিশ্বাসিত বায়ু পরিত্যাগ।

এক্সপেক্টোরেশন, (Expectoration) বক্ষঃস্থল হইতে পূঁজ শ্লেষ্মাদি নির্গম, কাশা, নিষ্ঠীবন ত্যাগ।

এক্সপেক্টোর‍্যাণ্টস্, (Expectorants) শ্লেষ্মানিঃসারক, কফনিঃসারক ঔষধ।

এক্সপেক্টাণ্ট, (Expectant) যে চিকিৎসা পদ্ধতিতে রোগারোগ্য সম্বন্ধে প্রায় সম্পূর্ণরূপে স্বভাবের উপর নির্ভর করিয়া আসিতে হয়, এবং মূল রোগের কোন বিশেষ ঔষধ প্রয়োগ বা প্রতিকার না করিয়া কেবল উপসর্গাদির উপশমনার্থ পথ্যাদি দ্বারা তাহার চেষ্টা করিতে হয়, সেই পদ্ধতি অনুসারী।

এক্সপ্লোরিং নিডল্, (Exploring needle) শরীরের অভ্যন্তরস্থ গহ্বর বা অর্ব্বুদ আদি পরীক্ষার্থ সূচী বিশেষ।

একসফিটেশন, (Exfœtation) আস্থানিক গর্ভ; জরায়ু ভিন্ন অন্য স্থানে গর্ভ সঞ্চার।

এক্সফোলিয়েশন, (Exfoliation) অস্থি স্খলন।

এক্সাইটিং কজ, (Exciting cause) উদ্দীপক কারণ।

এক্সাইটোমোটর পাওয়ার, (Excito-motor power) পৃষ্ঠবংশীয় স্নায়ুর যে বিশেষ শক্তিপ্রভাবে স্নায়ুর প্রান্ত উত্তেজিত হইলে সেই উত্তেজনা পৃষ্ঠবংশীয় মজ্জায় নীত হইয়া উত্তেজিত অংশ প্রতিক্ষিপ্ত হয়।

এক্সারসাইজ, (Excercise) অঙ্গচালনা, ব্যায়াম।

এক্সিকিউসন, (Execution) প্রাণনাশ।

এক্সিশন, (Excision) কর্ত্তন, ছেদন।

এক্জশ্চন, (Exhaustion) নিস্তেজকতা।

এক্জেলেশন, (Exhalation) বাষ্পোদ্গম।

এক্জাসারবেশন, (Exsacerbation) রোগের প্রকোপ, রোগ লক্ষণের সাময়িক বৃদ্ধি।

এগনসক্যাষ্টস্, চেষ্ট ট্রি, বৃক্ষবিশেষ।

এগেভ আমেরিকানা, আমেরিকান য়্যালো, ক্ষুপবিশেষ।

এঙ্গুষ্টিউরিয়া, কস্পেরিয়া বার্ক, বল্কলবিশেষ।

এজ্, (Age) বয়স।

এজেড্, (Aged) বয়স্ক, বৃদ্ধ।

এড্জ, (Adge) প্রান্ত, ধার।

এজাডিরেক্টী, নিম।

এটিস, আতিস্, অতি বিষ।

এট্রোপিয়া, এট্রোপাইন বেলেডোনার উপক্ষার।

এট্রোপি সল্ফাস, সল্ফেট অফ এট্রোপিয়া।

এডেপ্স পোর্শাই, লার্ড, শূকরের বাসা।

এডেপ্স বেঞ্জোয়েটস্, বেঞ্জোয়েটেড লার্ড।

এডেপ্স প্রিপারেটস্, প্রিপেয়ার্ড লার্ড।

এড়গজ, চক্রমর্দ্দ, চাকুন্দিয়া ; (গুণ) বায়ু কফ কুষ্ঠ ত্বক্‌দোষ গুল্ম ও উদর রোগ নাশক।

এন্টারিক, (Enteric) আন্ত্রিক, অন্ত্র-সম্বন্ধীয়।

এন্টারিক ফিবার, (Enteric fever) টাইফয়েড নামক সন্নিপাতজ্বর।

এন্টারোসিল, (Enteroscele) অন্ত্রবৃদ্ধি।

এন্টিমোনিয়ম এন্টিমণি, রসাঞ্জন।

এন্টিমোনিয়ম অক্সাইডম, অক্সাইড অফ য়্যান্টিমণি।

এন্টিমোনিয়ম আইওডেটম্, টার আইও-ডাইড অফ য়্যান্টিমণি।

এন্টিমোনিয়ম আর্শেনাইটম, আর্শেনাই অফ য়্যান্টিমণি।

এন্টিমোনিয়ম ক্রুডম, মেটিভ সলফাইড অফ য়্যান্টিমণি।

এন্টিমোনিয়ম টার্টারিকম, টার্টার এমেটিক।

এন্টিমোনিয়ম সল্‌ফিউরেটম, সল্‌ফিউ-রেটেড য়্যান্টিমণি।

এন্টিমনিয়াই টার্টারেটম, টার্টারেটেড এন্টিমনি, টার্ট এমেটিক।

এন্টিমনিয়াই নাইগ্রম, ব্লাক এন্টিমনি, সুর্মা, রসাঞ্জন।

এন্টিমনিয়াই পটাশিও টার্ট্রাস, টার্টারে-টেড য়্যান্টিমণি।

এন্টিরাইটিস্, (Entiritis) অন্ত্রপ্রদাহ।

এন্টোজোয়া, (Entozoa) শরীরাভ্যন্তরস্থ কৃমি।

এন্ট্রা, (Entra) অন্ত্র।

এন্ট্রাল্‌জিয়া, (Entralgea) অন্ত্রশূল।

এন্ট্রোপিয়ম, (Entropium) বিপর্য্যস্ত অক্ষিপুট।

এণ্ড, (End) প্রান্ত, শেষ।

এণ্ডস্‌মোসিস্, (Endosmosis) অন্তর্ব্বাহ দেখ।

এণ্ডারমিক, (Endermic) চর্ম্মে মর্দ্দন অথবা চর্ম্ম উন্মোচন করিয়া ঔষধ প্রয়োগ পদ্ধতি সম্বন্ধীয়।

এণ্ডেমিক, (Endamic) কোন বিশেষ ঋতু, স্থান, জাতি বা দেশ সম্বন্ধীয়।

এণ্ডো, (Endo) 'মধ্য' সূচক পূর্ব্বপদ অর্থাৎ এই কথাংশটী যে কথার পূর্ব্বে থাকিবে তাহার মধ্যে বুঝাইবে।

এণ্ডোকার্ডাইটিস্, (Endocarditis) এণ্ডো-কার্ডিয়মের প্রদাহ, হৃদন্তর বেষ্ট প্রদাহ।

এণ্ডোকার্ডিয়ম, (Endo-cardium) হৃৎ-পিণ্ডের আবরক ঝিল্লি।

এণ্ডো-মিট্রাইটিস্, (Endo-metritis) জরায়ুর অভ্যন্তরের প্রদাহ।

এণ্ডোষ্টাইটিস্, (Endostitis) অস্থির অন্তর আবরণের প্রদাহ।

এণ্ডোসিস্, (Endosis) স্বরের বিরাম।

এণ, মৃগবিশেষ; (মাংসগুণ) কষায়, মধুর, পিত্তরক্তকফজ্বরনাশী, সংগ্রাহী, রোচক, হৃদ্য, বলকারক।

এথময়েড, (Ethmoid) নাসিকার অস্থি।

এথিরোমা, (Atheroma) মণ্ডাকার পদার্থ পূর্ণ ও কোষ দ্বারা আবৃত অর্ব্বুদ।

এথিরোমেটস্, (Atheromatous) উপরোক্ত অর্ব্বুদ সম্বন্ধীয়।

এন্‌কণ্ড্রোমা, (Enchondroma) উপাস্থির অর্ব্বুদ।

এন্‌গর্জমেণ্ট, (Engorgement) রক্তবহা নাড়ী ও শূন্য যন্ত্রাদিতে তরল পদার্থ সঞ্চয়।

এনডার্মিক, (Endormic) ফোস্কা দ্বারা ত্বক উঠাইয়া সেই ক্ষতে ঔষধ প্রদান।

এন্‌লার্জমেণ্ট, (Enlargement) রোগবশতঃ শরীরের কোন যন্ত্রের বা অংশের অস্বাভাবিক বিবর্দ্ধন।

এন্‌সিফরম, (Ensiform) মসিপত্রবৎ, বক্ষস্থলের উপাস্থি যেরূপ।

এন্‌সিষ্টেড, (Encysted) ঝিল্লিময় থলিতে আবৃত।

এন্‌সেফেলন, (Encephalon) মস্তিষ্ক।

এন্‌সেফেলয়েড, (Encephaloid) মস্তিষ্কের ন্যায় কোমল।

এন্‌সেফেলাইটিস,(Encephalitis) মস্তিষ্ক-প্রদাহ।

এন্‌সেফ্যাল্-জিয়া, (Encephalgia) শিরঃশূল।

এনাকার্ডিয়, মার্কিংনাট, ভল্লাতক, ভেলা।

এনিক্সাই ফ্রক্টস্, ডিলফ্রুট, ক্ষুদ্র ফল বিশেষ।

এনিসাই ফ্রক্টস্, এনিসিড, মৌরী।

এনিমা, (Enema) গুহ্যদ্বারে পিচ্‌কারী প্রয়োগ।

এনিমেটা, (Enemata) এনিমা।

এন্যুরিসিস্,(Enuresis) অসাড়ে মূত্রস্রাব।

এপ্‌থি, (Apthœ) উপক্ষত দ্রষ্টব্য।

এপি, (Epi) ইহা দ্বারা উপরি বুঝায়।

এপিগ্যাষ্ট্রিক, (Epigastric) এপিগ্যাষ্ট্রিয়ম সম্বন্ধীয়।

এপিগ্যাষ্ট্রিয়ম, (Epigastrium) উদরের সম্মুখ ও উর্দ্ধভাগ, উদরোর্দ্ধ।

এপিগ্লটিস্, (Epiglottis) জিহ্বামুলস্থিত, কোন জিনিষ গলাধঃকরণ সময়ে স্বর-

যন্ত্রের মুখাবরোধক সূত্র ও উপাস্থি নির্ম্মিত কবাটস্বরূপ পদার্থ।

এপিডাইডিমিস্, (Epididymis) উপ-কোষ দেখ।

এপিডার্মিস্, (Epidermis) উপত্বক।

এপিডেমিক, (Epidemic) এক সময় একস্থানে যে রোগ বহুতর লোককে আক্রমণ করে; ব্যাপক ও বহুব্যাপক রোগ।

এপিথিলিয়ম, (Epithelium) স্তনাগ্র ওষ্ঠ শ্লৈষ্মিক স্নেহিক এবং মাস্তক ঝিল্লির উপরিস্থ পাতলা ত্বক বা আচ্ছাদন; উপত্বক।

এপিথিলিয়াল, (Epithelial) উপত্বক সম্বন্ধীয়।

এপিপ্লূন্, (Epiploon) অন্ত্রাবরণ।

এপিফাইসিস্, (Epiphysis) উপাস্থিবৎ অস্থির বিবর্দ্ধন, অস্থীভূত হইবার পূর্ব্বাবস্থাপন্ন অস্থির বিবর্দ্ধন।

এপিলেপ্সী, (Epilepsy) মৃগিরোগ, অপস্মার।

এপিলেপ্সিয়া মিটিয়র, (Epilepsia mitior) পেশীর আক্ষেপ শূন্য সামান্য অপস্মার।

এপিলেপ্সিয়া গ্রেভিয়ার, (Epilepsia gravior) উৎকট অপস্মার।

এপিলেপ্টিক, (Epileptic) আপস্মারিক, অপস্মারগ্রস্ত।

এপিষ্ট্যাক্সিস্, নাসা হইতে রক্তস্রাব।

এপিসথটোন্স, (Episthotons) সম্মুখ বক্র টঙ্কার রোগ।

এপিসপ্যাষ্টিক, (Epispastic) ফোস্কা-কারক।

এপোমর্ফি হাইড্রোক্লোরস, এপমর্ফিয়া হাইড্রোক্লোরেট।

এপোসাইনম এণ্ড্রো সেমি ফোলিয়ম, বিটার রুট।

এপোসাইনম ক্যানেবিনম, ইণ্ডিয়ান হেম্প।

এফারভেসেণ্ট ড্রাফট্, (Effervescent draught) উচ্ছলনশীল পানীয় যথা সোডা ওয়াটার।

এফারেণ্ট, (Efferent) কেন্দ্রাপসারিণী, কেন্দ্র হইতে বাহির দিক গামিনী।

এফিউসন্, (Effusion) শরীরের কোষময় বিধানে বা কোন গহ্বরে কোন তরল পদার্থের ক্ষরণ, রস নিঃসরণ।

এফিমারা, (Effemera) দ্বাদশ ঘণ্টা স্থায়ী জ্বর বিশেষ, উহার সাংঘাতিকত্ব থাকে না।

এফিমারেল, (Effemeral) এক দিবস স্থায়ী।

এফেক্ট, (Effect) ফল।

এফোরেসেন্স, (Efforescence) উদ্ভেদ, স্ফোট।

এবিসিস্থিয়ম ওয়ারম উড, বৃক্ষ মঞ্জরী।

এবিস্ ক্যানেডেন্সিস, হেমলক প্রুফ, বৃক্ষ বিশেষ।

এবিস নাইগ্রা ব্ল্যাক, হেমলক অপ্রুস।

এম্পাইরিক বা এম্পাইরিক্যাল, (Empiric or Empirical) বহুদর্শনসিদ্ধ, পরীক্ষাসিদ্ধও বটে কিন্তু বিজ্ঞানসম্মত নহে।

এম্পাইমিয়া, (Empyemia) ফুস্‌ফুস্ বেষ্ট গহ্বরে পূঁজ সঞ্চয়।

এম্প্রস্থটোনস, (Emprosthotonos) সম্মুখ বক্র টঙ্কার।

এম্‌প্লাষ্ট্রম, (Emplastrum) এক প্রকার কঠিন মিশ্র পদার্থ, এতাধিক আঠাল যে, শরীরের স্বভাবিক উত্তাপেই উহা গাত্রে লাগিয়া যায়; পলস্ত্রা।

এম্পিলপসিস্ কুইঙ্কুই ফোলিয়া, আমেরিকান আইভি।

এমাইলম, হুইটষ্টার্চ, গোধূমের শ্বেত সার।

এমিগ্‌ডেলা আমারা, বিটার মণ্ড।

এমিগ্‌ডেলা ডলসিস, স্থইট আমণ্ড, মিষ্ট বাদাম।

এমিল নাইট্রিস্, নাইট্রেট অফ এমিল।

এমিক্‌শন, (Emiction) মূত্রত্যাগ করণ।

এমিটিক, (Emitic) বমনকারক।

এমিশন, (Emission) নিঃসরণ, শুক্রাদি ক্ষরণ।

এমিসীস, (Emisis) বমন।

এমেনেগগ, (Emmenagogue) রজোনিঃসারক ঔষধ।

এমোনায়েকম এমোনায়াক, বৃক্ষ নির্যাস বিশেষ।

এমোনিয়ম বেঞ্জোয়িকম্, বেঞ্জোয়েট অফ এমোনিয়া।

এমোনিয়ম ব্রোমাইড, ব্রোমাইড অফ এমোনিয়া।

এমোনিয়ম আইওডেটম, আইওডাইড অফ এমোনিয়া।

এমোনিয়ম ক্লোরাইডম, ক্লোরাইড অফ এমোনিয়া, নিশাদল।

এমোনি কার্ব্বনাস, কার্বনেট অফ এমোনিয়া।

এমোনি নাইট্রাস, নাইট্রেট অফ এমোনিয়া।

এমোনি ফস্‌ফাস, ফস্‌ফেট অফ এমোনিয়া।

এমোনি বেঞ্জোয়াস, বেঞ্জোয়েট অফ এমোনিয়া।

এমোনি ভেলিরিয়েনাস্, ভেলেরিয়েনেট অফ এমোনিয়া।

এমোলিয়েন্ট, (Emollient) স্নিগ্ধকারক, শিথিলকারক।

এম্ফিসিমা, (Emphysema) কোষময় বিধানে বায়ু প্রবেশ; বায়ু কর্ত্তৃক স্ফীতি।

এম্বলিজম, (Embolism) এম্বোলাই দ্বারা রক্ত সঞ্চালন ক্রিয়ার নিরোধ; অনু-সম্বরোধন।

এম্বোলাই, (Emboli) থ্রম্বস রক্তস্রোতে প্রবাহিত হইয়া উৎপত্তি স্থান হইতে দূরবর্ত্তী স্থানে আবদ্ধ হইলে উহাকে এম্বোলাই বলিয়া থাকে।

এম্ব্রাগ্রিসিয়া, এম্বার গ্রিস, তিমি মৎস্যের বসা।

এয়ার, (Air) বাতাস।

এয়ার প্যাসেজ, (Air passage) বায়ু-প্রণালী।

এরকা, তৃণবিশেষ, শিম্বী; (গুণ) হিম, শুক্রবৃদ্ধিকর, চক্ষুহিতকর, বাত-প্রকোপক, মূত্রকৃচ্ছ্র অশ্মরী দাহপিত্ত শোণিত নাশক।

এরঙ্গ, মৎস্য বিশেষ, রাঙ্গা মাছ; (গুণ) মধুর, স্নিগ্ধ, বিষ্টম্ভী, শীতল, গুরু।

এরণ্ড, স্বনামখ্যাত বৃক্ষ, গাবভেরেণ্ডা; (উহার তৈলের গুণ) মধুর গুরু অতি শ্লেষ্মা বর্দ্ধক; বাত রক্তগুল্ম হৃদ্রোগে জীর্ণ জ্বর নাশক, কৃমি দোষ কুষ্ঠ আম-বার্ত নাশী, এবং বিরেচক; (মূলের গুণ) শূলবায়ু কফনাশক, শুক্রকর।

এরণ্ডক, ভেরেণ্ডা।

এরণ্ডজ, এরণ্ড বৃক্ষজাত, ইহার তৈল শ্রেষ্ঠ বিরেচক।

এরণ্ড পত্রিকা, দন্তীবৃক্ষ।

এরণ্ড ফলা, দন্তীবৃক্ষ।

এরণ্ডা, পিপ্পলী।

এরমট্রিফাইলম, ইণ্ডিয়ান টারনিপ, ওল।

এরহিন, (Errhine) হাঁচিজনক ঔষধ।

এরিওলা, (Areola) স্তনের চতুর্দ্দিকস্থ রঞ্জিত মণ্ডল; কোষময় বিধান তন্তুর মধ্যবর্ত্তী ক্ষুদ্র ক্ষুদ্র স্থান।

এরিওলার, (Areolar) জালবৎ, সান্তর।

এরিওলার টিস্থ, (Areolar tissue) অসংখ্য সূক্ষ্ম ছিদ্র বিশিষ্ট শরীরের সর্ব্বাংশ আবরক জালবৎ একপ্রকার ঝিল্লি বা পর্দ্দা।

এরিথিমা, (Erythema) অরুণিমা।

এরিথিস্‌মস্‌, (Erithismus) ধাতুদোষ-জনিত উত্তেজনা, প্রকৃতিগত শরীরস্থ উপদাহ।

এরিসিপেলাস্‌, (Erysipalus) বিষর্প রোগ।

এরেকা, এরেকা নাট, গুবাক।

এর্ব্বারু, কর্ক্‌টী ভেদ; (গুণ) পিত্তহর, সুশীতল, মধুর, মূত্ররোগঘ্ন, রুচিপ্রদ,

সন্তাপমূৰ্চ্ছাপহর, তৃপ্তিদায়ক, কিন্তু বাতপ্রকোপকারী।

এলবালু, এববালুক।

এলবালুক, স্বনামখ্যাত সুগন্ধি দ্রব্য বিশেষ; (গুণ) অত্যুগ্র, কষায়, কফ বাত অতিবাত মূৰ্চ্ছা দাহনাশক, পরম রুচিকর।

এলষ্টুনিয়া কনষ্ট্রিক্টা, বিটার বার্ক।

এলা, এলাইচ; ইহা দুই জাতীয়,—ছোট ও বড়; এতদুভয়েরই এক প্রকার গুণ যথা,—শীতল, তিক্ত, উষ্ণ, সুগন্ধি, পিত্ত ও কফ রোগ নাশক, শূল কোষ্ঠবদ্ধ তৃষ্ণা ছৰ্দ্দি বায়ুনাশক, শ্বাসকাশ কফ মূত্রকৃচ্ছ্র নাশক।

এলাপর্ণী, কাঁটা আমরুল।

এলীকা, ছোট এলাইচ।

এলিমেণ্ট, (Element) ভূত বা রূঢ় পদার্থ।

এলিট্রিস ফেরিসোসা, ষ্টারগ্রাস।

এলিয়ম সেটাইভম, গাললিক, রসুন।

এলিয়ম সেপা, অনিয়ন, পলাণ্ডু।

এলুমিয়া এলুমেন, এলাম ফটকিরি।

এলো, এলোজ, মুসব্বর।

এষণিকা, তুলা, নিক্তি, নারাচী।

এষণী, অস্ত্রভেদ, ব্রণমার্গানুসারিণী ইংরাজীতে ইহাকে প্রুব বলে।

এলিমিনেশন, (Elimination) সংশোধন, শরীর হইতে দূষিত পদার্থ নিঃসরণ।

এষ্টিরিয়স রুবেন্স, ষ্টারফিশ, তারামৎস্য।

এস্ক্লিপিয়াস ইনকার্ণেটা, সোয়াম্প মিল্ক উইড।

এস্ক্লিপিয়াস টিউবারোসা, প্লুরিশি রুট, মূল বিশেষ।

এস্ক্লিপিয়াস সাইরিয়েকা, সিল্ক উইড।

এসাফটিডা, হিঙ্গু, হিং।

এশিডম অক্জ্যালিকম, অক্জ্যালিক য়্যাশিড।

এশিডম আর্শেনিয়সম, আর্শেনিয়ম য়্যাশিড।

এশিডম ইউরিকম, ইউরিক য়্যাশিড, সির্কাম্ল।

এশিডম কার্বনিকম, কার্বনিক য়্যাশিড।

এশিডম কার্বলিকম, কার্বলিক য়্যাশিড।

এশিডম ক্রাইসফ্যানিকম, ক্রাইসফ্যানিক য়্যাশিড।

এশিডম ক্রোমিকম, কোমিক য়্যাশিড।

এশিডম গ্যালিকম, গ্যালিক য়্যাশিড।

এশিডম টার্টারিকম, টার্টারিক য়্যাশিড।

এশিডম ট্যানিকম, ট্যানিক য়্যাশিড।

এশিডম নাইট্রিকম, নাইট্রিক য়্যাশি যবক্ষার দ্রাবক।

এশিডম নাইট্রো হাইড্রোক্লোরিকম,

নাইট্রো হাইড্রোক্লোরিক য়্যাশিড, যবক্ষার লবণ দ্রাবক।

এশিডম পিক্রিকম, ক্রিপিক য়্যাশিড।

এশিডম ফরমিকম, ফরমিক য়্যাশিড।

এশিডম ফসফরিকম, ফস্‌ফরিক য়্যাশিড।

এশিডম বেঞ্জোয়িকম, বেঞ্জোয়িক য়্যাশিড।

এশিডম বোরাসিকম, বোরাসিক য়্যাশিড, সোহাগাম্ল।

এশিডম ব্রোমিকম, ব্রোমিক য়্যাশিড।

এশিডম মিউরিয়েটিকম, মিউরিয়েটিক য়্যাশিড।

এশিডম ল্যাক্টিকম, ল্যাক্টিক য়্যাশিড।

এশিডম সল্‌ফিউরিকম, সল্‌ফিউরিক য়্যাশিড, গন্ধক দ্রাবক।

এশিডম সলফিউরোজম, সলফিউরাস য়্যাশিড।

এশিডম সাইট্রিকম, সাইট্রিক য়্যাশিড।

এশিডম স্যালিসাইলিকম, স্যালিসাইলিক।

এশিডম হাইড্রোক্লোরিক, হাইড্রোক্লোরিক য়্যাশিড; লবণ দ্রাবক।

এশিড হাইড্রোসিয়েনিকম, হাইড্রোশিয়েনিক য়্যাশিড।

এশিড ক্যানেডান্স, ওয়াইল্ড জিঞ্জার, বন্য আদা।

এশিনিশিয়া, (Acinesia) স্পন্দনশক্তির অভাব।

এশেন্সিয়া, (Essentia) এসেন্স।

এশেন্স, (Essence) যে কোন দ্রবের এসেন্স প্রস্তুত করিতে হয়, তাহার তৈল এক ভাগ আর চারিভাগ শোধিত সুরা একত্র মিশ্রিত করিলেই এসেন্স হয়।

ঐ

ঐকাহিক জ্বর, (Quotedian fever) একদিন অন্তর জ্বর।

ঐঙ্গুদ, ঐঙ্গুদীফল।

ঐন্দবী, সোমরাজী।

ঐন্দ্র, মূল বিশেষ, বন আদা; (গুণ) কটু, অম্ল, রুচিকর, অগ্নিকারক।

ঐন্দ্রী, রাখালশশা এলাইচ।

ঐভী, হস্তী, ঘোষালতা।

ঐরাবত, লচুক বৃক্ষ, নারঙ্গলেবু।

ঐরাবতী, বটপত্রী বৃক্ষ।

ঐরিণ, পাংশু লবণ, পাঙ্গা লবণ।

ঐলবালুক, এলবালুক নামক গন্ধ দ্রব্য বিশেষ।

ঐলেয়, এলবালুক নামক গন্ধ দ্রব্য বিশেষ।

ঐক্ষব, ইক্ষুভব, গুড় আদি।

ও

ওকণ, কেশকীট, উকুণ।

ওকণী, ঐ, যূক।

ওকাইনম, ব্যাসিলিকম সেমিনা, বাবুই তুলসীর বীজ।

ওকুল, গোধূমাকৃত তপ্ত পক্ক; (গুণ) গুরু, বৃষ্য, মধুর, বলকর, রক্তবাতনাশী, স্নিগ্ধ, বৃষ্য, মেদবিবর্দ্ধক।

ওকোদনী, উকুন।

ওক্ণী, ঐ।

ওজঃ, রসাদি সপ্তধাতুর সারাংশ সম্ভূত ধাতু বিশেষ; (গুণ) সর্ব্বশরীর-ব্যাপী, স্নিগ্ধ, শীতল, স্থির, শুক্লবর্ণ, কফাত্মক, শরীরের পুষ্টিসাধক।

ওজিনা, (Ozena) নাসারন্ধ্র হইতে দুর্গন্ধ-ময় স্রাব নিঃসরণ; পুরাতন পিনাস।

ওজোন, (Ozone) এক প্রকার রূঢ় পদার্থ, জল ও বায়ুতে উহার অংশ আছে বলিয়া বিবেচিত হয়।

ওটাইটিস, (Otitis) কর্ণপ্রদাহ।

ওটোটমী, (Ototomy) কর্ণচ্ছেদ।

ওটোরিয়া, (Otorrhœa) কর্ণস্রাব, কাণ-পাকা।

ওটোরেজিয়া, (Otorrhagia) কর্ণ হইতে রক্তস্রাব।

ওটোস্কোপ, (Otoscope) কর্ণবীক্ষণ যন্ত্র।

ওট্যাল্‌জিয়া, (Otalgia) কর্ণশূল, কাণ-বেদনা।

ওডণ্টয়েড, (Odontoid) দন্তবৎ।

ওডণ্ট্যাল্‌জিয়া, (Odontalgia) দন্তশূল, দাঁত বেদনা।

ওডার, (Odour) গন্ধ।

ওড়িকা, উড়িধান্য; (গুণ) শোষক, রুক্ষ, কফ ও বায়ু বর্দ্ধক, পিত্ত নাশক।

ওড়ী, উড়িধান্য।

ওড্র, যবাপুষ্পবৃক্ষ।

ওড্রাখ্য, ঐ।

ওদনাহ্বা, মহাসঙ্গমা।

ওদনিকা, ঐ, বেলেড়া।

ওদনী, বেলেড়া, বলা।

ওনানিজম, (Onanism) হস্তমৈথুন; কৃত্রিম মৈথুন।

ওপিয়ম, (Opium) অহিফেণ, আফিঙ্গ।

ওপিয়েট, (Opiate) আফিঙ্গমিশ্র ঔষধ।

ওপিশথসনস, (Opisthosonos) টঙ্কার রোগে পশ্চাৎদিকে বক্রতা।

ওপেক, (Opaque) যাহার অভ্যন্তর দিয়া আলোক প্রবেশ করে না; অস্বচ্ছ।

ওপ্যাশিটী, (Opacity) অসচ্ছতা।

ওবিশিটী, (Obesity) দেহের অতি স্থূলতা, মেদরোগ।

ওভম, (Ovum) ডিম্ব, স্ত্রীবীর্য্য, গর্ভকালীন জ্রূণ ও তাহার আবরক ঝিল্লি।

ওভা, (Ova) ডিম্বসমূহ; Ovumএর বহুবচন।

ওভাই এলবুমেন, হোয়াইট অফ এগ্, অণ্ড-নাল।

ওভাই ভাইটেলস, ইঙ্ক অফ এগ্।

ওভারডোজ, (Over-dose) অতিমাত্রা, যে পরিমাণে ঔষধ ব্যবস্থেয় তাহার অতিরিক্ত মাত্রা।

ওভিডক্ট, (Oviduct) ফ্যালোপিয়েন টিউব দেখ।

ওভিপেরস, (Eviparus) কুক্কুটী প্রভৃতি ডিম্ব প্রসবকারী প্রাণী।

ওভিউলেশন, (Ovulation) ডিম্বক্ষরণ।

ওভিস্তাক, (Ovisac) ডিম্বাণু বা স্ত্রীবীর্য্য-ধারী কোষ।

ওভের্যাল্জিয়া, (Ovaralgia) ওভেরি বা ডিম্বাশয়ের স্নায়ুশূল।

ওভেরী, (Ovary) ডিম্বাশয় দেখ।

ওভেরিওটমি, (Ovariotomy) ডিম্বাশয়-চ্ছেদ।

ওভ্যাল, (Oval) ডিম্বাকার, বাদামি।

ওমফেলস, (Omphalus) নাভি।

ওমফেলিক, (Omphalic) নাভিসম্বন্ধীয়।

ওমাইটিস, (Omitis) স্কন্ধপ্রদাহ।

ওমেণ্টম, (Omantum) অন্ত্রাবরক বসাময় ঝিল্লিবিশেষ, ইহা পেরিটোনিয়মের বিবর্দ্ধিত অংশ।

ওয়ারি, (Wiry) তারময়।

ওয়াটার, (Water) জল।

ওয়াটার কিওর, (Water cure) জল-চিকিৎসা, হাইড্রোপ্যাথি।

ওয়াটার ড্রেসিং, (Water dressing) জলপ্রয়োগদ্বারা ক্ষতাদি ধৌত করণ।

ওয়াটার প্যাং, (Water pang) মুখ দিয়া জল উঠা, মুখপ্রেসক রোগ।

ওয়াণ্ট, (Want) অভাব।

ওয়ার্ট, (Wart) আঁচিল,।

ওয়ারম, (Warm) উষ্ণ, গরম। (Worm) কৃমি, কেঁচো।

ওয়াশ, (Wash) প্রক্ষালনাদি বাহ্য প্রয়োগজন্য জল মিশ্রিত ঔষধ; ধৌত।

ওয়েটনর্স, (Wet-nurse) স্তনদাত্রী ধাত্রী।

ওয়েন, (Wen) সবল স্থিতিস্থাপক কোষাবৃত অর্ব্বুদ, বসার্ব্বুদ।

ওয়েষ্টিং, (Wasting) ক্ষয়, হ্রাস।

ওয়্যাক্স, (Wax) মোম, কাণের খইল।

ওয়্যাক্সি, (Waxy) মোমের ন্যায়।

ওয়্যাক্সি ডিজেনারেশন, (Waxy degeneration) কোন শারীরিক যন্ত্রে মোমের ন্যায় তন্তুময় পদার্থের সঞ্চয়।

ওরাইজা, রাইস, তণ্ডুল।

ওরিস, (Oris) মুখ।

ওল বা ওল্ল, স্বনামখ্যাত মূল; (গুণ) অগ্নিউদ্দীপক, রুচিকর, কফনাশী, বিশদ, লঘু, অর্শরোগে পথ্য।

ওলিয়েণ্ডার, (Oleander) খনিয়া, খনে

ওলিও, (Olio) এই শব্দাংশ দ্বারায় তৈল বুঝায়।

ওলিক্রেনন, (Olecranon) অলবার শিখরস্থ বৃহৎ ও বক্র অস্থির প্রবর্দ্ধন।

ওলিজিনস, (Olegenous) তৈলময়।

ওলিন (Olin) বসাদ্রব্যের তরলাংশ।

ওলিবেনম, ওলিবেমন কন্দরু; বৃক্ষবিশেষের আটা।

ওলিয়ম, অয়েল, তৈল।

ওলিয়ম অলিভি, অলিভ অয়েল, জলপাইয়ের তৈল।

" এণ্ড্রোপোগাই, গ্রাস অয়েল।

" এনিমাই, অয়েল অফ ডিল।

" এনিসাই, অয়েল অফ অয়েল সিড, মৌরীর তৈল।

" এন্থেমিডিস্, অয়েল অফ ক্যামোমাইল।

" এমিগডেলি, আমণ্ড অয়েল, বাদামের তৈল।

" এরাকিশ, গ্রাউণ্ডনাট অয়েল; চিনা বাদামের তৈল।

" ক্যাজুপটী, অয়েল অফ ক্যাজুপট।

" কারুই, বিলাতী জিরার তৈল।

" কারিওফাইলি, লবঙ্গের তৈল।

" কোপেবি, কোপেবা অয়েল।

" কিউবেরি, কাবাবচিনির তৈল।

" কোরিয়েণ্ড্রাই, ধনিয়ার তৈল।

" ক্রোটনিস, ক্রোটন অয়েল, জয়পালের তৈল।

" জুনিপরাই, অয়েল অফ জুনিপার, জুনিপার ফলের তৈল।

ওলিয়ম পাইমেণ্টি, অয়েল অফ পাইমেণ্টো ; অলস্পাইস ফলের তৈল।
,, বার্গেমাই, অয়েল অফ বার্গেমট, জম্বির বিশেষের তৈল।
,, মেন্থপিপরিটি, অয়েল অফ পিপারমেণ্ট।
,, মেন্থিবিরিডিস, পুদিনার তৈল।
,, মরহুই, কডলিভার অয়েল, কড মৎস্যের তৈল।
,, মাইরিষ্টিসি, জায়ফলের তৈল।
,, টাইফোরিস, জোয়ানের তৈল।
,, টেরিবিন্থিনি, তার্পিণ তৈল।
,, থিওব্রোমি, অয়েল অফ থিওব্রোমি।
,, লিনাই, অয়েল অফ লিনসিড, তিসির তৈল।
,, লিমোনিস, লেবুর তৈল।
,, ল্যাবেণ্ডিউলি, অয়েল অফ ল্যাবেণ্ডার।
,, রিউটী, অয়েল অফ রিউ, রূটাপত্র ও ফলের তৈল।
,, রিসিনি, এরণ্ড তৈল।
,, রোজ মেরিণি, রোজমেরি অয়েল।

ওলিয়ম জেকোরিস য্যাশেলাই, কডলিভার অয়েল।
ওলিয়ম রিসিনস কমিউনিস, ক্যাষ্টর অয়েল ; এরণ্ড তৈল।
,, সিনেমনাই, সিনেমন অয়েল, দারুচিনির তৈল।
,, স্যাণ্টেলম, অয়েল অফ স্যাণ্ডেল উড, চন্দন তৈল।
ওষ, (Inflamation) প্রদাহ।
ওষণ, কটুরস, ঝাল।
ওষণী, শাকবিশেষ, পুড়্যা ; (গুণ) বায়ু ও কফনাশী।
ওষধী, ওষধি, ফলপাকান্ত উদ্ভিদ যথা, কদলী ধান্যাদি।
ওষধিগন্ধজ জ্বর (Hay fever) তীব্র ফুল বা তৃণগন্ধজাত সর্দ্দি জ্বরের ন্যায় এক প্রকার জ্বর।
ওষধীশ, কর্পূর।
ওষ্ঠপুষ্প, বন্ধুক পুষ্প বৃক্ষ।
ওষ্ঠী, বিম্বফল, তেলাকুচাঁ ফল।
অষ্ঠোপমফলা, বিম্ব, তেলাকুচা।

ঔ

ঔড়ুম্বর, কুষ্ঠরোগ বিশেষ, তাম্র।

ঔদশ্বিত, অর্দ্ধজলযুক্ত ঘোল।

ঔদ্দালক, বল্মীককারি কীট নির্ম্মিত মধু বিশেষ; (গুণ) কষায়, উষ্ণ, কুষ্ঠবিষ-নাশক।

ঔদভিজ্জ, পাংশুলবণ, পাঙ্গালবণ।

ঔদ্ভিদ, সাম্ভরী লবণ; (গুণ) তীক্ষ্ণ,উৎক্লেদ-কারী, ক্ষারযুক্ত, কটু, তিক্ত, কোষ্ঠ-বদ্ধক, শূলনাশী; (উদ্ভিদজাত জলের গুণ) লঘু, উষ্ণবীর্য্য, ক্ষাররসযুক্ত এবং বায়ু পিত্ত পিপাসা ও জ্বর-নাশক, কুষ্ঠ ব্রণ ও শোষ রোগাক্রান্ত ব্যক্তিদিগের পক্ষে উপকারী।

ঔপসর্গিক, সন্নিপাত রোগ বিশেষ, সংক্রামক রোগ।

ঔর্ব্ব, পাংশু লবণ।

ঔষধ, রোগনাশক দ্রব্য।

ঔষর, পাংশু লবণ; অয়স্কান্ত ভেদ।

ঔষরক, মৃত্তিকা লবণ, খারী লবণ; (গুণ) ক্ষার, তিক্ত, বাতকফনাশক, বিদাহী, পিত্ত মলবদ্ধ মূত্রসংশোধন-কারী।

ক

কক্সিক্স (Coccyx) কোকিল চঞ্চু অস্থি, পৃষ্ঠবংশের অধঃপ্রান্ত।

কংশ, আঢ়ক পরিমাণ; আট শের, তাম্র রঙ্গ মিশ্রিত ধাতু, কাঁসা।

কংশক, নেত্রৌষধ ধাতুবিশেষ, হিরা-কসী ভেদ, পুষ্পকাশীশ।

কংসাস্থি, কাংস্য ধাতু।

কংসোদ্ভবা, সুগন্ধী মৃত্তিকা বিশেষ, আরকী, তুবরী।

কক্ষ, (**A**xilla) বাহুমূল।

কক্ষমূল, (Armpit) কুক্ষিতল, বগল।

কক্সা, (Coxa) বংক্ষণ।

কক্‌সাগ্রা,(Coxagra)বঙ্ক্ষণসন্ধির প্রদাহ

কক্সিগোডিনিয়া, (Coccygodynia) কোকিল চঞ্চু, অস্থিপ্রদেশে বেদনা রোগ।

কক্সিজিয়াল, (Coccygeal) কক্সিস সম্বন্ধীয়।

কঙ্কশন,(Concossion) বিকম্পন,সংঘাত।

কঙ্কা, (Concha) কর্ণের শঙ্খবৎ অংশ, কাণের হাঁড়ি।

কঙ্কাল, (Skeleton) অস্থিময় দেহ তাহাতে মাংস রক্তাদি কিছুই থাকে না—কেবল অস্থি; অস্থিপঞ্জর।

কঙ্ক্রিশন, (Concretion) মূত্রযন্ত্র, পিণ্ড, যকৃৎ প্রভৃতি যন্ত্রে কোন প্রকার নিরেট পদার্থের সঞ্চার।

ককন্দ, স্বর্ণ।

কক্কস, কচিনীল, কৃমিদানা, পতঙ্গ বিশেষ।

কক্কোলক, কাঁকলা; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, দীপক, পাচক, রুচিকারক, কফবাতনাশক।

কক্খট পত্রক, পাটবৃক্ষ।

কক্খটী, খটিকা, খড়ি, বর্ণলেখা, কঠিনী, খটী।

কঙ্ক, পক্ষিবিশেষ, কাক।

কঙ্কত, কঙ্কতিকা, চিরুণী।

কঙ্কতিকা, কঙ্কতী, প্রসাধনী, কঙ্কত, কেশমার্জ্জন, কলী, কলিকা, নাগবালা, ফাল; (গুণ) মল কণ্ডু শিরোরোগনাশী, কান্তি ও কেশবর্দ্ধক, কেশপ্রসন্নতাকারী।

কঙ্কতী, কঙ্কতিকা।

কঙ্কত্রোট, কাকলা মৎস্য, জলব্যাধ।

কঙ্কর, তক্র, ঘোল।

কঙ্করোল, নিকোচক বৃক্ষ, কাঁকরোল।

কঙ্কলোড্য, অঙ্কলোড্য, চিঙ্কোড়; (গুণ) গুরু, অজীর্ণকারক, শীতল।

কঙ্কশত্রু, পৃশ্নিপর্ণী।

কঙ্কু, কঙ্কুতৃণ।

কঙ্কুষ্ঠ, পার্ব্বতীয় মৃত্তিকা ভেদ; (গুণ) কটু, উষ্ণ, কফবাতব্রণশূলনাশক, রোচক।

কঙ্কেলী, অশোকবৃক্ষ।

কঙ্কেল্ল, বাস্তক শাক।

কঙ্গু, পীততণ্ডুলা, কাঙ্গনি ধান্য, প্রিয়ঙ্গু।

কঙ্গুকা, কঙ্গু; (গুণ) ধাতু-শোধক, পিত্ত শ্লেষ্মানাশক, রুক্ষ, বায়ুবর্দ্ধক, পুষ্টিকর, গুরু।

কঙ্গুনী, কাঙ্গনি ধান্য; (গুণ) মধুর, রুচিকর, কষায়, স্বাদু, শীতল, বাতকর, পিত্তদাহনাশী, রুক্ষ।

কঙ্গুনীপত্রা, পণ্যান্ধা তৃণ।

ককিউলস ইণ্ডিকস, ইণ্ডিয়ান বেরি, কাকমারি।

ককুদ্মান, ঋষভৌষধ।

ককুভ, অর্জ্জুনবৃক্ষ।

ককুভাদনী, নখী নামক গন্ধদ্রব্য।

কচ, বালা।

কচপ, তৃণ, পত্র।

কচ্লিয়া, (Cochlia) মধ্যকর্ণের শম্বুকাকার গহ্বর।

কচরিপুফল, শমীবৃক্ষ।

কচাটুর, পক্ষিবিশেষ, ডাক।

কচামোদ, বালা, বালক।

কচু, স্বনামখ্যাত গুল্ম।

কচ্চট, জলপিপ্পলী।

কচ্চর, তক্র, ঘোল।

কচ্ছ, তুঁদবৃক্ষ।

কচ্ছপ, স্বনামখ্যাত জলজন্তু বিশেষ; নন্দীবৃক্ষ, কাছিম; (উহার মাংসগুণ) বাতহর, শুক্রবৃদ্ধিকর, চক্ষুর হিতকারী, বলবর্দ্ধক, মেধাস্মৃতিকর, পথ্য, শোথদোষনাশক; (চর্ম্মের গুণ) পিত্তনাশক, পাদকফহারক; (অণ্ডের গুণ) স্বাদু, বাজীকর,

কচ্ছপিকা, ক্ষুদ্র রোগ বিশেষ।

কচ্ছপী, কূর্ম্মী, ক্ষুদ্র রোগ বিশেষ।

কচ্ছরুহা, দূর্ব্বা।

কচ্ছু, রোগবিশেষ, পাঁচড়া।

কচ্ছুকীট, পাঁচড়া প্রভৃতির সূক্ষ্ম কীট।

কচ্ছুঘ্নী, পটোল, হবুষাভেদ।

কচ্ছুরা, শূকশিম্বী, শঠী,দুরালভা, ক্ষিরুই।

কচ্ছুমতী, শূকশিম্বী।

কচ্ছোর, শঠী।

কচ্বী, ফলবিশেষ, কচু; (গুণ) ভেদক, গুরু, কটু, আমবায়ু, পিত্তকারী, পিচ্ছিল।

কজ্জল, (Collyrium) অঞ্জন, কাজল।

কঞ্চট, জলজ শাক বিশেষ, কাঁচড়া; (গুণ) শ্লেষ্মাকর, ধারক, হিম, পিত্তরক্তনাশী, লঘু, তিক্ত, বায়ুহর।

কঞ্চড়, কঞ্চটভেদ, ক্ষুদ্র পত্র বিশিষ্ট কঞ্চট।

কঞ্চুক, চণক, জোঙ্গকদ্রুম, ক্ষীরীশ বৃক্ষ, ক্ষীরকঞ্চুকী।

কঞ্জ, পদ্ম।

কঞ্জিকা, বামুনহাটী।

কটক, সামুদ্রলবণ।

কটঙ্কটেরী, হরিদ্রা, দারুদরিদ্রা।

কটভী, জ্যোতিষ্মতী লতা, লতাকটকী, অপরাজিতা; (গুণ) কটু, উষ্ণ, গুল্ম বিষ আগ্মান শূল দোষ নাশী, বাতকফাজীর্ণ রোগ শমতাকারী।

কটম্বরা, কটুকী।

কটম্ভর, শ্যোণাকবৃক্ষ, কটভীবৃক্ষ।

কটম্ভরা, রাজবালা, গন্ধভাদুল্যা, কটকী, হস্তিনী, কলম্বিকা, পুনর্ণবা, দূর্ব্বা।

কটশর্করা, গাঙ্গেষ্টীলতা, নাটা।

কটা, কট্‌কী।

কটায়ন, বীরণ।

কটি, (Waist) কাঁকাল, কোমর।

কটী, পিপ্পলী।

কটিগ্রহ, (Pain in the waist) কোমরবেদনা।

কটিবন্ধনবৎ দদ্রু, এই দদ্রু স্তূপে স্তূপে উৎপন্ন হয় ও কোমরবন্ধের আকারে শরীরের অর্দ্ধাংশে ব্যাপ্ত হয়।

কটিবন্ধনী, (Truss) অন্ত্রবৃদ্ধি (Hernia) রোগে অন্ত্রবর্দ্ধন নিবারণার্থ যে বন্ধনী ব্যবহৃত হইয়া থাকে।

কটিবাত, (Lumbago) কোমরের বাত।

কটিস্নায়ু, (Sciatic nerve) বঙ্ক্ষণ স্নায়ু।

কটেনিয়স, (Cutaneous) চর্ম্মসম্বন্ধীয়।

কন্টিউজন, (Contusion) ঘৃষ্টব্রণ, নিষ্পেষণ।

কন্টিনিউটী, (Continuity) অবিচ্ছিন্নতা।

কন্টিনেন্স, (Continence) মূত্রাদির অবরোধ।

কন্টেজিয়ন, (Contagion) স্পর্শসংক্রমন, ছোঁয়াচিয়া।

কন্টেজিয়স ডিজিজ, (Contageous disease) স্পর্শসংক্রামক রোগ, ছোঁয়াচিয়া রোগ।

কন্ট্র্যাক্‌সন, (Contraction) সংকোচন, আকুঞ্চন।

কটু, রসবিশেষ, ঝাল, চীন কর্পূর, পটোল, কুট্টীলতা, কটকী, প্রিয়ঙ্গুবৃক্ষ, রাইসরিষা। (গুণ) কণ্ঠজ দোষ, শোথ, মন্দাগ্নি, শ্বিত্ররোগ; নাশক (বহু সেবনে) ক্ষয়কর, বলবীর্য্য বল নাশক, বায়ুকারী, লঘু, কৃমিকণ্ডু বিষরোগ বিনাশক।

কটুক, ত্রিকটু, পটোল, সুগন্ধি তৃণ বিশেষ, কুটজ বৃক্ষ, অর্কবৃক্ষ, রাইসর্ষপ।

কটুকন্দ, সিগ্রুবৃক্ষ, আদ্রক, লশুন।

কটুকফল, কক্কোলক, কাঁকলা।

কটুকা, ক্ষুদ্র চঞ্চুবৃক্ষ, কট্‌কী; (গুণ) অতি কটু, তিক্ত, শীত পিত্ত রক্ত দাহ বলাশারোচক, শ্বাসজ্বরনাশী, রুচিকারী, সারক, রুক্ষ, কফনাশী।

কটুকপাণি, কাকমাচী, গুড়কাউনী।

কটুকালাবু, কটুতুম্বী, তিতলাউ।

কটুকী, কট্‌কী, কটুকা।

কটুকীটক, মশক।

কটুক্কাণ, টীট্টিভ পক্ষী।

কটুগ্রন্থি, পিপ্পলীমূল, শুণ্ঠী।

কটুচাতুর্জাতক, এলাইচ তেজপত্র গুড়ত্বক ও মরিচ।

কটুচ্ছদ, তগরবৃক্ষ।

কটুতিক্তক, শণবৃক্ষ, চিরাতা।

কটুতিক্তিতা, কটুতুম্বী, তিৎলাউ।

কটুতুণ্ডী, লতা বিশেষ, কটুতরাই, তিক্তঝিঙ্গা; (গুণ) কটু, তিক্ত, কফবাতবিষারোচকরক্তপিত্তনাশী, সদা পথ্য, রোচক।

কটুতুম্বী, তিৎলাউ; (গুণ) কটু, তীক্ষ, শ্বাস বাত কাশ শোথ ব্রণ শূক বিব-

নাশী, শোধক, পাণ্ডু কৃমি কফ বায়ু-নাশী, লঘুপাক।

কটুত্রয়, ত্রিকটু।

কটুদলা, কর্কটী, কাঁকুড়।

কটুনিষ্পাব, নদী নিষ্পাব ধান্য।

কটুপত্র, পর্পট, সিতার্জ্জক।

কটুপত্রিকা, কণ্টিকারীজাতীয় বৃক্ষ।

কটুফল, পটোল।

কটুফলা, শ্রীবল্লীবৃক্ষ, কট্ফল বৃক্ষ।

কটুভঙ্গ, শুণ্ঠী।

কটুভদ্র, শুণ্ঠী, আর্দ্রক।

কটুমঞ্জরিকা, অপামার্গ।

কটুমোদ, জবাদি নামক সুগন্ধি দ্রব্য।

কটুম্বরা, কটুকী, গন্ধভাদুল্যা।

কটুর, তক্র।

কটুরব,মণ্ডুক।

কটুরোহিনী, কটুকী।

কটুবার্ত্তাকী, শ্বেত কণ্টিকারী।

কটুবীজা, পিপ্পলী।

কটুশৃগাল, গৌর সুবর্ণ শাক।

কটুস্নেহ, সর্ষপ, গৌরসর্ষপ।

কটূৎকট, আর্দ্রক।

কটূৎকটক, শুণ্ঠী।

কট্ফল, স্বনামখ্যাত ফলবৃক্ষ বিশেষ। কায়ফল। (গুণ) কটু, উষ্ণ, কাস শ্বাস জ্বর উগ্রদাহনাশী, রুচিকারী, মুখ-রোগপ্রশমক।

কট্ফলা, গাম্ভারী বৃক্ষ, বৃহতী, কাকমাচী, দেবদালী, বার্ত্তাকী, মৃগের্ব্বারু।

কট্বঙ্গ, শ্যোণাকবৃক্ষ।

কট্বর, দধিসর তক্র।

কট্বী, কট্‌কী, কটুকী; (গুণ) মধুর, শীত, কফ শ্বাস নানা জ্বর হারী, রুচিকারী, রাজযক্ষ্মা নিবারক।

কটেলি, কটে (হিন্দুস্থানী), কণ্টকারী।

কঠিঞ্জর, তুলসীবৃক্ষ।

কঠিনা, গুড়, শর্করা।

কঠিনিকা, খড়ী, ফুলখড়ী।

কঠিনী, খড়িকা, খড়ী, পাকশুক্কা, আমলা-ধাতু, ককখটী, খটী, বর্ণলেখিকা, ধাতুপল, কঠিনিকা।

কঠিল্ল, কারবেল্ল, করলা, উচ্ছা।

কঠিল্লক, কারবেল্ল, করলা, পুনর্ণবা, তুলসী।

কডিন, অহিফেণের উপক্ষার বিশেষ।

কডেট, (Caudate) তাপ বা তাড়িৎ পরিচালক।

কড়ক, করকচ লবণ, সামুদ্রলবণ।

কড়ঙ্গ, সুরা বিশেষ।

কড়ম্ব, শাকনাড়িকা, ডাঁটা, কল্মম্।

কড়ম্বী, কলম্বীশাক।

কণ, বনজীরক।

কণগুগ্‌গুলু, গুগ্‌গুলুভেদ ; (গুণ) কটু, উষ্ণ, সুগন্ধি, বাত শূল গুল্ম উদরাধ্মান কফ নাশী ও রসায়ন গুণ বিশিষ্ট।

কণজীর, শ্বেত জীরক।

কণজীরক, ক্ষুদ্র জীরক, সুগন্ধ।

কণা, জীরক, পিপ্পলী, শ্বেত জীরক।

কণিক, শুষ্ক গোধূম চূর্ণ।

কণিকা, অগ্নিমন্থ বৃক্ষ।

কণের, কর্ণিকার বৃক্ষ।

কণেরু, কর্ণিকার বৃক্ষ।

কণ্টকদ্রুম, শাল্মলি বৃক্ষ।

কণ্টকপ্রাবৃতা, ঘৃতকুমারী।

কণ্টকফল, পনসবৃক্ষ, গোক্ষুর বৃক্ষ।

কণ্টকবৃন্তাকী, বার্ত্তাকী।

কণ্টকশ্রেণী, কণ্টকারী।

কণ্টকাঢ্য, কজক বৃক্ষ।

কণ্টকারিকা, কণ্টকারী, নিদিগ্ধিকা, স্পৃশী, ব্যাঘ্রী, বৃহতী, প্রচোদনী, কুলী, ক্ষুদ্রা, দুস্পর্শা, রাষ্ট্রিকা ; (গুণ) কটু, উষ্ণ, দীপক, শ্বাসকাস প্রতিশ্যায় দোষ কফ বাতজ্বর নাশী, তৃষ্ণানাশী ; (ইহার ফলের গুণ) পিত্ত কফ কণ্ডু কুষ্ঠ কৃমি নাশী, লঘু, উষ্ণ, কটু, তিক্ত।

কণ্টকারী, স্বনামখ্যাত ক্ষুদ্র বৃক্ষ বিশেষ, শাল্মলি বৃক্ষ, বিকঙ্কত বৃক্ষ, বঁইচিগাছ।

কণ্টকাল, পনসবৃক্ষ।

কণ্টকালুক, যবাসবৃক্ষ, দুরালভা।

কণ্টকিনী, বার্ত্তাকী, শোণ, ঝিণ্টী, মধুখর্জ্জরী।

কণ্টকিফল, কাঁটাল বৃক্ষ, কাঁটাল।

কণ্টকিল, বেউড় বাঁশ।

কণ্টকি লতা, ত্রপুষী, শসা।

কণ্টকী, খদির বৃক্ষ, বদর বৃক্ষ, মদন বৃক্ষ, গোক্ষুর বৃক্ষ।

কণ্টকী, কাঁটা বেগুন ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, রক্তপিত্তপ্রকোপক, কণ্ডুকচ্ছহর, দোষল।

কণ্টকীদ্রুম, খদির বৃক্ষ।

কণ্টকীফল, কাঁটাল বৃক্ষ।

কণ্টকুরণ্ট, ঝিণ্টী।

কণ্টতুন, বৃহতী।

কণ্টদলা, কেতকী।

কণ্টপত্র, বঁইচি, বিকঙ্কত বৃক্ষ।

কণ্টপত্রফলা, ব্রহ্মাদণ্ডী বৃক্ষ।

কণ্টপাদ, বিকঙ্কত বৃক্ষ, বঁইচি গাছ।

কণ্টফল, ক্ষুদ্র গোক্ষুর, পনস, ধুস্তুর, লতাকরঞ্জ, এরণ্ড, তেজফল।

কণ্টফলা, দেবদালী লতা।

কণ্টল, বাবলা বৃক্ষ, বাবলা, স্বর্ণপুষ্প।

কণ্টবল্লী, শ্রীবল্লী বৃক্ষ।

কণ্টবৃক্ষ, তেজঃফল বৃক্ষ।

কণ্টাফল, পনসবৃক্ষ ; (ইহার পাকা ফলের গুণ) সুমধুর, রক্তবর্দ্ধক, স্নিগ্ধ, শীতল, দুর্জ্জর, বায়ুপিত্তনাশী, শ্লেষ্ম শুক্রবলদাতা, পৃচ্ছিল, গুরু, হৃদ্য, ভ্রম দাহ বিশোষ নাশী, রুচিকর, গ্রাহী ; (ইহার বীজের গুণ) রক্তপিত্তনাশী, স্বাদু, ফলতুল্য গুণ, ঈষৎ কষায়, মধুর, রুচি বায়ু-বৃদ্ধিকারী, গুরু।

কণ্টার্ত্তগলা, নীল ঝিণ্টী।

কণ্টালু, বংশ, বৃহতী, বার্ত্তাকী।

কণ্টাহ্বর, পদ্মকন্দ।

কণ্টী, কলায়, অপামার্গ, খদির, গোক্ষুর।

কণ্ঠ, মদনবৃক্ষ, (ইং) ল্যারিংস।

কণ্ঠাল, শূরণ।

কণ্ঠীরবী, বাসকবৃক্ষ।

কণ্ডঃক্টর, (Conductor) তাপ বা তাড়িত পরিচালক।

কণ্ডঃকশন, (Conduction) তাপ বা তাড়িত পরিচালন; অপরিচালক দেখ।

কণ্ডরা, মহাস্নায়ু, মহানাড়ী ; ডাক্তারীতে (Tendon) পেশীর প্রান্ত সংলগ্ন রজ্জুবৎ পদার্থ।

কণ্ডু, (Eruption) চুলকনা, পীড়কা।

কণ্ডুর, কারবেল্ল লতা, কুন্দর তৃণ।

কণ্ডুরা, অতাম্রপর্ণী, কপিকচ্ছু।

কণ্ডুরাঙ্গো কণ্ডোর প্ল্যাণ্ট, গুল্মবিশেষ।

কণ্ডূ, রোগবিশেষ, চুলকানি, খোস্।

কণ্ডূকরী, শূকশিম্বী বৃক্ষ।

কণ্ডূঘ্ন, আরগ্বধ, গৌর সর্ষপ।

কণ্ডূয়ন, (Tickling) চুলকনা, সড়্ সড়্ করা।

কণ্ডূয়া, রোগবিশেষ।

কণ্ডূরা, আল্‌কুশী।

কণ্ডূল, শূরণ।

কণ্ডেন্স, (Condense) ঘনীভূত।

কণ্ড্রস, (Chondros) উপাস্থি।

কণ্ড্রয়েড়, (Condroid) উপাস্থিবৎ।

কণ্ড্রাইটিস্, (Chondritis) উপাস্থিপ্রদাহ।

কণ্ড্রিণ, (Chondrine) উপাস্থির মূল উপাদান বিশেষ।

কণ্ড্রোমা, (Chondroma) উপাস্থিময় অর্ব্বুদ।

কণ্ড্রাল্‌জিয়া, (Condralgia) উপাস্থি বেদনা।

কত, কতকবৃক্ষ, (হিন্দুস্থানী) খয়ের।

কতক, বৃক্ষ বিশেষ, নির্ম্মলী ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, চক্ষুর হিতকর, রুচিকারী, কৃমি দোষ শূলদোষ নাশী।

কতফল, কত কবৃক্ষ।

কতবেল, স্বনামখ্যাত ফল ; (গুণ) : মধুর, কষায়, গুরু, শীতগুণাত্মক, নির্ম্মল, এবং হৃদ্রোগ অতিসার কাস সর্দ্দি ও কফজ রোগ নাশক।

কর্ত্তৃণ, সুগন্ধি তৃণ বিশেষ, রামকর্পূর, চাকুলে, পৃশ্নি ; (গুণ) কটু, তিক্ত, কফ শস্ত্রশল্যাদিদোষ বালগ্রহ বিনাশী।

কত্তোয়, মদ্য।

কদম্ব, কদম্ববৃক্ষ, কদম, সর্ষপ, দেবতাড়ক তৃণ ; (গুণ) তিক্ত, কটু, কষায়, বাত কফ পিত্তনাশী, শীতল, শুক্রবর্দ্ধক।

কদম্বক, হরিদ্রু, সর্ষপ, কদম্ববৃক্ষ।

কদম্বদ, সর্ষপ।

কদম্বপুষ্পা, মুণ্ডিতিকা বৃক্ষ, মুণ্ডিরী।

কদম্বপুষ্পী, মহাশ্রাবণিকা বৃক্ষ, মুণ্ডিরী।

কদম্বী, দেবদালী-লতা।

কদর, শ্বেত খদির, বাবলা, ক্ষুদ্র রোগ বিশেষ, কড়া, জাম্বড়া ; ডাক্তারী মতে (Corn) কড়া, কিণ।

কদল, কদলীবৃক্ষ, চাকুলে।

কদলক, কদলীবৃক্ষ।

কদলা, শাল্মলী বৃক্ষ, চাকুলিয়া, ডিম্বিকা।

কদলী, স্বনামপ্রসিদ্ধ ওষধি, কলাগাছ ; (ইহার পাকা ফলের গুণ) কষায়, মধুর, বলকারী, শীতল, গুরুতর মন্দাগ্নিতে অপথ্য, সদ্যশুক্রবিবর্দ্ধক, ক্লমতৃষ্ণাহর, কান্তিদাতা, দী প্তাগ্নিতে সুখদ, কফাময়কর, সন্তর্পক, দুর্জ্জর ; (মোচার গুণ) হৃদ্য, কফকৃমিনাশী, কুষ্ঠ প্লীহাজ্বরহর, অগ্নিদীপক, বস্তি-শোধক ; (ইহার মূলের গুণ) বল-কারী, বাতপিত্তনাশী, গুরু ; (চাঁপা কলার গুণ) বাতপিত্তহর, শুক্রবৃদ্ধি-কারী, অতি শীতল, রসে পাকে মধুর।

কদাখ্য, কুড়, কৌবের, কুষ্ঠবৃক্ষ।

কনক, সুবর্ণ, পলাশবৃক্ষ, নাগকেশর বৃক্ষ, ধুস্তূর বৃক্ষ, কাঞ্চনাল বৃক্ষ, কালীয় বৃক্ষ, চম্পক বৃক্ষ, কাসমর্দ্দ বৃক্ষ, কনকগুগ্গুলু বৃক্ষ, লাক্ষা তরু।

কনকফল, জয়পাল, ধুস্তূর ফল।

কনকপ্রভা, মহাজ্যোতিষ্মতী।

কনকপ্রসবা, স্বর্ণকেতকী।

কনকরম্ভা, সুবর্ণ কদলী।

কনকরস, হরিতাল।

কনকলোদ্ভব, ধূনা।

কনকক্ষার, টঙ্কন, সোহাগা।

কনকারক, কোবিদার বৃক্ষ।

কনকাহ্ব, নাগকেশর পুষ্প।

কনকাহ্বয়, ধুস্তূর বৃক্ষ, নাগকেশর বৃক্ষ।

কন্-কেভ, (Concave) কুব্জ।

কনখি, (হিন্দুস্থানী) তির্য্যক দৃষ্টি।

কন্-জেনিট্যাল, (Congenital) আজন্ম কৌলিক।

কন্-জেস্-শন, (Congestion) কোন যন্ত্রে অস্বাভাবিক রক্ত সঞ্চয়।

কন্-জেস-টিভ, (Congestive) রক্ত সঞ্চয়-জনিত।

কন্-জং-টাইভা, (Conjunctiva) যোজক-ত্বক, চক্ষুর শুক্ল মণ্ডল বা শুভ্র আবরণ।

কন-জং-টাইভাইটিস, (Conjunctivitis) যোজকত্বকপ্রদাহ, শুক্লমণ্ডলপ্রদাহ।

কন-ডিল, (Condyle) একদিকে ন্যুব্জ অন্যদিকে চেপ্টা অস্থিসন্ধির প্রদাহ।

কন্-ডি-লয়েড, (Condyloid) কণ্ডিল সদৃশ বা সম্পর্কীয়।

কন্-ডি-লোমা, (Condyloma) ভগ বা গুহ্যদ্বারে আঁচিলবৎ উপমাংস, শ্লেষ্মা-গুটি।

কন্-ডি-লোমেটা, (Condylomata) কন-ডিলোমা শব্দের বহুবচন।

কন্-ফেকশিয়ো, (Confectio) খণ্ড, চিনি সহকারে প্রস্তুত ঔষধ।

কন্-ফ্লুয়েন্ট, (Confluent) সংশ্লিষ্ট, সংযুক্ত, লেপা ; যথা বসন্তাদি।

কন্-ভেক্স, (Convex) গোল বস্তুর বহি-র্ভাগ, ন্যুব্জ।

কন্-ভেলে-সেণ্ট, (Convalescent) রোগান্তে দুর্ব্বল অবস্থা।

কন্-ভেলে-সেন্স, (Convalescence) রোগান্তে দুর্ব্বলতা।

কন্-ভোলিউশনস্, (Convolutions) বলয়ের ন্যায় বেষ্টন, অন্ত্রাদির পেঁচ, মস্তিষ্কের ভাঁজ।

কন্-শঃস, (Conscious) চেতন, সজ্ঞান।

কন্-শঃস্ নেস্, (Consciousness) চৈতন্য।

কন্ ষ্টি-টিউশন, (Constitution) শারী-রিক প্রকৃতি দেহ স্বভাব ধাতু।

কন্-ষ্টি-টিউশ-ন্যাল, (Constitutional) সর্ব্বাঙ্গীন, ধাতুগত, কৌলিক।

কন্-ষ্টি পেশন, (Constipation) কোষ্ঠ-বদ্ধ, কোষ্ঠ-কাঠিন্য।

কন সিস টেন্সি, (Consistency) ঘনত্ব।

কন্-সেন-ট্রেটেড্, (Concentrated) সমুচিত সুরাদির সহিত অন্য কোন দ্রব্যের এরূপ ভাবে মিশ্রণ যে, রাসা-য়ণিক আকর্ষণ অনুসারে আর তদ-পেক্ষা অধিক গৃহীত ও সম্মিলিত হইতে পারে না।

কন-সেপ-শন, (Conception) গর্ভ-ধারণা।

কনাই-ভেন্ট, (Connivent) অন্তর্ম্মুখ।

কনার, (হিন্দুস্থানী) করবী, করবী।

কনিক্যাল, (Conical) শিখরাকার, শিখাকার।

কণিষ্ঠক, শূকতৃণ।

কণীচি, গুঞ্জা, কঁচ।

কণীণিকা, (Cornea) চক্ষুর তারা, চক্ষুর সম্মুখভাগে অবস্থিত স্বচ্ছাবরণ।

কণীয়স, তাম্র।

কনেক্টিভ, (Connective) যোজক, যে মাংসল অংশ দ্বারা পরাগকোষের অংশদ্বয় সংযুক্ত থাকে।

কনেলী, (হিন্দুস্থানী) করবী।

কন্থারী, বৃক্ষবিশেষ ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, কফ বাত শোষ রক্তগ্রন্থি জ্বর নাশী, দীপক, রুচিকারী।

কন্দ, শূরণ, শস্থমূল, সলগম, শালুক, যোনিরোগবিশেষ ; ডাক্তারীমতে— (Prolapsus uteri) জরায়ুভ্রংশ পেঁদ ; মূল।

কন্দগুড়ুচী, গুড়ুচি বিশেষ।

কন্দট, শ্বেতোৎপল, সাদা সুঁদি।

কন্দফলা, ক্ষুদ্র কারবেল্লী।

কন্দমূল, মূলক।

কন্দর, আর্দ্রক।

কন্দরাল, গর্দ্ধভাণ্ড বৃক্ষ, প্লক্ষবৃক্ষ, আখোট বৃক্ষ।

কন্দরালক, প্লক্ষ বৃক্ষ।

কন্দরিণী, (Vena Cava) অবরোহিণী দেখ।

কন্দরোদ্ভবা, ক্ষুদ্র পাষাণভেদী।

কন্দর্পজীব, কামবৃদ্ধি নামক বৃক্ষ।

কন্দলতা, মালাকন্দ।

কন্দলী, কদলী, পদ্মবীজ।

কন্দলীকুসুম, শিলীন্ধ্র।

কন্দবর্দ্ধন, শূরণ।

কন্দবল্লী, বন্ধ্যাকর্কোটকী।

কন্দবহুলা, ত্রিপর্ণিকা।

কন্দশূরণ, ওল।

কন্দসংজ্ঞ, বোন্যর্শ।

কন্দাই, শূরণ।

কন্দোট, নীলোৎপল, শুক্লোৎপল।

কন্দোত, কুমুদ।

কন্ধর, মারিষ বৃক্ষ, গ্রীবা।

কন্যা, ঘৃতকুমারী, স্থূলৈলা, বরাহীকন্দ, বন্ধ্যা কর্কোটকী।

কপটিনী, চিতা নামক গন্ধদ্রব্য।

কপটিস্, গোল্ড থ্রেড রুট, আসামদেশজ উদ্ভিদ বিশেষের মূল।

কপটেশ্বরী, শ্বেত কণ্টকারী।

কপর্দ্দ, বরাটক, কড়ি।

কপর্দ্দক, বরাটক, কড়ি ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, কর্ণশূল ব্রণ গুল্মশূল নেত্রদোষ

নাশক। ইহা পাঁচ জাতীয় যথা—স্বর্ণাবর্ণা সিংহী, ধূম্রবর্ণা ব্যাঘ্রী, পীতপৃষ্ঠা সিতোদরা মৃগী, শ্বেতবর্ণা হংসী, নাতিদীর্ঘিকা বিদন্তা।

কপাট, (Valve) ঝিল্লিময় আবরণ বিশেষ, শরীরস্থ তরল পদার্থ প্রবাহিত হইবার সময় উহা উন্মুক্ত ও পুনরাগমন নিবারনার্থ প্রতিরুদ্ধ হয়।

কপার, (Copper) তাম্র, তাঁবা।

কপাল, (Forehead) শিরোঽস্থি, কুষ্ঠরোগবিশেষ।

কাপালিকা, (Fartar of the teeth) দন্তবল্কল।

কপি, করঞ্জ ভেদ, শিলারস।

কপিক, শিলারস।

কপিকচ্ছু, আলকুশী; (গুণ) স্বাদু, শুক্রবৃদ্ধিকর, বাত ক্ষয় পিত্তাস্রবীকৃত ব্রণ নাশক, শীতল; (বীজের গুণ) বাতপ্রশমক, যারপর নাই বাজীকর।

কপিকচ্ছু-ফলোপমা, জতুকা লতা।

কপিকচ্ছুরা, আলকুশী।

কপিকা, নীল সিন্দুবার বৃক্ষ।

কপিকোলি, শেয়াকুল।

কপিচূড়া, আম্রাতক বৃক্ষ।

কপিচূত, ঐ।

কপিজ, শিলারস।

কপিজিহ্বিকা, তৈল পিপীলিকা।

কপিঞ্জল, চাতক পক্ষী; (মাংসগুণ) লঘু, শীতল, কফরক্তপিত্তনাশক, অগ্নিকারক, মতান্তরে তিত্তির পক্ষী, শুক্রবৃদ্ধিকর।

কপিতৈল, তুরস্ক নামক গন্ধদ্রব্য।

কপিথ, কয়েত বেল; (কাঁচার গুণ) অম্ল, উষ্ণ, কফনাশক, গ্রাহী, বায়ুবর্দ্ধক, বিষহর, রোচক, কণ্ঠরোগজিহ্বাধিকজড়ত্বকারী; (পাকা ফলের গুণ) দোষত্রয়হর, মধুরাম্ল, গুরু, শ্বাস বমি শ্রম ক্লম হর, হিক্কানাশক, গ্রাহী, রুচিপ্রদ।

কপিথত্বক, এলবালুক।

কপিথপর্ণী, বৃক্ষ বিশেষ, কপিথানী।

কপিনামা, শিলারস, সিহ্লক।

কপিপিপ্পলী, রক্তাপামার্গ, সূর্য্যাবর্ত্ত বৃক্ষ।

কপিপ্রভা, কপিকচ্ছু।

কপিপ্রিয়, আম্রাতক।

কপিল, সিহ্লক।

কপিলদ্রাক্ষা, মৃদ্বীকা, কিস্‌মিস্‌; (গুণ) মধুর, শীতল, হৃদ্য, মদহর্ষদায়ক, দাহ মূর্চ্ছা জ্বর শ্বাস তৃষ্ণা হৃল্লাস নাশক।

কপিলক্রম, কাক্ষী নামক সুগন্ধি কাষ্ঠ।

কপিলশিংশপা, শিংশপা বৃক্ষ বিশেষ;

(গুণ) তিক্ত, শীতবীর্য্য, বাত পিত্তজ্বর ছর্দ্দি হিক্কা নাশক।

কপিলা, ভস্মগর্ভা, শিংশপা, রেণুকা নামক গন্ধদ্রব্য, ঘৃতকুমারী, রাজ-রীতি।

কপিলাক্ষী, মৃগের্ব্বারু, কপিল শিংশপা।

কপিলোমফলা, কপিকচ্ছু।

কপিলোমা, রেণুকা।

কপিলোহ, পিত্তল।

কপিল্লকা, গজপিপ্পলী।

কপিবল্লী, ঐ।

কপিশ, (Brown) নীলপীতমিশ্রিত বর্ণ, কটা; (বৈদ্যকে) সিহ্লক নামক গন্ধ দ্রব্য, আমড়া গাছ।

কপিশীর্ষক, হিঙ্গুল।

কপিহস্তক, আলকুশী।

কাপীজ্য, ক্ষিরিকা বৃক্ষ।

কপীত, স্বতবুস্না বৃক্ষ, শম্ব পুষ্প।

কপীতন, শিরীষ বৃক্ষ, আম্রাতক বৃক্ষ, বিল্ব বৃক্ষ, অশ্বত্থ বৃক্ষ, গুবাক বৃক্ষ, গর্দ্দভাণ্ড বৃক্ষ।

কপীষ্ট, রাজাদনী বৃক্ষ, কপিত্থ।

কপোত, পারাবত, পায়রা ; (মাংসগুণ) বীর্য্য ও বলবর্দ্ধক, স্বাদু, কফপিত্তাস্র-নাশী, মধুর, শীতল, বাতপিত্তনাশী।

কপোতক, সৌবীরাঞ্জন।

কপোতচরণা, নলী নামক গন্ধদ্রব্য।

কপোতবঙ্কা, ব্রাহ্মীবৃক্ষ।

কপোত মল্ল, কপটভেদী।

কপোতকর্ণী, সূক্ষ্মৈলা।

কপোত বক্ষ, (Pigeon brest) রিকেট্স্ রোগে পায়রার বক্ষস্থলের ন্যায় বক্ষস্থলের বিকৃতি।

কপোতবাণা, নলিকা নামক গন্ধদ্রব্য।

কপোত সার, স্রোতোঽঞ্জন।

কপোতাঙ্ঘ্রি, নালী নামক গন্ধদ্রব্য।

কপোলি, গণ্ড, গাল।

কফ, শরীরস্থ ধাতু বিশেষ, শ্লেষ্মা, সংঘাত, সৌম্য ধাতু ; (গুণ) গুরু, সন্ধি-বিশ্লেষকারী, মৃদু, প্রমর্দ্দক, স্নিগ্ধ, কটু, শীতল, জড়ত্বকারক, শুক্র, শীতে বসন্তে নিশামুখে পূর্ব্বাহ্ণে ভোজন করিলে উহার প্রকোপ হয়।

কফঘ্নী, হবুষাভেদ।

কফণি, কফোণি দেখ।

কফবর্দ্ধন, পিণ্ডীতগর বৃক্ষ।

কফবিরোধি, মরিচ।

কফস্তিক, বর্ব্বুর বৃক্ষ।

কফারি, শুণ্ঠী।

কফিয়া, কফি, কাওয়া, শুষ্ক কন্দ বিশেষ।

কফিয়াকুড়া, কাওয়ার অপক্ক ফল।

কফোণি, কনুই, ভুজমধ্য গ্রন্থি।

কবল, কুল্লী, কুল্‌কুচা।

কবিত্থ, কপিত্থবৃক্ষ।

কমণ্ডলু, প্লক্ষ-বৃক্ষ।

কমণ্ডলুবৃক্ষ, প্লক্ষবৃক্ষ।

কমন, অশোক বৃক্ষ।

কমল, পদ্ম, পাথোজ, নল, নলিন, অম্ভোজ, অম্বুজন্ম, অম্বুজ, শ্রী, অম্বুরুহ, অম্বু-পদ্ম, সুজল, অম্ভোরুহ, সারস, পঙ্কজ, সরসীরুহ, কুটপ, পাথোরুহ, পুষ্কর, বার্জ্জ, তামরস, কুশেশয়, কঞ্জ, কজ, অরবিন্দ, শতপত্র, বিসকুসুম, সহস্র-পদ, মহোৎপল, বারিরুহ, সরসিজ, সলিলজ, পঙ্কেরুহ, রাজীব; (গুণ) শীতল, স্বাদু, রক্তপিত্তভ্রমনাশক, ভ্রান্তিসন্তাপনাশক, পরম তৃপ্তিকর, সুগন্ধি।

কমলা, কমলালেবু।

কমলোত্তর, কুসুম্ভপুষ্প।

কম্প, গাত্রাদি কম্পন, কাঁপা।

কম্পাউণ্ড, (Compound) দুই বা ততো-ধিক দ্রব্যের মিশ্রণ।

কম্পাউণ্ড-লিফ, (Compound leaf) অনেক গ্রন্থি পত্র।

কম্পাউণ্ডর, (Compounder) ঔষধমিশ্রণ-কারী।

কম্পিল্লক, বৃক্ষবিশেষ, রেচী, রেচ-নক, রঞ্জক, লোহিতাঙ্গ; (গুণ) বিরেচক, কটু, উষ্ণ, ব্রণ কফ কাশ কৃমি নাশক; কমলাগুঁড়ি।

কম্প্রেশ, (Compress) গদি, পটী, ক্ষতাদি বন্ধনার্থ জড়ান লিণ্ট বা নেকড়া।

কম্প্রেশন, (Compression) সঙ্কালন, সম্পীড়ন।

কম্প্রেষ্ট, (Compressed) চাপযুক্ত।

কম্প্রেসিবল, (Compressible) চাপ দিলে নত হইবার উপযুক্ত।

কম্পোজিশন, (Composition) ভিন্ন ভিন্ন বস্তুর একত্র সম্মিলন।

কম্পোজিটস, (Compositous) বিমিশ্র।

কম্‌প্লিট, (Complete) সম্পূর্ণ, সম্যক।

কম্‌প্লিকেশন, (Complication) রোগের উপসর্গ, এক রোগের সহিত অন্য রোগের আবির্ভাব।

কমপ্লিকেটেড, (Complicated) জটিল, জড়ান, যাহার সহিত অনেক রোগ মিশ্রিত।

কমপ্লেক্স, (Complex) মিশ্র, সঙ্কর।

কম্বাশ্চন, (Combustion) জ্বলন।

কমিনিউটেড, (Cominuted) ফ্র্যাক্‌চর, অস্থি ভগ্ন হইয়া অনেক খণ্ড হইলে তাহাকে কমিনিউটেড্‌ বা ফ্র্যাক্‌চর বলে।

কমিশার, (Commissure) বিদারণ, ফাটা।
কমেন্সমেণ্ট, (Commencement) প্রারম্ভ।
কম্বলাবরণ (Wet-pack) জ্বরাদি রোগে ভিজা কম্বল দ্বারা গাত্র আবরণ।
কমরক, (হিন্দুস্থানী) কামরাঙ্গা।
কম্‌রি, (হিন্দুস্থানী) কটিবাত।
কমিলা, (হিন্দুস্থানী) কম্বিলা, কমলা গুঁড়ি।
কম্বু, শঙ্খ।
কম্বুকা, অশ্বগন্ধা বৃক্ষ।
কম্বুকাষ্ঠা, অশ্বগন্ধা বৃক্ষ।
কম্বুপুষ্পী, শঙ্খপুষ্পী বৃক্ষ।
কম্বুমালিনী, শঙ্খপুষ্পী বৃক্ষ।
কম্ভারী, গাম্ভারী বৃক্ষ।
কম্ভু, উষীর।
কয়, (হিন্দুস্থানী) বমন।
কয়স্থা, বয়স্থা, কাকলী।
কয়েল, (Coil) ব্যাবর্ত্তন, পেঁচ।
করক, দাড়িম্ব বৃক্ষ।
করকা, শিলাবৎ জমাট জল।
করকাজল, শিলাবৃষ্টি; ইহা শীতল, হিক্কা বমি শোথ ব্রণনাশক, পিত্তাত্মকদিগের উপকারী।
করকাম্ভা, নারিকেল বৃক্ষ।
করঙ্কশালী, করঙ্ক নামক ইক্ষু।
করচ্ছদ, শাখোট বৃক্ষ, শেওড়া গাছ।
করচ্ছদা, সিন্দুরপুষ্পী বৃক্ষ।
করজ, ব্যাঘ্রনখ নামক গন্ধদ্রব্য, নখী, করঞ্জ বৃক্ষ।
করজাখ্য, নখী নামক গন্ধদ্রব্য।
করজ্যোড়ী, হস্তজ্যোড়ি বৃক্ষ।
করণ, (Corn) কড়া, কদর।
করঞ্জ, বৃক্ষবিশেষ, করঞ্চা; (পাতার গুণ) কফ বাত অর্শ কৃমি শোথ নাশী, ভেদক, পাকে কটু, বীর্য্যোষ্ণ, পিত্তবর্দ্ধক ও লঘু; (তৈলের গুণ) অতি স্নিগ্ধ, বাতনাশক, স্থিরদীপ্তিদায়ক, নয়নাময়, বাতরোগ কণ্ডু ও বিসূচিকা নাশী, তীক্ষ্ণ, উষ্ণ, লেপদ্বারা নানাবিধ চর্ম্মরোগ নাশী।
করঞ্জক, করঞ্জ বৃক্ষ, ভৃঙ্গরাজ বৃক্ষ,
করঞ্জফলক, কপিথ বৃক্ষ।
করট, কুসুম্ভ বৃক্ষ।
করণ্ড, মধুকোষ, মৌচাক।
করদ্রুম, কারস্কর বৃক্ষ।
করপত্রবান, তালবৃক্ষ।
করপর্ণ, ভিণ্ডাবৃক্ষ, রক্ত-এরণ্ড।
করভ, নখনামক গন্ধদ্রব্য, হুড়হুড়া; ডাক্তারী—(Metacarpus) মণিবন্ধ ও অঙ্গুলীর মধ্যবর্ত্তী হস্তের বহির্ভাগ।
করভ কাণ্ডিকা, উষ্ট্রকাণ্ডি বৃক্ষ।

করভপ্রিয়া, ক্ষুদ্র দুরালভা।

করভবল্লভ, কপিথবৃক্ষ, পিলুবৃক্ষ।

করভাদনী, ক্ষুদ্র দুরালভা।

করমন্ড, গুবাক বৃক্ষ।

করমর্দ্দ, করঞ্জ বৃক্ষ।

করমর্দ্দক, বৃক্ষবিশেষ, পাণিআমলা, করৌন্দা, করঞ্চা ; (কাঁচা ফলের গুণ) তিক্ত, অম্ল, দীপক, দাহদায়ক ; (পাকা ফলের গুণ) ত্রিদোষ-প্রশমক, অরুচিবিষনাশী, পিপাসা নিবারক, অম্ল, রুচিপিত্তকারী, গুরু।

করমর্দ্দী, করমর্দ্দক বৃক্ষ, করঞ্চা।

করম্ভা, শতাবরী, প্রিয়ঙ্গু বৃক্ষ।

করবী, হিঙ্গুপত্র, করবী।

করবীর, স্বনামখ্যাত বৃক্ষ, করবী ; (গুণ) কটু, তীক্ষ্ণ, কুষ্ঠ কণ্ডু নাশী, ব্রণবিষ বিষফোটক প্রশমক।

করবীরক, অর্জ্জুনবৃক্ষ, বিষভেদ, কবীমূল।

করবীর কন্দসংজ্ঞ, তৈলকন্দ।

করবীর ভুজা, আড়কী বৃক্ষ, অড়র গাছ।

করী, বাবুইতুলশী।

করসাধ্য, (Manual) হস্ত দ্বারা যাহা করা যায়।

করহাট, পদ্মমূল, মদনবৃক্ষ, মহাপিণ্ডীতরু।

করহাটক, মদনবৃক্ষ।

করামর্দ্দ, করমচা।

করাম্বুক, পাণিআমলা।

করাম্লক, করমর্দ্দক বৃক্ষ।

করাল, কৃষ্ণকুঠেরক, কাল তুলশী।

করালা, শাবিয়া, অনন্তমূল।

করিকণা, গজপিপ্পলী।

করিকণাবল্লী, চবিকা বৃক্ষ।

করিকুম্ভ, নাগকেশর চূর্ণ।

করিপত্র, তালীশ পত্র।

করিপিপ্পলী, গজপিপ্পলী।

করিম্ব, (Corymb) কিরীটের ন্যায় পুষ্প বিন্যাস।

করীর, মরুভূমিজ উষ্ট্র-প্রিয় কণ্টকীবৃক্ষ বিশেষ, ক্রকর, গ্রন্থিল, ক্রকচ, নিষ্পত্রিকা, গূঢ়পত্র, তীক্ষ্ণকণ্টক ; (গুণ) আধ্মানকারী, কষায়, কটু, উষ্ণ, অতি কফজনক, বায়ু শ্বাস অরোচক, সর্ব্ব শূল ছর্দ্দি খর্জ্জু ব্রণ প্রভৃতি দোষনাশী।

করীষ, শুষ্ক গোময়, ঘুঁটে।

করুণ, বৃক্ষবিশেষ, করুণা লেবুর গাছ ; (ফলের গুণ) কফ বায়ু আম মেদ নাশক, পিত্তপ্রকোপক।

করুণ-মল্লী, নবমল্লিকা।

করুণী, পুষ্পবিশেষ ; (গুণ) কটু, তিক্ত

উষ্ণ, কফ অধ্মান শ্বাস ছর্দ্দি নাশক।

করেণু, কর্ণিকার বৃক্ষ।

করেন্দুক, ভূতৃণ।

করেবর, তুরস্ক, শিলারস।

করোটি, (Cranium) মাথার খুলি, মস্তকাস্থি।

করোর্ণয়েড, (Coronoid) কাকচঞ্চুবৎ, অলনা নামক অস্থির কাকচঞ্চুবৎ প্রবর্দ্ধন।

করোণা, (Corona) নরকপালের শিখরদেশ, মুকুটাকার।

করোণা-গ্ল্যাণ্ডিস, (Corona Glandis) লিঙ্গমূল।

করোণারি, (Coronary) মুকুট-ধমনী, হৃৎপিণ্ডের ধমনী ও শিরা, মুকুটবৎ বেষ্টনকারী।

করোণ্যাল, (Coronal) নরকপালের শিখর সংক্রান্ত।

করোণ্যাল-সুচার, (Coronal Suture) নরকপালের সেবনী বন্ধনী।

করোলা, (Corolla) পুষ্পের অন্তরস্থ আবরণ, স্রক।

করোসিভ, (Corrosive) ক্ষয়কর, ক্ষতকর, দাহক।

করোসিভ্ সব্লিমেট, (Corrosive Sublimate) পারদবিশেষ, রসকর্পূর।

কর্কটরোগ, (Cancer) এক প্রকার দূষিত অর্ব্বুদ, ইহা ক্রমে বাড়িতে থাকে এবং প্রথমে যে স্থানে জন্মে তথা হইতে বহুদূরেও জন্মিয়া থাকে।

কর্কট, কাঁকড়াশৃঙ্গী, কাঁকড়া; (গুণ) বায়ুপিত্তনাশক; (কাল কাঁকড়ার গুণ) বলকর, ঈষৎ উষ্ণ, বায়ুনাশক।

কর্কটশৃঙ্গিকা, কর্কটশৃঙ্গীবৃক্ষ।

কর্কটশৃঙ্গী, কাঁকড়াশৃঙ্গী; (গুণ) তিক্ত, গুরু, উষ্ণ, বায়ু হিক্কা শ্বাস কাশ পিত্ত স্রকনাশী।

কর্কচিকা, (Cancer) কর্কটরোগ।

কর্কটাহ্ব, বিল্ববৃক্ষ।

কর্কটাহ্বা, কাঁকড়াশৃঙ্গী।

কর্কটী, কাঁকুড়, সপুরিয়া কুষ্মাণ্ড।

কর্কটিনী, দারুহরিদ্রা।

কর্কটী, শাল্মলীফল, দেবদালী লতা, কর্কটশৃঙ্গী, এর্ব্বারু, কাঁকুড়, ঘোটিকা বৃক্ষ, ফললতা, কাঁকুড়; (গুণ) মধুর, শীতল; তিক্ত হইলে—রক্তপিত্তনাশী, কফদোষজনক; পক্ক হইলে—মূত্ররোগনাশক।

কর্কন্ধু, কলিবক্ষ, আমড়া।

কর্কন্ধু, বদরীবৃক্ষ, কুলগাছ।

কর্কশ, কম্পিল্য বৃক্ষ, গুঁড়া রোচনী,

কমড়াগুঁড়ি, কাশমর্দ্দ, ইক্ষু, বৃশ্চিকালী লতা।
কর্কশচ্ছদ, পটোল, শেওড়া।
কর্কশচ্ছদা, কোশাতকী বৃক্ষ, ঝিঙ্গা, দন্ধা বৃক্ষ।
কর্কশদল, পটোল।
কর্কশা, বৃশ্চিকালী বৃক্ষ।
কর্কশিকা, বনকোলি।
কর্কারু, কুষ্মাণ্ড।
কর্কারুক, কালিঙ্গ বৃক্ষ।
কর্কোটক, বিল্ববৃক্ষ, কাঁকরোল; (গুণ) শুক্র কফ পিত্ত নাশক, রুচিকারক।
কর্কোটী, কাঁকরোল।
কর্চুর, স্বর্ণ। বৃক্ষ বিশেষ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, কফ কাশ গলগণ্ডাদি-দোষ নাশক।
কর্চুরক, কাঁচা হলুদ।
কর্টিক্যাল, (Cortical) বল্কল বা বাহ্যাড়-ম্বর সম্পর্কীয়।
কর্ডা, (Corda) রজ্জু, তন্তুগুচ্ছ।
কর্ডি, (Cordae) স্নায়ু প্রভৃতির গুচ্ছ।
কর্ডী, (Cordee) প্রমেহাদি রোগে যন্ত্রণা-প্রদ বক্র লিঙ্গোচ্ছাস।
কর্ণ, (Ear) কাণ; (বৈদ্যকে) সুবর্ণালি বৃক্ষ, কাণছিড়া।
কর্ণ-অলিন্দ, (Vestifule) কর্ণের গহ্বর সমূহের মধ্যবর্ত্তী প্রকোষ্ঠ।
কর্ণকণ্ডু, কাণ চুলকাণি রোগ।
কর্ণকুহর, (Meatus of the ear) কর্ণের ছিদ্র, কর্ণপথ।
কর্ণগুথ, কর্ণনল।
কর্ণগূথক, কর্ণরোগ বিশেষ।
কর্ণনল, (Eustachian tube) গল-মধ্য হইতে মধ্য কর্ণ পর্য্যন্ত বিস্তৃত নল।
কর্ণনাদ, (Tinnitus aurium) কর্ণে ঘণ্টাধ্বনি প্রভৃতি অস্বাভাবিক শব্দ।
কর্ণপটহ, (Membrana Tympani) টিম্পেনম দেখ।
কর্ণপুষ্প, মোরট লতা।
কর্ণপূর, শিরীষ বৃক্ষ, নীলোৎপল, অশোক বৃক্ষ।
কর্ণপূরক, কদম্ব বৃক্ষ।
কর্ণপ্রতিনাহ, কর্ণরোগ বিশেষ।
কর্ণপ্রদাহ, কর্ণের আরক্ততা বেদনা ফুলা।
কর্ণমল, (Ear-wax) কাণের খইল।
কর্ণমূল, (Parotid gland) কর্ণের নিম্নস্থ বৃহত্তম গ্রন্থি, ইহা হইতে লালাস্রাব হয়।
কর্ণমূলপ্রদাহ,(Parotitis) কর্ণমূল ফুলা।

কর্ণশষ্কুলী, (The auricle of the ear) মস্তকপার্শ্ব হইতে বাহ্য কর্ণের যে অংশ বর্দ্ধিত।

কর্ণশম্বক, (Concha) কর্ণের হাঁড়ি।

কর্ণশূল, (Chalgia) কাণ বেদনা।

কর্ণস্রাব, (Ottorrhœa) কর্ণ হইতে পূঁজ রক্তাদি স্রাব, কাণপাকা।

কর্ণসংস্রাব, কর্ণরোগ বিশেষ।

কর্ণস্ফোটা, লতাবিশেষ,কাণ ফোটা ; (গুণ) কটু, তিক্ত, শীতল, সর্ব্ববিধ ভূতগ্রহ প্রভৃতি সর্ব্ব ব্যাধি বিনাশক।

কর্ণক্ষ্বেড়, কর্ণরোগ বিশেষ।

কর্ণাটী, হংসপদী বৃক্ষ।

কর্ণাভরণক, আরগ্বধ বৃক্ষ, শোঁদালু।

কর্ণারি, নদীসর্জ বৃক্ষ, আজন।

কর্ণিউ, (Cornu) শৃঙ্গ।

কর্ণিউয়া, (Cornua) শৃঙ্গসমূহ।

কর্ণিকা, পদ্মবীজ কোষ, অগ্নিমন্থ বৃক্ষ, অজশৃঙ্গী বৃক্ষ।

কর্ণিকার, বৃক্ষবিশেষ, স্থলপদ্ম, আরগ্বধ বৃক্ষ বিশেষ, ছোট শোঁদালু বৃক্ষ ; (গুণ) সারক, তিক্ত, কটু, উষ্ণ, কফ শূলোদর কৃমি মেহ ব্রণ গুল্ম নাশক।

কর্ণিয়া, (Cornea) চক্ষুর সম্মুখভাগে অবস্থিত স্বচ্ছাবরণ শার্দ্ধিমক, কণীনিকা।

কর্ণিয়াইটিস্, (Corneitis) কণীনিকা প্রদাহ।

কর্ণিকিউলম, (Corniculum) ক্ষুদ্র শৃঙ্গ।

কর্ণিকিউলা, (Cornicula) কর্ণিকিউলম শব্দের বহুবচন।

কর্ণিকিউলেটেড, (Corniculated) ক্ষুদ্র শৃঙ্গের ন্যায় প্রবর্দ্ধনশীল।

কর্ণিফরম, (Corniform) শৃঙ্গাকার।

কর্দ্দম, কর্দ্দ, কাদা ; (গুণ) শীতল, রুক্ষ, দাহ শোথ নাশক।

কর্দ্দমী, মুক্তার গুল্ম, মুগ গাছ।

কর্পস, (Corpus) শরীর, গাত্র।

কর্পরী, দারুহরিদ্রার কাথের তুঁতিয়া।

কর্পস ক্যালোসম, (Corpus callosum) বৃহৎ মস্তিষ্কের মূলস্থ সাদা শক্ত পদার্থ, এতদ্দ্বারা মস্তিষ্কের অর্দ্ধমণ্ডলদ্বয় সংযুক্ত আছে।

কর্পস ক্যাভারনোসম, (Corpus cavernosum) লিঙ্গের গাত্রস্থ অংশ বিশেষ।

কর্পস মিউকোসম,(Corpus mucosum) চর্ম্মের বর্ণদায়ক গভীর কোমল অস্বচ্ছ অংশ।

কর্পস লিউটিয়ম, (Corpus luteum) স্ত্রীবীর্য্য অর্থাৎ ডিম্ব বাহির হইয়া জরা-

যুতে আসিলে ডিম্বাশয়ে যে ক্ষত চিহ্ন থাকে।

কর্পসকেল, (Corpuscle) অনুকোষ, রক্তাণু।

কর্পসকিউলার, (Corpuscular) কর্পসকেল সম্বন্ধীয়।

কর্পাস, কাপাস।

কর্পাসী, কাপাস গাছ।

কর্পূর, স্বনামখ্যাত সুগন্ধি দ্রব্য ; (গুণ) শীতল, তিক্ত, কটু, শ্লেষ্মা রক্তপিত্ত তৃষ্ণা বিদাহ কণ্ঠস্থ দোষ ও উষ্ণ রোগ নাশক।

কর্পূর তৈল, কর্পূর স্নেহ ; (গুণ) কটু, উষ্ণ, কফ বাত রোগ নাশক, পিত্তকর।

কর্পূরনালিকা, পক্কান্ন বিশেষ।

কর্পূরমণি, পাষাণ বিশেষ।

কর্পোরা জেনিকিউলেটা(Corpora geniculata) মস্তিষ্কাংশ দৃষ্টি স্নায়ুপথ।

কর্পোরা ষ্ট্রায়েটা, (Corpora striata) মস্তিষ্কের অংশ বিশেষ, উহা দেখিতে পেয়ারা ফলের ন্যায়।

কর্ব্বুদার, কোবিদার বৃক্ষ, শ্বেত কাঞ্চন বৃক্ষ ; (গুণ) গ্রাহী, রক্তপিত্ত রোগে সুপথ্য।

কর্ব্বুদায়ক, শ্লেষ্মান্তক বৃক্ষ।

কর্ব্বুর, ধুস্তুর বৃক্ষ, জল, শঠি, নদী-নিষ্পাব ধান্য, স্বর্ণ, হরিতাল, কাঁচা হলুদ।

কর্ব্বুর ফল, সাকুরুণ্ড বৃক্ষ।

কর্ব্বুরা, বাবুই তুলসী, পারুল বৃক্ষ।

কর্ব্বুরক, হরিদ্রাভ বৃক্ষ, কাঁচা হরিদ্রা, কাল হরিদ্রা, কর্পূর হরিদ্রা।

কর্ভ, (Curve) কোণরহিত বক্রাংশ।

কর্ম্মজ, বটবৃক্ষ।

কর্ম্মফল, কামরাঙ্গা।

কর্ম্মমূল, কুশমূল।

কর্ম্মরঙ্গ, কামরাঙ্গা ; (গুণ) অম্ল, উষ্ণ, বাতহর, পিত্তকর ; (পাকা) মধুরাম্ল, বল পুষ্টি ও রুচিপ্রদ।

কর্ম্মরী, বংশলোচন।

কর্ম্মার, বাঁশ, কামরাঙ্গা।

কর্ষ, দুই তোলা পরিমাণ।

কর্ষিণী, ক্ষিরিণী বৃক্ষ।

কর্ষফল, বহেড়া।

কর্ষফলা, আমলকী ও হরিতকী বৃক্ষ।

কল, শুক্র, কোলি বৃক্ষ, শালবৃক্ষ।

কলকল, শালনির্য্যাস।

কল্‌চিকম অটমনেলি মেডো স্যাফ্রণ, বৃক্ষবিশেষ।

কল্‌চিসাই কর্মস, কল্‌চিকমের কন্দ।

কল্‌চিসাই সেমিনা, কল্‌চিকমের বীজ।

কলঞ্জ, দোক্তা তামাক।

কলধূত, রূপা।

কলধৌত, সোনা, রূপা।

কলন, বেতস বৃক্ষ।

কলন্ধু ঘোলাশাক।

কলভ, ধুতুরা গাছ।

কলভবল্লভ, পীলুগাছ।

কলভী, চঞ্চু বৃক্ষ।

কলম, স্বনামখ্যাত শালি ধান্য বিশেষ; রাঢ়দেশে জটাকল্‌মা নামে খ্যাত; ইহা সহজে পরিপাক হয়, স্বাদু, বল-কারক, রক্ত ও ত্রিদোষ নাশক, চক্ষুর হিতকর।

কলঃম, (Column) স্তম্ভ।

কলমুনার, (Columnar) স্তম্ভাকার।

কলমৃণি, (Columnæ) স্তম্ভ।

কলমোত্তম, গন্ধশালি।

কলম্ব, শাক নাড়িকা, কদম্ব, শর।

কলম্বক, ধারা কদম্ব, কলম্বী শাক।

কলম্বী, জলজ লতা, শাক বিশেষ, কল্‌মী শাক; (গুণ) স্তনদুগ্ধ ও শুক্রশ্লেষ্মা-কর, মধুর, কষায় এবং গুরু।

লকম্বুট, নবনীত।

কলম্বু, কল্‌মী শাক।

কলয়েড, (Colloid) শিরীশ বা লেহবৎ।

কলল, জরায়ু, গর্ভবেষ্ট চর্ম্ম। (Uterus.)

কললজ, ধুনা।

কললজোদ্ভব, সাল বৃক্ষ।

কলবিঙ্ক, কলিঙ্গক বৃক্ষ, চটক পক্ষী।

কলশি, চাকুল্যা।

কলস, বত্রিশ শের পরিমাণ।

কলহনাশন, পুতিকরঞ্জ।

কলকুল, বিষ।

কলকারী, উপবিষভেদ, বিষলাঙ্গলা; (গুণ) কটু, উষ্ণ, কফ বাত নাশক, গর্ভের অন্তশল্য নিষ্ক্রামক, পরম সারক।

কলঙ্ক, (Spot, Rust) কাল দাগ, মরিচা।

কলঙ্ক দর্শন, (Mucae volitantes) চক্ষুর সম্মুখে মাছির ন্যায় কাল দাগ সকল ভাসিয়া বেড়াইতে দেখা।

কলডি-স্যাক, (Caul-de-sac) ভ্রূণ আব-রক কোষ।

কলাপিনী, নাগর মুথা।

কলাপী, প্লক্ষ বৃক্ষ।

কলামক, কলম ধান্য।

কলায়, শমীধান্য বিশেষ, মটর; (গুণ) অল্প কষায়, মধুর, রক্তপ্রশমক, বলকর, সহজপাচ্য, অম্ল বায়ু ও পিত্তনাশক; (হারীত সংহিতা) বাত রুচি পুষ্টি ও আমদোষকর, পিত্ত দাহ ও কফ নাশক, শীতল এবং কষায়; শাকের

গুণ) মধুর, পিত্তশ্লেষ্মহর, গুরু, রুক্ষ; মূল—ভেদক ও বায়ু কোপনক।

কলায়া, গণ্ডদূর্ব্বা, মঞ্জিষ্ঠা।

কলারা, (Cholera) বিসূচীকা, ওলা-উঠা।

কলারিং ম্যাটার, (Coloring matter) বর্ণক পদার্থ, যাহা দ্বারা কোন বস্তুর রং হয়।

কলারিণ, (Cholerine) ওলাউঠার পূর্ব্ব-বর্ত্তী উদরাময়, সরল ওলাউঠা।

কলি, বিভীতক বৃক্ষ।

কলিক, (Colic) শূলবেদনা।

কলিকা, পুষ্পের কুঁড়ি।

কলিকারক, পূতিকরঞ্জ, কাঁটাকরঞ্জ, নাটাকরঞ্জ।

কলিকা পিক্টোনম, (Colica pictonum) চিত্রকরের শূলবেদনা, সীসশূল।

কলিকোয়েটিভ, (Colliquative) যে সকল স্রাব নিঃসরণে শীঘ্র দেহ ক্ষয় হয়, ঐ সকলের প্রতি এই বিশেষণ প্রয়োগ করা যায়।

কলিফ্লাউয়ার এক্সক্রিসেন্স, (Cauliflower Excresence) ফুলকপির ফুল বা কক্কুটের শিখার ন্যায় উপমাংস।

কলতানি, (Ichor) ক্ষতাদি হইতে দুর্গন্ধ-ময় পাতলা জলবৎ স্রাব, রসানি।

কল্ক, (Paste) কাঁচা অথবা শুষ্ক দ্রব্য শিলায় পেষণ করিয়া লইলে তাহাকে কল্ক বলা যায়; (বৈদ্যকে) বিভীতক বৃক্ষ।

কল্মস, (Miasma) ময়লা জলাদি হইতে সমুদ্ভূত দূষিত বাষ্প।

কল্যাপ্স, (Collapse) জীবনীশক্তির সম্পূর্ণ অবসাদ, পতনাবস্থা।

কলিঙ্গ বা কলিঙ্গক, ইন্দ্রযব।

কলিঙ্গা, তেউড়ী।

কলিদ্রুম, বহেড়া গাছ।

কলিন্দ, বহেড়া গাছ।

কলিফল, বহেড়া।

কলিমাল্য, পূতিকরঞ্জ।

কলিবৃক্ষ, বহেড়া গাছ।

কলোডিয়ম, কলোডিয়ন।

কলোফাইলম থ্যালেক্‌ট্রয়েডা ব্লুকোহশ, ক্ষুপবিশেষ।

কলোফাইলিন, কলোফাইলমের উপ-ক্ষার।

কলোসিন্থিডিস পল্পা, কলোসিন্থ পল্প।

কলোসিন্থিস বিটার কিউকম্বার, ইন্দ্র-বারুণী।

কলোসিন্থিন, কলোসিন্থের উপক্ষার।

কল্কফল, দাড়িম্ব বৃক্ষ।

কল্লক, কর্জ্জূর।

কল্পনী, কাঁচি।

কল্পবৃক্ষ, দেবদারু।

কল্মাশ, গন্ধশালি।

কল্য, মধু।

কল্যা, মদ্য, হরিতকী।

কল্যাণ, স্বর্ণ।

কল্যাণবীজ, মসূর।

কল্যাণিকা, মনঃশীলা।

কল্যালিনী, বলা, বহেড়া।

কল্যাণী, মাষপর্ণী।

কবক, ছত্রাক।

কবচ পত্র, ভূর্জপত্র।

কবড়, কবড়গ্রহ, দুই তোলা।

কবর, লবণ, অম্ল।

কবরী, মৎস্যবিশেষ ; (গুণ) মধুর, স্নিগ্ধ, বলকর, বায়ু ও কফনাশক।

কর্বরী, বাবুই তুলসী, হিঙ্গের পাতা।

কবল, কুল্লী, গ্রাস।

কবাটবক্র, বৃক্ষবিশেষ, কবাট-বেটু।

কবার, পদ্ম।

কবেল, কুবলয়, উৎপল।

কবোষ্ণ, ঈষদুষ্ণ।

কশা, মাংসরোহিনী।

কশেরু, পৃষ্ঠাস্থি, কেশুর ; (গুণ) গুরু,বিষ্টম্ভকর, শীতল।

কশেরুকা, (Vertebra) পৃষ্ঠবংশের এক এক খান অস্থি।

কশেরুক রজ্জু, (Spinal chord) পৃষ্ঠদণ্ডের মধ্যস্থিত রজ্জুবৎ স্নায়ুগুচ্ছ, পৃষ্ঠবংশের মজ্জা।

কশেরুক মাজ্জেয় ক্ষয়, (Locomotora-taxy) এক প্রকার পক্ষাঘাত ; পৃষ্ঠবংশের স্নায়ুগুচ্ছের পীড়া জন্য এই ব্যাধি জন্মে।

কষায়, রসবিশেষ, কষা ; (গুণ) ব্রণাদি-রোপক, গ্রাহী, শোষক, বায়ুকোপক, পাচনাদি, ক্বাথ ; পঞ্চ কষায় যথা— স্বরস, কল্ক, ক্বাথ, শীত ও ফাণ্ট ; নির্য্যাস।

কষায়কৃৎ, রক্তলোধ্র।

কষায়া, দুরালভা।

কষায়ী, শালবৃক্ষ, লকুচ বৃক্ষ, খর্জ্জুরী বৃক্ষ।

কষ্টরজঃ, (Dysmenorrhœa) যন্ত্রণাযুক্ত রজঃস্রাব, রজঃশূল।

কষ্টা, (Costa) পশু́কা, পঞ্জরাস্থি।

কষ্টিকম, কষ্টিক পটাশ, চূণ।

কষ্ট্যাল, (Costal) পঞ্জরাস্থি বা পার্শ্ব-সম্বন্ধীয়।

কষ্টো, (Costo) পশু́কাবাচক পূর্ব্বপদ, অর্থাৎ যে শব্দের পূর্ব্বে ইহা থাকে তাহার পূর্ব্বে পশু́কা বুঝায়।

কস্তীর, রঙ্গ।

কস্তুরিকা, কস্তুরী, মৃগনাভি, মৃগমদ, মৃগমৃগী, নাভি, মদ, বাতামোদ, যোজনগন্ধিকা, মদনী, গন্ধকোলিকা, বেধমুখ্যা, মার্জারী, মৃভগা, বহুগন্ধদা, সহস্রবেধী, শ্যামা, কামান্ধা, মৃগাঙ্গজা, কুরঙ্গনাভি, লতা, যোজনগন্ধা, মার্গ, গন্ধবোধিকা, কালাঙ্গী, ধূপসঞ্চারী, মিশ্রা,গন্ধ পিশাচিকা ; (গুণ) সুগন্ধ, তিক্ত, চক্ষুর হিতকর, মুখরোগ কিলাশ কফ দৌর্গন্ধ্য রক্তপিত্ত ছর্দ্দি নাশক।

কস্তুরী-মল্লিকা, মৃগমদ বাসা।

কসোমলিন, পেট্রোলিয়মের পরিশ্রুত সারাংশ।

কসো, কুশো, ফুলবিশেষ।

কস্প, (Cusp) দন্তমুকুটের সূক্ষ্ম বা বর্দ্ধিত অংশ।

কস্পিড, (Cuspid) সূক্ষ্ম অগ্রবিশিষ্ট, বার্ষর আকার।

কস্পেরাই করটেক্স, কস্পেরিয়া বার্ক।

কহ্লার, শ্বেতোৎপল, শুঁদি; (গুণ) কষায়, মধুর, শীতল, পিত্ত ও কফ রক্ত নাশক।

কঙ্করুহা, নাগর মুথা।

কঙ্কোথা, ভদ্রমুস্তা।

কঙ্ক্যা, গুঞ্জা, কুঁচ।

কাংস্য, কাঁসা; (গুণ) তিক্ত, উষ্ণ, চক্ষুর হিতকর, লঘু, দীপক,পাচক, পথ্যকর, অম্ল, পিত্তনাশক, বাত কফ বিকার নাশক, রুক্ষ, কষায়, রুচিকর।

কাংস্যনীল, নীলতুল্য।

কাইন্যানকি বা সাইন্যানকি, (Cynanchy): গলমধ্যস্থ যে মাংস দ্বারা গলাধঃকরণ, শ্বাসক্রিয়া বা বাক্যকথনের সাহায্য হয় তাহার প্রদাহ।

কাইম, (Chyme) আমাশয়ের ক্রিয়ায় পরিপাচিত অর্দ্ধজীর্ণ লেহাকার ভুক্ত দ্রব্য ; আমরস।

কাইমিফিকেশন, (Chymification) আমরস প্রস্তুতের প্রক্রিয়া।

কাইল, (Chyle) অসম্পূর্ণ পরিপাচিত ভুক্ত দ্রব্য ক্ষুদ্রান্ত্রে যে দুগ্ধবৎ শুক্ল পদার্থে পরিণত হয় তাহাকে কাইল বা পরিপক্ক রস কহে।

কাইলস বা কাইলেসস্, (Chylus or Chylacious) কাইল বা পক্করস বিশিষ্ট।

কাইলিফিকেশন, (Chylification) পক্করস প্রস্তুত প্রক্রিয়া।

কাইলিফেরস, (Chyliferous) পরিপক্করসবাহী।

কাইলুরিয়া, (Chyluria) দুগ্ধমূত্ররোগ ; এই রোগে কাইল মূত্ররূপে বহির্গত হয়।

কাইলোপেসিস, (Chylopoesis) পক্করস প্রস্তুত প্রক্রিয়া।

কাইষ্টীন, (Kiestine) গর্ভিনীর মূত্রোপরি পনিরের ন্যায় গন্ধবিশিষ্ট সর।

কাইনো, (Kino) কাইনো বৃক্ষের ঘনীভূত সার।

কাইনো বেঙ্গলেন্সিস, বেঙ্গল কাইনো, পলাস গঁদ।

কাউণ্টার, (Counter) প্রতিকূল।

কাউণ্টার-ইরিটেশন, (Counter-irritation) প্রত্যুত্তেজনা, প্রত্যুপদাহ। ঔষধদ্বারায় শরীরের একস্থানে উপদাহ জন্মাইয়া অন্য স্থানের উপদাহ দূরকরণ।

কাউণ্টার-ইরিট্যাণ্ট, (Counter-irritant) প্রত্যুগ্রতাসাধক ঔষধাদি।

কাউপক্স, (Cowpox) গোবসন্ত।

কাউপার্স-গ্ল্যাণ্ডস্, (Cowper's glands) পুরুষের মূত্রপথের কন্দ দেশের পশ্চাৎভাগে এবং স্ত্রীলোকের যোনির উভয় পার্শ্বে অবস্থিত ক্ষুদ্র গ্রন্থিদ্বয়।

কাককঙ্গু, চিনা-ধান্য।

কাককলা, কাকজঙ্ঘা বৃক্ষ।

কাকঘ্নী, মহা করঞ্জ।

কাকচিঞ্চী, গুঞ্জা, কুঁচ।

কাকজঙ্ঘা, স্বনামখ্যাত,বৃক্ষ, কেউঠেঙ্গা ; (গুণ) তিক্ত, উষ্ণ, কৃমি ব্রণ কফ অজীর্ণ বিষমজ্বরনাশক ; গুঞ্জা।

কাকজম্বু, ভূমিজম্বু, ক্ষুদ্র জম্বু, বনজাম ; (গুণ) কষায়, অম্ল, পাকে মধুর, গুরু, দাহ শ্রম অতিশার নাশক, বলবীর্য্য বর্দ্ধক।

কাকণ, কুষ্ঠবিশেষ।

কাকনন্তিকা, গুঞ্জা, কুঁচ।

কাকতিক্তা, গুঞ্জা, গুড়কামাই।

কাকতিন্দুক, মাকড়া গাব ; (গুণ) কষায়, অম্ল, গুরু, বাতবিকার নাশক ; (পক্ক) মধুর, কিঞ্চিৎ কফকর, বাস্তিপিত্ত নাশক।

কাকতুণ্ড, কালাগুরু।

কাকতুণ্ডিকা, কাকচিঞ্চা, গুঞ্জা।

কাকতুণ্ডী, বৃক্ষবিশেষ, কাকনাদী, কাকঠুঁটী, কাকপিলু, কাকশিম্বী, রক্তলা, বায়সী, কাকদন্তিকা ; (গুণ) কটু, উষ্ণ, তিক্ত, দ্রাবক, রসায়ন, বাতদোষহর, রুচিকর, পচন নিবারক। রাজরীতি, রাজপিত্তল।

কাকনামা, বকবৃক্ষ।

কাকনাস, বিকণ্টক বৃক্ষ।

কাকনাসা, কাকজঙ্ঘা বৃক্ষ।

কাকনাসিকা, কাকজঙ্ঘা বৃক্ষ, রক্তত্রিবৃৎ।

কাকপর্ণী, মুগানি।

কাকপীলু, কাকতিন্দুক, কাকতুণ্ডী, শ্বেত-গুঞ্জা।

কাকপীলুক, মাকড়া কেন্দু।

কাকপুষ্প, গন্ধপর্ণ।

কাকফল, নিম্ববৃক্ষ।

কাকভাণ্ডী, মহাকরঞ্জ।

কাকমর্দ্দ, মহাকাল লতা, মাকাল।

কাকমর্দ্দক, মহাকাল লতা, মাকাল।

কাকমাচী, ক্ষুদ্রবৃক্ষ বিশেষ, গুড়কামাই ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, কফশূল নাশক, শোথদোষ কুষ্ঠ কণ্ডু নাশক, ত্রিদোষ শমতা কারক, বৃষ্য, রসায়ন, অত্যন্ত শীতল অথবা অত্যন্ত উষ্ণ নহে, হৃদ্য এবং স্বেদক।

কাকমাতা, কাকমাচী, গুড়কামাই।

কাকমুদ্গা, মুগানি।

কাকযব, তণ্ডুল শূন্য ধান্য।

কাকরুহা, বন্দাবৃক্ষ।

কাকলীদ্রাক্ষা, নির্বীজ দ্রাক্ষা, বেদানা, কিশমিশ ; (গুণ) মধুর, অম্ল, রসাল, রুচিকর, শীতল, শ্বাস হৃল্লাস নাশক, জলবল্লভ।

কাকবল্লরী, স্বর্ণবল্লী।

কাকস্ফূর্জ, কাকতিন্দুক বৃক্ষ।

কাকা, কাকনাসা লতা, কাকোলী বৃক্ষ, কাকজঙ্ঘা বৃক্ষ, রক্তিকা লতা, কাকমাচী বৃক্ষ।

কাকাঙ্গা, কাকাঙ্গী বৃক্ষ।

কাকাঙ্গী, কাকজঙ্ঘা।

কাকাজালুক, কাকজঙ্ঘা।

কাকাঞ্চী, কাকজঙ্ঘা।

কাকাণ্ড, মহানিম্ব, কাকতিন্দু।

কাকাণ্ডা, কোলশিম্বী।

কাকাণ্ডী, মহাজ্যোতিষ্মতী লতা।

কাকাণ্ডোলা, কোলশিম্বী।

কাকাদনী, গুড়কামাই, গুঞ্জা, শ্বেত গুঞ্জা, কেল্যাকড়া।

কাকায়ু, স্বর্ণবল্লী।

কাকানী, কুচ, গুড়কামাই।

কাকেন্দু, কুলক বৃক্ষ, আকড়া কেন্দু।

কাকেষ্ট, নিম্ববৃক্ষ।

কাকেক্ষু, খাগড়া, কাশ।

কাকোদুম্বর, কাকডুমুর, ডুমুর।

কাকোডুম্বরিকা, কাকডুমুর, ডুমুর।

কাকোডুম্বরিকা, কাকডুমুর, ডুমুর ;(গুণ) শীতল, কষায়, ব্রণনাশক, গর্ভরক্ষক ও উহার উপকারক, স্তনদুগ্ধদায়ক।

কাকোলি, কৃষ্ণবর্ণ স্থাবর বিষ বিশেষ ; কাকোলী, কাকলা ; (গুণ) শীতল,

মধুর,ক্ষয় পিত্ত বায়ু নাশক; রক্ত-দাহ জ্বর নিবারক, কফ ও শুক্র-বর্দ্ধক।

কাকোল্যাদিগণ, কাকোলী, ক্ষীর-কাকোলী, পদ্মমূল, যষ্টিমধু, দ্রাক্ষা, মেদ, মহামেদ, কাঁকড়াশৃঙ্গী, জিরা, কৃষ্ণজিরা, পদ্মকাষ্ঠ, বংশলোচন, গুলঞ্চ, বৃহতী, কণ্টকারী, জীবন্তী। কাকোলী দুই প্রকার—কাকোলী ও ক্ষির-কাকোলী। উভয়ের গুণ যথা,—শীতল, শুক্রকর, মধুর, গুরু, বৃংহণক, বাত দাহ পিত্ত শোষ ও জ্বর নাশক, বায়ুনিবারক, রক্তপিত্তের শান্তি-কারক, জীবনীশক্তি বর্দ্ধক, পুষ্টিকর, স্তনদুগ্ধজনক ও কফবর্দ্ধক।

কাঙ্গা, বচ।

কাচ, কাচ লবণ, মোম, মৃত্তিকা বিশেষ, কাঁচ। (গুণ) ক্ষার-রসকর, উষ্ণবীর্য্য, অঞ্জনদৃষ্টিকারক।

কাচমল, কাচলবণ।

কাচলবণ, লবণবিশেষ, কালা লুণ; (গুণ) রুচিকর, ঈষৎ ক্ষার, পিত্তবৃদ্ধিকর, দাহকর, কফ বাত গুল্ম শূল নাশক, অগ্নিদীপক।

কাচসম্ভব, কাচলবণ।

কাচস্থলী, পারুল গাছ।

কাচিম, দেবকুলোদ্ভব বৃক্ষ, ভঙ্গারু, কচ্ছপ, জন্তুবিশেষ।

কাঞ্চন, স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ; ইহা দুই প্রকার—রক্তকাঞ্চন ও শ্বেতকাঞ্চন; (গুণ) কোবিদার শব্দ দেখ। নাগ-কেশর, ধুতুরা, চম্পক, উডুম্বর।

কাঞ্চনক, হরিতাল, কোবিদার বৃক্ষ।

কাঞ্চন কদলী, স্বর্ণ কদলী, চাঁপাকলা।

কাঞ্চনকারিণী, শতমূলী।

কাঞ্চনপুষ্পক, আহুল্য বৃক্ষ।

কাঞ্চনপুষ্পী, গণিকারী বৃক্ষ।

কাঞ্চনমাক্ষিক, স্বর্ণমাক্ষিক।

কাঞ্চনক্ষীরী, ক্ষিরিণী লতা।

কাঞ্চনার, কোবিদার বৃক্ষ।

কাঞ্চনাল, কোবিদার বৃক্ষ।

কাঞ্চনাহ্বর, নাগকেশর বৃক্ষ।

কাঞ্চনী, হরিদ্রা, স্বর্ণক্ষীরী, গোরোচনা।

কাঞ্চনীয়া, গোরোচনা।

কাঞ্চিক, কাঁজি।

কাঞ্চী, গুঞ্জা।

কাঞ্জিক; কাঁজি; (গুণ) বাত শোথ পিত্ত-জ্বর দাহ মূর্চ্ছা শূল ও আধ্মান নাশক, মর্দ্দনে ও ভক্ষণে দাহক, গাত্র-শৈথিল্যকারক, বলকারক ও সন্তর্প-নক, ভেদক, তীক্ষ্ণ, উষ্ণ, পিত্ত রুচি বস্তিশুদ্ধি ও অগ্নিবৃদ্ধিকর, স্পর্শে